বাংলার পাথী

তৃতীয় সংস্করণ

হগীয় জগদানক রাম

প্রকাশক

ইণ্ডিয়ান্ প্রেস পাব্লিকেশন্স (প্রাঃ) লিমিটেড, এলাহাবাদ

প্রকাশক বি. এন. মাথুর ইণ্ডিয়ান্ প্রেদ পাব্লিকেশন্স (প্রাঃ) লিমিটেড্ এলাহাবাদ

প্রাপ্তিস্থান :---

- ইণ্ডিয়ান প্রেম পাব্লিকেশল (প্রাঃ) লিমিটেড্, এলাহাবাদ।
- ২। ইণ্ডিয়ান্ পাব্লিশিং হাউস্, ২২।১ নং কণ্ডয়ালিস খ্রুট, কলিকাতা।

মূত্রক জীঅমলকুমার বহু ইণ্ডিয়ান প্রেল (প্রা:) লিমিটেড বারাণদী-শাখা, বারাণদী

পরম-স্রেহাস্পদ নবদ্বীপাধিপতি মাননীয় মহারাজ

শ্রীমান ক্ষৌণী**শচক্র** রায়

বাহাত্নরের

শ্রীকর-কমলে

নিবেদন

এই ছোটো পুতকথানিতে বাংলাদেশের সাধারণ পাথীদের পরিচয় দিয়াছি। আমাদের চোষের সন্ধান সর্বাই নানা ঘটনা ঘটে। চোষ ধুলিয়া সেগুলিকে দেখা এবং দেখিয়া কারণ অনুসন্ধান করা, একটা বড় শিক্ষা। এই শিক্ষার অভাব আমরা পদে পদে অনুভব করি। এই পুতকে পাথীদের যে সামাত্র পরিচয় দিলাম, তাহা পড়িয়া যদি আমাদের বালক-বালিকাদের কোতৃহল জালিয়া ৬ঠে, তবেই পুতক-রচনার য়ার্থক হইবে। পুতকের ভাষা যতদ্র সম্ভব সরস ও সরল করিবার চেটা করিয়ছি।

পুস্তকথানির প্রাক্তর্য পর্ট এবং ভিতরকার অধিকাংশ চিত্রই স্থনামধ্য
চিত্রকলাবিদ্ প্রছেয় শ্রীযুক্ত নম্পলাল বস্থ মহাধ্যের অন্ধিত। বঙ্জিন্
ছবিখানি বিশ্বভারতীর ছাত্র শ্রীমান মধীক্রভূবণ গুপ্ত অন্থন করিয়াছেন।
শিল্পী মহাশ্যবিধের সাহায্য না পাইলে পুস্তক-প্রকাশে বিন্ন ঘটিত।
তাই এই স্থযোগে ভাহান্তের ও প্রকাশক মহাশ্যবিধের সমীপে আন্তরিক
কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

শান্তিনিকেতন, আখিন. ১৩৩১ ।

গ্রীজগদানন্দ রায়



স্বৰ্গীয় জগদানন্দ রায় মহাশয়ের

বৈজ্ঞানিক গ্রন্থাবলী

	ণে পাঠকের জ	ত অতি স	ারল ভা	ষায় আং	निक दे	বজ্ঞানিক	
তত্ত্বের বি							
	১। প্রকৃতি-পরি	হৈয় (স্থিত	ীয় সংস্কর	۵)-۲.	96		
	২। প্রাকৃতিকী	(হিত	ীয় সংস্কর	9)-7	t o	.'-	
	৩। বৈজ্ঞানিকী						
	৪। সার্জগদী	শচন্দ্রের আ	বিষার (বিতীয় ব	শংস্করণ	₹.6•	
বালক	বালিকা ও মহি	লাদের পা	ঠের উপ	যোগী ত	যল্য হৈ	জ্ঞানিক '	
গ্ৰন্থাবলী ।	এমন সরল ভ	াধায় গলে	মতো ি	লখিত হৈ	ব্জানিক	পহক	
	আর নাই।				, ,, ,,	I	
51	গ্ৰহ-নক্ষত্ৰ	(চতৰ্ধ	मश्चरन ।	١		0.00	
21	বিজ্ঞানের গল				•••	> . ₹¢	
01	গাছপালা	() 4 5 / 11				6.00	
-	পোকা-মাকড়				•••	. 0	
¢ 1	মাছ-ব্যাঙ্-সাগ	(४२ गा) (क्रिकीश	MAIL)	`	•••	3.90	
- ·	পাখী	1 1 1 10 1 1	TK#/I	,	***		
91	वांश्नात भाशी	 () () () ()			•••	2.5€	
b-1	भंक	(५०।४	नरकप्रम्)	,	•••	₹*••	
91		• •	•••		•••	7.50	
•	আলো	•••	•••		•••	٤.۶۴ ک	
> 1	ट्रक	•••	•••		•••	. >.54	
22.1		•••	•••		•••	₹.६•	
36 1	স্থির বিছ্যুৎ	•••	•••		•••	2.60	
701	নকরে চেরা				- 1	হারত ১	

প্রাপ্তিশ্বান-

ইণ্ডিয়ান পাবলিশিং হাউদ্ ২২৷১ কর্ণওয়ালিদ্ খ্রীট্ কলিকাতা-৬




সৃচিপত্র

প্ৰথম কথা		***	•
স্ণা খা <u>শ্ৰেষ্</u> বী			
কাক			œ
হাঁড়িচাঁচা			74
শালিক			ं ३३
গো-শালিক ও গাং শালিক	•••		ર ૧
চড়ুই			90
খ ঞ্ন জাতি		***	8 ت
(मारम्	•••		৩৬
ফিঙে	•••		ده د
ছাতাবে	• • •		84
বৃ ল্ব্ল্		···	8>
হল্দে পাখী			¢۶
কোকিল			¢ g
পাপিয়া ও কুকো	•••		4.5
টিয়া		•/•	9.5
কাঠ ঠোক্ৰা		•-	99
বসস্ত বউরি	•••	•••	9 •
নীলকণ্ঠ			90

মাছবাঙা	***	***	92
বাঁশপাতি	***	***	9 ৮
টুৰ্টুৰি	•••	•••	40
শাত-স্মালি	***		७ २
ভরত পাখী	***		৮৩
তাল টোচ		***	b8
আবাবিদ		***	69
ৰাবুই	***	**	64
মণুপায়]	***	***	28
কপোত-জাতি			
পায়রা			36
হরিয়াল			> <
খুখু	***		2 . 4
তিতির ও বটের	**	***	906
भय्द			77°
सरभभ			228
চিল :		***	. >>>
শভা চিল		*	25 °
মাঠ চিপ		***	ડરર
শিক্রা		***) ? 8
য়া ছ		4	229
কোড়ল) ? b
শকুন		***	>0•
পেঁচা		**	201
			204

কূলেভর			
ব ক			78.
ডাহক			386
জ লপিপি			747
কালাখোঁচা			160
হাড়গিলা	***		>68
মানিকজোড় ও রামশালিক		•••	>60
অন্ত কুলেচর পার্থী		•••	760
স্বিস	***		700
সন্তর্গকারী			•
পানকোড়ি		***	১৬২
পানকোড়ি হাঁম		•••	>७१ >७१
			•
राँम	•••	***	>98
হাঁদ চকাচকি	•••	•••	>%a >90
হাঁস চকাচকি ভুব্বি ও নকিহাঁস	•••		>%a >9° >9?
ইাস চকাচকি ডুব্বি ও নকিইাস শবাল ও বালিইাস			>9¢ >9° >98



বাংলার পাখী

প্রথম কথা

পাথী জগদীধরের বড় ফুন্দর সৃষ্টি। শক্ন, হাড়গিলা প্রভৃতি বিশ্রী পাথা আছে বটে, কিন্তু অনেক পাথীই ফ্র্রী। তাই লোকে সথু করিয়া তাহাদের পোষে।

আমাদের চোধের সন্মুখ দিয়া কত পাখী উড়িয়া যায়,
বাড়ীর কাছের গাছে বসিয়া কত পাখী কত রকম শব্দ করে,
আমাদের মাঠে-ঘাটে কত রকম রকম পাখী চরিতে আদে,
কিন্তু আমরা তাহাদের সকলের নাম জানি না। ভা'ছাড়া
তাহারা কি খায়, কোখায় থাকে, তাহারও সন্ধান রাখি না।
ইহা অভায় নয় কি ! পাখীয়া ত আমাদেরি প্রতিবেশী। সমস্ত
দিন আমাদের প্রামেরই মাঠে-ঘাটে চরিয়া পেট ভরায়।

ভাহাদের সৰ থবর আমাদের জানিয়া রাখা উচিত নয় কি ? এই জন্ত সাধারণ জানা-শুনা কতকগুলি পাখীর কথা ডোমাদিগকে বলিব। সমস্ত পৃথিবীতে প্রায় পনেরো হাজার রন্ধনের পাখী আছে। ইহাদের প্রত্যেকের আকৃতিতে ত্ব চলাফেরার পার্থক্য আছে। এতগুলা পাখীর বিবরণ দিতে গোলে তিন-চারিখানা প্রকাশ্ত বই লেখার দরকার হয়। ভাই এই ছোটো বইখানিতে ভোমরা পৃথিবীর সব পাখীর পরিচয় পাইবে না।

যেমন শরীরের গড়ন, গায়ের রঙ্ ইত্যাদি দেখিয়া মামুখদের নানাজাতিতে ভাগ করা হয়, তেমনি পাখীদের আফুডি ও চাল-চলন দেখিয়া তাহাদিগকেও কয়েয়চি ভাগে ভাগ করা হইরা থাকে। সব পাখীর চাল-চলন একই রকম নয়, ইহা তোমরা লক্ষ্য কর নাই কি ? কাক, বক, শকুন ও হাঁস, এই চারিটি পাখার কথা বিবেচনা করা ঘাউক। ইহাদের প্রভাকেরই আফুতি ও প্রকৃতি কি সমান ? কাকের গায়ের রঙ্ কালো, ইহারা মরা জস্তু, ফল-মূল সবই খায়। আবার কখনো গাছের ভালে বসে, কখনো-বা মাটির উপরে চরিয়া বেড়ায়। বকের গায়ের রঙ্ সাদা, ঠাাং লক্ষা। ইহারা গাছের ভালে বসে বটে, কিন্তু প্রায়ই জলাশয়ের ধারে বেড়ায়য়া জয়য়ন্ত পোকা-মাকড় ও মাছের ঝোঁজে ঘুরিয়া বেড়ায়। ইহারা ফল-মূল পছন্দ করে না। শকুন প্রকাও পাখা; ইহারো ফল-মূল পছন্দ করে না। শকুন প্রকাও পাখা;

খায় বটে, কিন্তু বকদের মতো জলের ধারে বেড়ায় না। ইাসের কথা ভাবিয়া দেখ; ইহাদের চেহারা কাক, বক বা শকুন কাহারো মতো নয়। ইাসেরা গাছের ডালে বসিতে পারে না এবং জলের ধারে ঘ্রিয়া পোকা-মাকড়ও ধরিয়া খায় না। ইহারা জলে সাঁতার দিয়া পাঁকে মুখ ডুবায় এবং সেখানকার শামুক, গুণ্লি তুলিয়া খায়। ভাহা হইলে দেখ, এই চারি রকম পাখীর আকৃতি ও চাল-চলনে কত তকাং।

যাহা হউক, পাখীদের এই রকম আকৃতি-প্রকৃতি দেখিয়া নানা লোকে তাহাদিগকে নানা ভাগে ভাগ করিয়াছেন। সে-সব ভাগের কথা আমরা তোমাদিগকে বিদিব না। আমরা মোটামুটি চাল-চলন দেখিয়া পাখীদের শাখাশ্রায়ী, কপোড, শিকারী, কূলেচর ও সন্তরণকারী এই পাঁচ ভাগে ভাগ করিলাম। যে-সব পাখী ডালে বসিতে পারে, তাহাদের শাখাশ্রায়ী নাম দেওয়া হইল। কাক, কোকিল, মাছরাঙা, ইাডিচাঁচা, চড়াই, বাবুই, বুলবুল,—ইহারা সকলেই শাখাশ্রায়ী। হরিয়াল, ঘুঘু, ময়ুর,—ইহারা সকলেই কপোত অর্থাৎ পায়রা ভাতের পাখী; চিল, বাজ, শিকরা, পাঁচা ইত্যাদি পাখীরা, পোকা-মাকড় ও জন্ত-জানোয়ার ধরিয়া খায়, তাই ইহাদিগকে শিকারী পাখী বলা হইল। কাদাখোঁচা, জলপিপি, ডাহুক, বক, সারস প্রভৃতি পাখীরা নদী ও খাল-বিলের ধারে বেড়াইয়া পোকা-মাকড় ও ছোটো মাছের সন্ধানে ঘোরে। তাই ইহাদের নাম দেওয়া হইল কুলেচর। চকাচকি, হাঁস,

ভুবুরি, পানকে\ড়ি,—ইহারা জলের পোকা-মাকড় ও কেহ কেহ মাছও খায়, কিন্তু জলের ধারে চরিয়া বেড়ায় না; সাঁতার ও ডুব দিয়া জলের তলা হইতে শামুক-গুগ্লি ধরিয়া খায়। তাই এই রকম পাখীদের নাম দেওয়া হইল সন্তরণকারী।

শাখাশ্ৰয়ী কাক

আমাদের বাংলাদেশে কাক যত দেখা যায়, বোধ করি
অন্ত কোনো পাখী তত দেখা যায় না। খুব ভোর হইতে
সন্ধ্যা পর্যান্ত এই লক্ষীছাড়া পাখীর উৎপাতে অস্থির হইতে
হয়। কাকদের পূর্ববঙ্গের লোকে "কাউয়া" বলিয়াও ডাকে।

সাধারণ কাকদের ভোমরা সর্ব্বদাই দেখিতে পাও, তাই বোধ হয় উহাদের চেহারাখানা ভোমরা ভাল করিয়া দেখ

নাই। যে জিনিসকে আমরা সকল সময়েই কাছে পাই, চোথ থুলিরা তাহাকে পরথ, করি না, ইহা আমা-দের বড় দোষ। পাতি-কাকদের চেহারা কিন্তু নিতান্ত মন্দ নয়। ইহাদের ঘাড়, গলা, পিঠ ও বক ছাই



রভের পালকে ঢাকা ধাকে। লেজ, ডানা, মাথা ইত্যাদি বাকি অংশ কুচ্কুচে কালো। ঠোঁটগুলি কিন্তু ভারি বিশ্রী। কাকের ডাক যদি কোকিলের ডাকের মতো মিপ্তি হইড, ডাহা হউলে বোধ করি লোকে কাকগুলাকে থাঁচায় রাখিয়া পুষিত।

কাকেরা যত উৎপাতই করুক, তাহাদের কাছ হইতে যে আমরা কোনো উপকার পাই না, একথা বলা যায় না। মরা ইত্র, বিড়াল এবং পচা থাবার বাড়ীর বাহিরে ফেলিয়া
দিলেই কাকেরা তাহা চোঁটে করিয়া দূরে শইয়া যায়
এবং দেগুলিকে খাইয়া হজম করিয়া ফেলে। তা'ছাড়া
আরো অনেক নােংরা জিনিসও ইহারা খায়। তাই দেগুলি
মাঠে-ঘাটে পচিতে পায় না। যদি কাক ও অন্ত পশু-পক্ষীরা
এই রকমে পচা ও নােংরা জিনিস খাইয়া নষ্ট না করিত, তাহা
হইলে বাে্ধ করি ঐ সব জিনিসের হুর্গক্ষে পৃথিবীতে টেকা
দায় হইত। তাহা হইলে দেখ, কাকেরা আমাদের উপকাবও
করে। কিন্তু জালাতন করে তার চেয়ে অনেক বেশি। সমস্ত
দিন "কা—কা" শক্তে কানে তালা লাগাইয়া দেয়।

কাকেরা বড় চঞ্চল পাখী। তোমরা কখনো কাকদের চুপ করিয়া বসিয়া থাকিতে দেখিয়াছ কি ? আমরা কিস্তু কখনো দেখি নাই। ছুরস্ত ছেলেরা যেমন চুপ করিয়া বসিয়া কাহার বাড়ীতে গিয়া কাঁচা পেয়ারা ও টক্ কুল পাড়িয়া খাইবে ভাবিয়া লয়, কাকেরা কখনো কখনো চুপ করিয়া বসিয়া সেই রকমে ছুই মতলব ঠিক করে। তার পরে ফস্করিয়া উড়িয়া হয় ত তোমাদের রায়াখরের জানালায় বসিয়া খাবার চুরি করিবার জন্ম উকি দিতে পাকে অথবা ভোমাদের খোকার হাত হইতে খাবার কাড়িয়া লইয়া ছুট্ দেয়। ছোটো ছেলেমেয়েদের উহারা একট্ও ভয় করে না।

গঙ্গ-বাছুর ছাগল-ভেড়াদের কাকেরা যে কি-রকমে জ্বালাতন করে, একটু লক্ষ্য করিলেই ভোমরা তাহা দেখিতে

পাইবে। তোমাদের গরুটি চরিয়া আসিয়া হয় ত গোয়াল-ঘরের আভিনায় একট শুইয়া আছে, ইহা দেখিয়া কাকদের হিংদা হয়: কোণা হইতে উডিয়া আদিয়া তাহার ঘাডে কাপিয়া নাক কান বা চোখ ঠোকরাইতে আরম্ভ করে। গরু বেচারী চোখ বুজিয়া চুপ করিয়া পডিয়া থাকে; হাজার গা-ঝাড়া বা শিং-নাড়া দিলেও কাক পালায় না। ইহা कि কম তৃষ্টামির কথা! মনে কর, তুমি নাক ডাকাইয়া ঘুমাইতেছ, এখন যদি একটা কাঠি লইয়া ভোমার নাকে কানে ও চোখে থোঁচা দিতে আরম্ভ করা যায়, ইহাতে ভোমার রাগ হয় না কি ? কাকদের চুষ্টামিতে গরুরাও বোধ করি খুৰ রাগ করে—কিন্তু কাকদের সঙ্গে ঝগডায় পারিয়া উঠে না। গরু মাঠে চরিতেছে, হঠাং কোথা হইতে একটা কাক উডিয়া আসিয়া তাহার ঘাডে চাপিয়া বসিল,—ইহাও অনেক সময়ে দেখা যায়। কাকেরা বোধ হয় মনে করে, গরুগুলা ভাহাদের ঘোড়া। তাই ঘোড়-দোওয়ারের মন্তো গরুর পিঠে চাপিয়া থানিক দূর যায় এবং তার পরে হঠাৎ উড়িয়া পালায়। দেখ, কাকেরা হৃত ছন্ট। গরুর শিঙের উপরে চাপিয়া বেডাইয়া चानित्व, এ-व्रक्म मथ्छ काकामद्र मान कथाना कथाना प्रथा দেয়।

গ্রামের কোন্পাড়ায় কি হইতেছে, আমরা তাহার থবর লই না। কিন্তু কাকদের দৃষ্টি এড়াইয়া গ্রামে কোনো কাজ করা শক্তা। কোন্ বাড়ীতে ভোজ হইতেছে, নিমন্ত্রণ না হইলে আমরা জানিতে পারি না। কিন্তু কাকেরা গৃহত্তের চলাকেরা ও ব্যক্ততা দেখিয়াই বৃঝিয়া লয়, সেখানে একটা কিছু ব্যাপার আছে। তখন তাহারা বিনা নিমন্ত্রণেই সারি বাঁধিয়া প্রাচীরের বা ছাদের উপরে বসিয়া যায় এবং কোনে। জায়গায় খাবারের জিনিস অসাবধানে থাকিলে, তাহা ঠোঁটে লইয়া পালায়।

গায়ে থ্ব জার না থাকিলেও কাকদের সাহস অতাস্থ বেশি। বাজ বা শিকরা প্রভৃতি মাংসাণী পাখীকে উড়িয়া আসিতে দেখিলেই, ইহারা চীৎকার স্থক্ষ করিয়া দেয় এবং সেই চীৎকারে এ-পাড়া ও-পাড়া হইতে কাকেরা দলে দলে আসিয়া এক জায়গায় হয় এবং ভয়ানক গোলযোগ আরম্ভ করে। তাহারা কি বলে জানি না। বোধ করি বলে,—"ভারি অহ্যায়! আমাদের কাছে বাজ পাখা আসিবে কেন ৈ এ রাজ্য ত আমাদেরি!" যাহা হউক, শিকারী পাখীরা কাকদের এই চীৎকারে এক দণ্ডও সেখানে থাকিতে পারে না। বাড়ীতে একটা নৃতন বিড়াল বা কুকুর আসিলে, বাড়ীর কাকের দল চীৎকার আরম্ভ করে, ইহাও আমরা দেখিয়াছি।

কলিকাতা, ঢাকা প্রভৃতি বড় সহরের রাস্তার যদি একটা লোক গাড়ি চাপা পড়িয়া পা ভাঙে, তবে সে-জায়গায় একে একে হাজার লোক জড় হইয়া যায়। কেহ হা-ভৃতাশ করিয়া তৃঃথ প্রকাশ করে, কেহ বা উকি মারিয়া লোকটার চেহারা দেখে। পা-ভাঙা লোকটাকে যে কোলে তুলিয়া হাসপাতাশে রাখিয়া আসিবে, এমন বৃদ্ধি কিন্তু প্রায়ই কাহারে।
মাধায় আসে না। কাকদের মধ্যে ঠিক্ এই রকমই দেখা
যায়। কোনো রকমে যদি একটা কাকের পা বা ডানা
. ভাঙ্গিয়া যায়, অমনি পাড়ার সমস্ত কাক তাহার কাছে জমা
হইয়া চীৎকারে আকাশ কাটাইতে থাকে। কিন্তু পা-ভাঙ্গা
কাকটাকে একট্ও যত্ন করে না। বোধ হয়, পরক্ষার মুখচাওয়া-চাহি করিয়া বলে.—"হায় হায়। একি হ'ল।"

আমাদের মধ্যে একদল লোক ভয়ানক ভূতের ভয় করে,
—তাই তাহারা রাত্রিভে ভয়ে ঘরের বাহির হইতে চায় না।
মরা কাকের ডানা ও শরীরকে কাকেরা ঠিক্ ভূতের মডোই
ভয় করে। কোনো জায়গায় একটা কাকের ডানা ঝুলাইয়া
রাখিলে, কাকেরা ভয়ে তাহার ত্রিদীমানাতেও আসে না।
ফদলের ক্ষেতে কড়াই, গম ইত্যাদির অয়ুর বাহির হইলে,
কাকের দল আদিয়া সেকলিকে খুটিয়া খায়। তাই কাকদের
ভয় দেখাইবার জয় চায়ারা কখনো কখনো বাঁশ পুভিয়া
তাহাতে কাকের ডানা ঝুলাইয়া রাখে, ইহা ভোমরা দেখ
নাই কি?

বাড়াতে একটা নৃতন কুকুর আদিলে পোষা কুকুরগুলি তাহাকে কি রকমে তাড়া করে, তোমরা দকলেই দেখিয়াছ। তখন বোধ করি পোষা কুকুরগুলি মনে করে,—"এ বাড়ী আমাদের, এখানে অভ কুকুরকে আদিতে দিব না।" কাকদের মধ্যেও এই রকম দেখা যায়। এক-এক দল কাক

এক-এক বাড়ীতে গিয়া আড্ডা করে। এক বাড়ীর কাক যদি কোনো কারণে অন্ত বাড়াতে চরিতে যায়, ভবে সে এক দণ্ডও সেখানে থাকিতে পারে না। সে বাড়ীর কাকেরা **ভা**হাকে ঠোকরাইয়া ভাডাইয়া দেয়। কাকেরা যে এই রকমে বাড়ী • ভাগ করিয়া চরিতে বাহির হয়, তাহা তোমরা একটু লক্ষ্য করিলেই বঝিতে পারিবে। কাকের ভানার পালকের রঙ মিশ মিশে কালো। কিন্ত কখনো কখনো এক-একটা কাকের ভানায় চুই একটা সাদা পালকও দেখা যায়। এই রকম সাদা পালক-ওয়ালা একটা কাককে আমাদের বাডীতে পাঁচ বংসর ধরিয়া আসিতে দেখিয়াছি। সে প্রতিদিনই থুব ভোরে অশ্র কাকদের সঙ্গে আসিত এবং সন্ধ্যার সময়ে উডিয়া ঘুমাইতে যাইত। পাঁচ বংসরের মধ্যে একদিনও তাহাকে অসুপস্থিত দেখি নাই। তার পরে হঠাৎ একদিন তাহাকে দেখা গেল না। বোধ করি, বড়ের মধ্যে উড়িতে গিয়া ভাহার পা থোঁড়া হইয়া গিয়াছিল। যাহা হউক, লক্ষ্য করিলে হয় ত তোমরাও দেখিবে, একই দল কাক দিনের পর দিন, তোমাদের বাডীতে আসিয়া দিন কাটায়।

অধিকাংশ পাখাই বারো মাস বাসায় থাকে না। ডিম পাড়িবার সময় হইলে তাহারা বাসা বাঁধে এবং সেখানে তুই-এক মাস বাচ্চাদের পালন করিয়া বাসা ছাড়িয়া দেয়। তখন গাছের ডালে বসিয়া ,ভাহাদিগকে রাত্রি কাটাইতে হয়। কাকেরাও এই রকমে বংসরের বারো মাসের মধ্যেদশমাস গাছের ডালে বসিয়া হিমে-শীতে রাত কাটায় এবং বৃষ্টিতে ভিজে।

তোমরা হয় ত ভাবিতেছ, ইহারা রাত্রি হইলে সম্মূথে যে

গাছ পায় তাহাতে বদিয়া রাত কাটায়। কিন্তু তাহা নয়।
গ্রামের বাহিরে নির্জন জায়গায় ইহাদের এক-একটা গাছ
ঠিক্ করা থাকে; সন্ধ্যা হইলে এক গ্রামের বা ছই-তিন গ্রামের
কাকেরা চারিদিক হইতে উড়িয়া সেই গাছের ভালে বনে।
এই গাছ ছাডা অফ গাছে তাহারা রাত কাটাইতে চায় না।

তোমরা ঐ রকম গাছ দেখ নাই কি ? কেবল যে কাকেরাই এই গাছে থাকে, তাহা নয়। শালিক ও বকদেরও একই গাছে এক দঙ্গে থাকিতে দেখা যায়। তোমাদের প্রামের বাহিরে পুকুরের খারে এই রকম গাছ খোঁজ করিলে হয় ত দেখিতে পাইবে। শালিকেরা রাত কাটাইবার জন্ম সক্ষাাবেলায় গাছে আদিলে, ভয়ানক চেঁচামেচি এবং পরম্পের বগড়াবাটি করে। কিন্তু কাকেরা তাহা করে না। প্রাম হইতে দলে দলে ফিরিয়া প্রায়ই কাছের একটা গাছে বিদয়াপ্রাণ ভরিয়া প্রায়ই কাছের একটা গাছে বিদয়াপ্রাণ ভরিয়া সকলে চেঁচাইয়া লয়। বোধ হয়, সমস্ত দিনে ক কাহার বাড়ীতে গিয়া কি রকম স্থামি করিয়াছে, সেই সব কথাই পরস্পর বলাবলি করে তার পরে উহাদের সভা ভঙ্গ হয় এবং নিঃশব্দে দে গাছ ছাড়য়া নির্দিষ্ট গাছের ভালে বিদয়া ঘুমাইবার আয়োজন করে।

কোকিল ও শালিকদের ঘুম বড় পাত্লা, রাত্রে অকারণে

হঠাং তাহাদের ঘুম ভাঙ্গিয়া যায়। তোমরা যেমন রাত্রে স্বপ্ন দেখিয়া কথনো কখনো ঘুমের ঘোরে চেঁচাইয়া উঠ, ছই একটা শালিক প্রায়ই সেই রকম চেঁচাইয়া উঠে এবং সেই সঙ্গে গাছের সব শালিক এক সঙ্গে চীংকার আরম্ভ করে। ইহা তিয়েমরা শুন নাই কি ? কিন্তু কাকদের মধ্যে এই রক্মে ঘুমের ঘোরে চীংকার করা প্রায়ই শুনা যায় না। খুব ফুটফুটে জ্যোগরা-রাত্রিছে কথনো কখনো ইহাদের ছই একটা ভাক শুনা যায়। ভোরের আলো চোখে পড়িলে কাকেরা কিন্তু আর ঘুমাইতে পারে না। বোধ হয় ভাহারা জ্যোগয়োর আলো-কে ভোরের আলো ভাবিয়া চীংকার স্কুকরে।

খুব ভোরে কাকেরা কি রকমে গাছ ছাড়িয়া চরিতে বাহির হয়, তাহা বোধ হয় ভোমরা দেখ নাই। যখন দ্রের মানুষ চেনা যায় না, এ রকম অন্ধকার থাকিতেই তাহারা দলে দলে গাছ ছাড়িয়া বাহির হয়। কিন্তু ইহাদিগকে যে-দিকে ইচ্ছা সে-দিকে যাইতে দেখা যায় না। দেখিলেই বুঝা যায়, প্রত্যেক দলেরই এক-একটা গ্রাম চরিবার জ্যা ঠিক্থাকে। সেই সব গ্রাম লক্ষ্য করিয়া তাহারা ছুট্ দেয়। তার পরে গ্রামে পৌছিয়া কেহ গৃহস্তের বাড়ীতে, কেহ খাবারের দেকানে, কেহ বা গোটেল-খানায় গিয়া আহারের সন্ধান করে। নদী বা মাঠের ব্যথান কাকেরা গ্রাহাই করে না। এপারের কাক নদীর ওপারের গাছে রাত কাটাইয়া আমে. ইহা প্রায়ই দেখা যায়।

কাকের গায়ে কি রকম হুর্গন্ধ, তাহা বোধ করি তোমরা জানো না। যেমন নোরো জিনিস খায়, তেমনি হুর্গন্ধ; কাছে দাঁড়ানো যায় না। কিন্তু কোনো দিনই ইহাদের স্নান বাদ যায় না। তোমরা কাকের স্নান দেখ নাই কি ? আমরা যেমন সমস্ত দিন খাটয়া-খুটয়া কখনো কখনো সন্ধ্যার সময়ে গা-হাত-পা ধুই ও স্নান করি, কাকেরাও ঠিক্ তাহাই করে। বাসায় ফিরিবার আগে ইহায়া নদী বা পুকুরের জলে নাময়া টোট্ দিয়া গায়ে জল ছড়ায় এবং হুই ডানা মেলিয়া ফট্ফট্ শব্দ করে। কাকদের এই রকম স্নান দেখা বড় মজার। সমস্ত গা ইহায়া কখনই ভিজায় না,—তাই গায়ের গন্ধ যায় না।

দাড়কাক তোমরা সকলেই দেখিয়াছ। পাতি-কাকদের চেয়ে ইহারা আকারে বড়, এবং গড়ন যেন কতকটা লম্বাটে রকমের। ইহাদের সমস্ত শরীরটা মিশ্মিশে কালো। দাড়কাকেরা সাধারণ কাকদের মতো ছেলেমান্যী বা ছষ্টামি

করে না। ইথাদের মেজাজ খুবই গঞ্জীর।
তা' ছাড়া সাধারণ কাকদের মতো কথনই এক গাছে থাকিয়া ইহারা রাত্রি কাটায় না। ইহাদের বাসাও থুব নিরিবিলি জায়গার দেখা যায়। দাড়-



দাঁডকাক

কাকেরা যতই ভালো হউক,—ইহাদের গলার স্বর কিন্তু বড় কর্কশঃ ছপুরবেলায় নিমগাছের মাধায় চাপিয়া যখন "কোরাও—কোরাও" শব্দে চীংকার করে, তথন বাস্তবিকই ইহাদিগকে গুলি করিয়া মারিতে ইচ্ছা হয়। ইহারা পাতিকাকদেরই মতো নোরো জিনিব বাইতে ভালবাদে। নদীর প্রোতে মরা গরু-বাছুর ভাদিয়া যাইতেছে,—ছই-তিনটা,
দাঁড়কাক তাহার উপরে চড়িয়া পচা মাংস ছি ড়িয়া খাইতেছে,
ইহা আমরা অনেক দেখিয়াছি। দাঁড়কাকদের এই কাও দেখিতে ভারি বিশ্বী লাগে। নির্জন জায়গায় হ'একটা দাঁড়কাককে এই রকমে মাংস ছি ড়িয়া খাইতে দেখিলে ভয়ও করে। তাই বোধ করি লোকে বলে, দাঁড়কাক যমের দৃত।

সাধারণ কাকেরা কি প্রকার হুই ও সাংসী, তোমাদিগকে তাহা আগেই বলিয়াছি। চিলের মতো ভয়ানক পাথীকেও ইহারা ভয় করে না। বিনা কারণে কাকেরা চিলের পিছুপিছু গিয়া তাহার লেজ ধরিয়া টানাটানি করিতেছে, ইহাও আমরা দেখিয়াছি। কোকিল ও পাঁচাগুলাকে ত ইহারা জ্বালাতন করিয়া অস্থির করেই। কিন্তু আশ্চর্য্যের বিষয়, দাঁড়কাকদের কাছে পাতি-কাকেরা খুব অস্কে থাকে। ইহারা দাঁড়কাকদের গায়ে থোঁচা মারিতেছে, বা লেজ ধরিয়া টানিতছে, ইহা আমরা কখনও দেখি নাই।

যাহা হউক, কাকদের এত তৃষ্টামি থাকিলেও তাহার। বাচ্চাদের বড় ভালবাদে। কোকিলেরা লুকাইয়া কাকের বাসায় ডিম পাড়িয়া আসে। কাকেরা ডিমগুলিকে নিজেদেরি ডিম ভাবিয়া তাহাতে তা দেয়, এবং তাহা ফুটাইয়া বাচ্চা বাহির করে। এই পরের বাচ্চাদেরও কাকেরা খুব যত্নে পালন করে। বোধ করি বাচ্চাদের খুব ভালবাসে বলিয়াই কোন্টি নিজের বাচ্চা এবং কোন্টিই বা কোকিলের বাচ্চা, ভাহা কাকেরা চিনিতে পারে না।

বড় হইয়া উড়িতে শিখিলেও কাকদের বাচচা বাপ-মার কাছ ছাড়া হইতে চায় না। আকাশ-পাতাল হাঁ করিয়া তাহারা কেবলই খাবার চায়। আমাদের বড় ছেলেরা যদি এই রকমে বাপ-মার কাছে খাবার চাহিত, তাহা হইলে হয় ত বাবা ও মা তাহার গালে চড় মারিতেন। কিন্তু কাকদের বাপ-মা সে-রকম কিছুই করে না। বুড়ো বুড়ো ছেলের অনেক আব্দার, তাহারা থ্ব শাস্ত হইয়া সহা করে। তাহাদের মুখের মধ্যে নিজেদের ঠোঁট প্রবেশ করাইয়া মুখের খাবার তাহাদের খাওয়য়। এজন্য কাকদের সত্যই মুখ্যাতি করিতে হয়।

কাকদের স্ত্রী-পুক্ষরে মধ্যে ভাবও থুব বেণী। এক-এক জোড়া কাক সমস্ত বংসরই কাছে কাছে থাকে এবং একই জায়গায় চরিয়া বেড়ায়। অস্ত পাথীদের মধ্যে ইহা প্রায়ই দেখা যায় না। তাহাদের অনেকেই ডিম-পাড়ার সময়ে কেবল স্ত্রী-পুরুষ একত্র থাকে। তার পরে বাচচা বড় হইলে কেহ কাহারো সন্ধান রাখে না। অস্ত কাজ থাকিলে স্ত্রী ও পুরুষ কাক কাছাকাছি হইয়া একে অন্তের গায়ে ও মাথায় ঠোট দিয়া স্কুড়ফ্ডি দিডেছে, ইহা প্রায়ই দেখা যায়। ইহা

দেখিলে মনে হয়, যেন কাকেরা পরক্পরকে আদর করিভেছে।
তাহা হইলে দেখ, কাকদের আগাগোড়াই যে হুষ্টামিতে ভরা,
তাহা নয়। ইহাদের হুই-একটা ভালো গুণও আছে।

এত চালাক-চতুর পাখী হইলেও কাকদের বাসাগুলি কিন্তু ভারি বিশ্রী। বাসা তৈয়ারিতে তাহারা একটও বৃদ্ধি থরচ করিতে পারে না। শুক্নো সরু ডাল, ঘাস,খড়,কাগজের কুচা, আরে কড ছাই-ভস্ম দিয়া তাহারা বাসা বানায়। কখনো কখনো লোহার তার ও টিনের টুকরাও তাহাদের ৰাগায় পাওয়া যায়। কিন্ত এগুলিকে বাসায় পরিপাটি করিয়া সাজানো দেখা যায় না। কোনো রকমে সেগুলিকে ভালে আটকাইয়া ভাহারি উপরে কাকেরা পাঁচ-ছযুটা করিয়া ফিকে নীল রঙ্গের ডিম পাডে। কোকিলের ডিম কাকের ডিমের চেয়ে ছোট এবং তাহার রঙ্কতকটা দবুজ এবং সবুজের উপরে আবার হলদে পোঁচও থাকে। কাকেরা কোকিলের ডিমকে নিজের ডিম ভাবিয়া কেন যে ভাহাতে তা দেয়, তাহা বুঝা যায় না। অনেক পাখীদেরই স্ত্রী ও পুরুষে মিলিয়া বাদা বাঁধে। কিন্তু কাকদের মধ্যে তাহা দেখা যায় না। স্ত্রী-কাকেরাই খড়কুটা কুড়াইয়া বাসা বাঁধিতে খাটিয়া মরে। পুরুষ-পাথী নিদ্ধা ইইয়া বসিয়া ঘাড বাঁকাইয়া ন্ত্রীর কাজের তারিফ করে। কিন্তু বাসায় ডিন পাডা হইলে পুরুষ-কাকেরা আর ফাঁকি দিয়া বসিয়া থাকিতে পারে না। তথন তাহাদিগৰে বাদার চারিদিকে ঘুরিয়া ডিমের পাছারা

াদতে হয়। কিছে, পঁয়াচা, চিল, চড় ই, পায়রা, ঘুষু সকল পাখীই কাকদের উপরে ভারি চটা। তাই সব পাখীই স্থবিধা পাইলে কাকদের বাসায় গিয়া ডিম নই করার চেষ্টা করে। ডিম হইতে কাকদের যে-সূব বাচনা বাহির হয়, তাহাদের গায়ের রঙ্হয় কডকটা গোলাপি, কিন্তু কোকিলের বাচনাদের রঙ্হয় কালো। কাকেরা এই রঙ্দেখিয়াও কোন্টি নিজেদের বাচনা ও কোন্টিই বা কোকিলের বাচনা ঠিক্ করিতে পারে না। ইহাতে বড় আশ্চর্যা লাগে। তা' ছাড়া কোকিলের বাচনায় যত শীঘ্র বড় হয়, কাকের বাচনারা তত শীঘ্র বড় হয় না। আমরা ইহা ব্ঝিতে পারি, কিন্তু বোকা কাকেরা ভাহা একট্ও ব্ঝিতে পারে না।

হাঁড়িচাঁচা •

আমরা যাধাকে হাঁড়িচাঁচা বলি, তাহার যে কত রকম নাম আছে, তাহা বোধ করি বলিয়াই শেষ করা যায় না। হাঁড়িচাঁচাদের কোট্র, টাকাচোর, কাশক্শি, ক্যাচ-কাও, মহালাট্ ইত্যাদি অনেক নামে ভাকা হয়।

হাঁড়িচাঁচারা কাকবর্গেরই পাখী। একটু থেঁজ করিলে তোমরা প্রামের জঙ্গলে বা বাগানে ইহাদের দেখিতে পাইবে। লম্বায় ইহারা প্রায় এক হাতের কাছাকাছি,—ইহার মধ্যে বোধ করি লেজটাই আধ হাত লম্বা। হাঁড়িচাঁচার বৃক্ ও গলার পালক প্রায় কালো এবং শরীরের আর অংশের রঙ্ কতকটা খয়েরি। ডানার কতক পালকের রঙ্ আবার ধ্সরও আছে। একবার বাগানে গিয়া তোমরা এই পাখীকে লম্ব্য করিয়ো। গায়ে নানা রকম রঙ্ থাকে বলিয়া ইহাদিগকে দেখিতে ফুলরই বোধ হইবে। লেজের মাঝের হুইটি পালক লম্বায় প্রায় এক ফুটের কাছাকাছি। লেজের অশ্ব ছোটো হইয়া গিয়াছে। ভাই লেজ দেখিলে মনে হয়, ভাহার পালকগুলি যেন থাকে-থাকে সাজানো রহিয়াছে।

যবন নে বিষয়ে বিষয়ে ইহারা চেউয়ের মতো গতিউট্ সেই গাছি উইতে অন্ত গাছে উড়িয়া যায়, তথন ইহাদিগকে কল দেখায় না। তোমরা লক্ষ্য করিলে দেখিবে, লেজের পান্তকের শেষে একটা কালো রঙের ছোপ আছে।

হাঁড়িচাঁচার ডাক ডোমরা শুনিয়াছ কি ? ইহারা নানা স্থারে ডাকিতে পারে। হাতা দিয়া হাঁড়ি চাঁচিতে থাকিলে যে "কাঁচ কাঁচ" শব্দ হয়, ইহারা প্রায়ই সেই রকম বিশ্রী বারে চাংকার করে। এই ডাক হইতেই এই পাখীদের নাম হাঁড়িচাঁচা হইয়াছে। ইহা ছাড়া "টুক্-লি টুক্-লি" এই রকম শব্দও তাহাদের গলা হইডে বাহির হয়। এই ডাক শুনিতে বড় মিই। বোধ করি, ইহাই হাঁড়িচাঁচাদের গান। পাতার আড়ালে নিরিবিলি বিদয়া ইহারা ঐ রকমে ডাকিতে থাকে।

গলার বর ও গায়ের রঙ্ ভালো হইলেও পাখীগুলা কিন্তু ভারি বদ্। অতা পাখীদের ডিম চুরি করিয়া থাওয়া ইহাদের একটা প্রধান দোব। এমন কি, কাক, পাাচা প্রভৃতি পাখীরাও ডিম পাড়িলে ইাড়িচাঁচাদের ভয়ে অস্থির হইয়া থাকে। পায়রা ও ঘুঘুদের বাচচা ও ডিম এই ডাকাভদের দলের উৎপাতে বাসায় রাখা দায় হয়। তোমরা হয় ভ ভাবিভেছ, ইাড়িচাঁচারা কেবল অতা পাখীদের ডিম ও বাচচা খাইয়াই বাঁচিয়া থাকে। কিন্তু ভাহা নয়। ফল-ফুল, পোকা-মাকড়

কিছুই তাহাদের গ্রাস হইতে মৃক্তি পায় না। তা' ছাড়া
টিক্টিকি, গিরগিটি, আরস্থলার ত কথাই নাই। সাম্নে
পাইলেই এগুলিকে তাহারা খাইয়া ফেলে। শুনিয়াছি,
ছোট ছোট সাপ সাম্নে পাইলে হাঁড়িচাঁচারা খাইতে,
ছাড়ে না। ইহাদের ছোটো পেটগুলি যেন কিছুতেই ভরিতে
চায় না,—তাই সমস্ত দিনই কেবল খাই-খাই করিয়া বেড়ায়।
শুনিয়াছি, খাবার বেশি পাইলে ইহারা অসময়ের জন্ম
যেখানে সেখানে লুকাইয়া রাখে।

ইাড়িচাঁচাদের বাসা ভোমরা দেখিয়াছ কি ? বৈশাখ-ছোষ্ঠ
মাসে বাগানের গাছের উচু ডালে ইহারা বাসা বাঁধে।
ইহাদের বাসার হাব্জা-গোব্জা ডাই-ভন্ম ছাড়া আর বেশি
কিছু দেখা যায় না। গাছের উচু ডালে বাসা ধাকে বলিয়া
অক্স কন্ত জানোয়ারে বা পাখীতে ইহাদের ডিম নই করিতে
পারে না। কিন্ত চেষ্টার ক্রটি হয় না—কাক, কোকিল, ফিঙে,
চিল সকলেই হাড়িচাঁচাদের ডিম চুরি করিবার জন্ত বাসার
চারিদিকে ঘুরিয়া বেড়ায়়। তাই যখন প্রী-ইাড়িচাঁচা ডিমে
তা দিতে বসিয়া যায়, তখন পুরুষটা বাসার কাছের ডালে
বসিয়া পাহারা দেয়। এই সময়ে যদি কেহ গাছের ভলায়
যায়, তবে পাহারাওয়লা পাখী ফস্ করিয়া উড়িয়া তাহাকে
ঠোকর মারে। আমরা ছেলেবেলায় বাসার কাছে গিয়া
একবার হাড়িচাঁচার ঠোকর খাইয়াছিলাম। ইহাদের ঠোঁটে
ভয়ানক ধার,—যেখানে ঠোকর দেয় দেয়া হইতে রক্ত

বাহির হয়। ইাজিচাঁচাদের ডিম বোধ করি তোমরা দেখ নাই। আমরা একবার বাসা হইতে পাড়িয়া দেখিয়াছলাম, ইহাদের ডিম সব্জ; সেই সব্জের উপর আবার ছিটা-কোঁটা •থাকে। শুনিয়াছি, কখনো কখনো ইহাদের ডিম গোলাপি রডেরও হয়।

শালিক

কাক যেমন সর্ব্বদাই দেখা যায়, শালিকও সেই রক্ম দিনের বেলায় মাঠে-ঘাটে ও বাড়ীতে প্রায়ই নক্সরে পড়ে।

তোমাদের বাড়ীর আঙিনায় যথন শালিকের দল চরিয়া বেডাইবে, তথন লক্ষ্য করিয়ো। দেখিতে পাইবে. ইহাদের বুকের কতকটা অংশ, গলা এবং মাথা কালো পালকে ঢাকা। ডানা তথানির উপরটাও কালো; ইহা ছাড়া শরীরের অন্ত অংশ গাট খয়েরি রঙ্কের পালকে ঢাকা। হঠাৎ দেখিলে মনে হয় বুঝি শালিকের গায়ে সাদা পালক নাই। কিন্তু তাহা নয়, যখন ইহারা ডানা গুটাইয়া চরিয়া বেডায় তখন প্রত্যেক ডানায় একটা করিয়া সাদা পালক দেখা যায়। তা' ছাড়া যখন ইহারা ডানা মেলিয়া এক গাছ চইতে অন্য গাছে উডিয়া যায়, তখন ডানার তলায় অনেক সাদা পালক নজরে পড়ে। লেঞ্জের পালকের ডগাগুলির রঙ্ও <mark>আবার</mark> সাদা। শালিকদের পা ও ঠোটের রঙ বড ফুলর। ঠিক যেন কাঁচা হলুদের মতো। চোখের নীচেকার রঙ্ও হলদে।

শালিকদের চলা তোমরা দেখিয়াছ কি ? ইহারা প্রায়ই চড়ুইদের মতো লাফাইয়া চলে না। বাগানের ঘাসের মধ্যে যথন পোকা খুঁজিয়া বেড়াইবে, তথন লক্ষ্য করিয়ো। দেখিবে, ইহারা আমাদেরি মডো একে একে পা কেলিয়া
চলে এবং দরকার হইলে দৌড়াইয়া বেড়ায়। শালিকদের
পরস্পারের মধ্যে ভাব না থাকিলেও চরিবার সময়ে
ইহারা দলবদ্ধ হইয়া বাহির হয়। আমাদের বাড়ীর
সম্মুখের মাঠে একদিন পঁচাতরটা শালিককে এক জায়গায়
চরিতে দেখিয়াছিলাম।

এক দক্ষে অনেকে চরিতে বাহির হইলেও শালিকেরা ভয়ানক ঝগডাটে পাখী। ছোটো ছেলেরা যেমন কখনো . পরম্পর হাসিথুসি করে, আবার সামাক্ত কারণে কখনো মারামারি জুড়িয়া দেয়, ইহাদের মধ্যে ঠিক সেই রকমটিই দেখা যায়। কোনো কারণ নাই, হঠাৎ চুইটা শালিক রাগিয়া মাটিতে গড়াগডি দিয়া পরস্পরকে ঠোকর দিতে আরম্ভ করিল, ইহা প্রায়ই দেখা যায়। পালোয়ানেরা কুস্তির সময়ে ল্যাঙ্ মারিয়া একে অন্তকে হারাইতে চেষ্টা করে। ইহা তোমরা হয়ত দেখিয়াছ। শালিকেরা ঝগড়ার সময়ে সৈই রকমে পায়ে পা বাধাইয়া লডাই আরম্ভ করে। বৈশাথ-জৈচি মালে যখন ঘর-সংসার পাতিয়া ডিম পাড়া ও বাদা বাঁধার সময় আসে. তথনি এই রকম ঝগডা-ঝাঁটি বেশি দেখা যায়। মনে কর, তিন-চারিটা পুরুষ শালিকের মধ্যে কেবল একটা স্ত্রী-শালিক আছে। এখন একটি স্ত্রী-শালিক কোন পুরুষের সঙ্গে থাকিয়া বাসা বাঁধিবে ও ডিম পাড়িবে ইছা লইয়াও উহাদের মধো মারামারি বাধে। কিজ যখন

মেজাজ ভালো থাকে, তথন শালিকদের খুব ফুশীল ও শাস্ত পাখী বলিয়াই বোধ হয়।

শালিকদের গলার স্বর এক রকম নয়। ভয় পাইলে ইহারা "চাা—চাঁা" করিয়া যে শব্দ করে তাহা অতি বিশ্রী ১ কিন্ত যখন পেট ভরিয়া পোকা খাইয়া ডালে বসিয়া থাকে. তখন ইহাদের গলা হইতে যে আওয়াজ বাহির হয়, তাহা বেশ মিষ্ট। বোধ করি ইছাই ভাছাদের গান-গাওয়া। শালিক-দের চর চর, কিচি-কিচি-মিচি, কক-কক-কক-এই রকম



শালিক

গান তোমরা শুন নাই কি ? গানের সঙ্গে সঙ্গে ইহাদিগকে আবার গায়ের পালকগুলিকে ফুলাইতে এবং ডানা নাডাইতেও দেখা যায়। ইহাদের এই গান-গাওয়া দেখিলে সভাই হাসি

গানে না আছে তাল, না আছে সুর: -- আবার সঙ্গে সঙ্গে কালোয়াৎদের মতো মুখ-ভঙ্গী।

শালিকেরা কি খায়, তাহা বোধ হয় তোমরা জানো না। ইহারা ডাল, ভাত, ধান, গম, ঘৰ হইতে আরম্ভ করিয়া পোকা-মাকড সব জিনিসই খায়: কিন্তু কাকদের মতো নোংরা জিনিদ কখনই ছোঁয় না। তার পরে চিল-শকুনের মতো ভাগাড়ে গিয়া মরা জন্তর মাংসও টানাটানি করে না। পোকা-মাক্ড খায় বটে, কিন্তু যে-সে পোকা খায় না। ফডিং এবং গাছের ও ঘাদের মধ্যেকার সবন্ধ রঙের পোকাই ইহারা ৰেশি পছল করে। তাহা হইলে বলিতে হয়, পাখীদের মধোশালিকেরাপুৰ সান্তিক।

শালিকেরা চরিয়া আসিয়া কি রকমে এক গাছে রাভ
কাটায়, তাহা তোমাদিগকে আগেই বলিয়াছি। সন্ধ্যার সময়ে
গাছে ফিরিলে উহারা যে কিচি-মিচি শব্দ করে সভাই
তাহাতে যেন কান জ্বালা করিতে থাকে। কিস্তু গভীর
রাত্রিতে কখনো কখনো উহারা গাছ হইতে যে ঝল্লার দিরা
উঠে, বিছানায় শুইয়া তাহা শুনিতে মন্দ লাগে না। বোধ
করি শালিকদের খুব গাঢ় ঘুম হয় না,—তাই ভোর হইয়ছে
ভবিয়া মাঝে মাঝে সকলকে জাগাইয়া তোলে।

কাকেরা যেমন প্রাম ও বাড়ী ভাগ করিয়া চরিয়া বেড়ায়, বোধ করি শালিকেরাও তাহাই করে। একটা খোঁড়া শালিককে তিন বংসর ধরিয়া আমাদের বাড়ীতে রোজই আমিতে দেখিয়াছি। সে ঠিক্ ভোরে আসিয়া সন্ধ্যা পর্য্যস্ত আমাদের বাড়ীর উঠানে বা বাগানে চরিয়া বেড়াইত। তার পরে হঠাং একদিন তাহাকে আর দেখা গেল না। সে কোন্ গাছে রাত্রি কাটাইত তাহা জানা ছিল না। জানা থাকিলে তাহার সন্ধান লইতাম।

শালিকের বাসা হয় ত তোমরা দেখিয়াছ। বংসরের
মধ্যে নয় মাস এ-গাছে সে-গাছে রাত কাটাইয়া বৈশাথ মাস
হইতে আষাঢ়ের কিছুদিন পর্যান্ত ইহারা বাসায় থাকে।
চেষ্টা করিলে এ সময়ে তোমাদের বাড়ীর বারান্দার কড়ি-

কাঠের ফাঁকে বা বাগানের গাছে ইহাদের বাসা দেখিতে পাইবে। গাছের ফোকরেও শালিকেরা বাসা বাঁধে। কিন্তু বাসাগুলিতে একটুও কারিগরি দেখিতে পাওয়া যায় না। খড়-কুটা, সাপের খোলস, নেক্ডা-কানি যাহা ঠোঁটের গোভায় পাওয়া যায়, তাহাই কুড়াইয়া আনিয়া ইহারা সেগুলির উপরে বসিবার মতো একটু জায়গা করিয়া লয় এবং তাহাভেই নীল রঙের তিন চারিটি করিয়া ভিম পাড়ে। গ্রাম ছাড়া ঘোর জগুলে ইহারা প্রায়ই বাসা বাঁধে না।

গো-শালিক ও গাংশালিক

গো-শালিকেরা সাধারণ শালিকেরই জাত-ভাই, কিন্তু
চেহারা অক্স রকম। ইহারা কথনই অক্স শালিকদের মতো
গৃহস্থ বাড়ীতে চরিতে আসে না। ঝাঁকে ঝাঁকে মাঠে বা
বাগানে চরিয়া বেড়ায়। তোমরা বাগানে থোজ করিলে
গো-শালিকদের দেখিতে পাইবে। ইহাদের ডানা ও শরীরের
অনেক স্থানই প্রায় কালো। ছই গালের, মেরুদণ্ডের ও
পিছন দিকের পালকের রঙ্ সাদা। এই সাদায়-কালোডে
গো-শালিকদের মন্দ দেখায় না। ইহাদের ঠোঁটগুলির
রঙ্ কিন্তু কমলা লেবুর রঙের মতো লাল। ছই চোথের
পিছনের রঙ্ও ঐ রকম লাল। পূর্কবঙ্গে এই পাথীদের
"চন্না" শালিক বলে।

সাধারণ শালিকরা কত চঞ্চল তাহা তোমরা জানো।
গো-শালিকেরা সাধারণ শালিকদের চেয়েও চঞ্চল। আমরা
ইহাদিগকে কথনই এক জায়গায় স্থির হইয়া বসিতে দেখি
নাই। দৌড়াদৌড়ি ও ছুটাছুটি করিয়াই ইহারা সমস্ত দিন
কাটাইয়া দেয়।

গাছের উপরে গো-শালিকেরা বিঞ্জী করিয়া বাসা বাঁধে। লোকের বাড়ীতে ইছাদের বাসা কথনই দেখা যায় না। ভা'ছাড়া তোমরা কথনই গাছের উচু ডালেও এই বাসা দেখিতে পাইবে না। আট-দশ হাত উচুতে খড়-কুটা ও. ময়লা আক্ডা-কানি দিয়া ইহাদিগকে গাছের ডালে বাসা বাঁধিতে দেখা যায়। একই গাছে ছয়-সাতটি গো-শালিকে বাসা বাঁধিয়াছে, ইহা আমরা দেখিয়াছি। যেমন ইহারা এক সঙ্গে চরিয়া বেডায়. তেমনি একই গাছে বাসা বাঁধে।

গাং-শালিক ভোমরা হয় ত দেখিয়াছ। ইহাদিগকে দেখিতে অনেকটা সাধারণ শালিকদেরই মতো, তবে গায়ের রঙ খয়েরি নয়, কতকটা ধৃসর এবং সেঁটে ও চোখের গোড়ার রঙ লালচে। গাং-শালিকদের পুমিলে টিয়া ও ময়নাদের মতো কথা বলিতে শিখে। অনেক দিন আগে আমরা একটা গাং-শালিক পুষিয়াছিলাম। সে "রাধা রুফ" "রাম রাম" এই রকম অনেক কথা বলিতে শিখিয়াছিল। ইহাদিগকেও তোমরা গৃহত্বের বাড়ীতে বা বাগানে চরিতে দেখিবে না। নদার ভাঙনের গায়ে গর্ত খুঁড়িয়া এবং তাহাতে খড়কুটা জমা করিয়া চৈত্র-বৈশাখ মাসে বাসা করে এবং তাহাতেই ইহারা ডিম পাড়ে। নদীর ধারে বেড়াইতে গেলে তোমরা ইহাদিগকে ঝাকে খাকে কিচি-মিচি চীৎকার করিয়া চরিতে দেখিবে। সাধারণ শালিকদের ডিমের মতো গাং-শালিকদের ডিমের রঙ্ও নীল। বাচ্চাদের চোথের গোড়ায় লাল রঙ

দেখা যায় না,—বড় হইলে ঐ জায়গার চাম্ডার রঙ্লাল হইরা দাঁডায়।

আমরা যখন ছেলেবেলায় নৌকায় করিয়া গঙ্গালানে

থাইতাম, তখন নদীর ভাঙনের গায়ে শত শত গাং-শালিকের

গর্ত দেখিতে পাইতাম। তোমরা নদীর ধারে বেড়াইতে

গেলে গাং-শালিকদের বাসা দেখিতে পাইবে।

ठषु हे .

এইবারে ভোমাদিগকে চড়ুইদের কথা বলিব। সমস্ত দিনই তোমরা এদের দেখিতে পাও এবং চীংকার শুনিতে পাও। তাই এদের সম্বন্ধে বেশী কিছু বলিবার প্রয়োজন হইবেনা।

পুরুষ ও দ্রী চড়ুইদের চেহারা ঠিক এক রকম নয়।
ইহা ভোমরা লক্ষ্য করিয়াছ কি ? পুরুষ পাথীদের ছই
গাল এবং ঘাড়ের ছইটা দিক্ সাদা। কিন্তু গলা কালো
এবং মাথার ও পিছনের পালক আবার ছাই রঙ্গের। ডানা
ও লেজের রঙ্ যেন কতকটা বাদামি। দেখ, কত রকম
রঙের পালক ছোটো চড়াই পাথীর গায়ে থাকে। চোথের
উপরের এবং ধাড়ের পালক আবার পেয়ালা রঙের।

ন্ত্রী-চড়্ইদের গায়ের রঙে কিন্তু এত বাহার নাই।
ইহাদের গায়ের উপরকার পালকের রঙ্ বাদামি ও সাদায়
মিশানো। কিন্তু পেটের তলা প্রায় সাদা। উড়িবার
সময়ে স্ত্রী ও পুরুষ ছই পাখীরই ডানার নীচে সাদা পালক
দেখা যায়।

চড় ইরা মাটিতে বেড়াইবার সময়ে লাফাইয়া চলে।

ইহারা শালিকদের মতো পা কেলিয়া হাঁটিতে জানে না।
শালিকদের মতো চড়ুইরাও দল বাঁধিয়া চরিতে
বাহির হয়। কিন্তু ডিম পাড়িবার আগে যখন
প্রক্ষারের মধ্যে বাগড়া লাগে, তখন কেহ চড়ুই
কাহাকে ক্ষমা করে না। শালিকদের মতো পায়ে পা
বাধাইয়া চীৎকার করিতে করিতে মাটিতে গড়াগড়ি দেয়
এবং ঠোক্রাঠুক্রি করে।

চড়ুইরা অন্থ পাখীদের মতো খারাপ জিনিস খার না।

ঘানের বীজ ও অন্থ শস্তই ইহাদের প্রধান আহার। কিন্তু

তাই বলিয়া সন্মুখে ছোটো পোকা-মাকড় পাইলে দেগুলিকে

খাইতে ছাড়ে না। মাটি হইতে শস্ত খুটিয়া খাইতে হয়

বলিয়া ইহাদের ঠোঁটগুলি বেশ মোটা এবং শক্ত। ক্যানারি

পাখীরা চড়ুইয়েরই জাতের। তোমাদের বাড়ীতে যদি
পোঝা ক্যানারি থাকে, তবে তাহাদের ঠোঁট পরীকা করিলে

চড়ুইদের ঠোঁট কি রকম, তাহা ব্বিতে পারিবে।

চড়ুইদের স্নান তোমরা দেখিয়াছ কি ? 'অত পাখীরা স্নান করে জল দিয়া, চড়ুইরা স্নান করে ধূলা দিয়া। তুই ডিনটা চড়ুই কিছুক্ষণ ধূলাতে লুটাপুটি খাইয়া গা ঝাড়িয়া উড়িয়া গেল, ইহা প্রায়ই দেখা যায়। বোধ করি, গায়ে পোকা ছইলে উহারা ঐ রকমে ধূলা মাথে।

যাহা হউক, চড়ুই ছোটো পাণী হইলেও বৈশাধ-জ্যৈষ্ঠ মানে বাসা বাঁধিবার সময়ে বড় জালাতন করে। ইহারা জপলের বা বাগানের পাছের ভালে বাসা বাঁধে না। দেশের থড়-কুটা ও গুক্না ঘাস ঠোঁটে লইয়া ঘরের কড়ি-কাঠের ফাঁকে বা কার্ণিশে জমা করে। কিন্তু যাহা কট করিয়া বহিয়া আনে, ভাহার প্রায় সবই মাটিতে পড়িয়া যায়। ভাই দিনে, ভিনবার করিয়া ঝ'ট্ না দিলে ঘর পরিকার রাখা যায় না। যদি চুপ করিয়া এক মনে বাসা বাঁধে ভাহা হইলে কোনো হালামা খাকে না। কিন্তু চড়ইদের প্রায়ই চুপ করিয়া থাকিতে দেখা যায় না। একগাছি খড় ঠোঁটে করিয়া আনিয়াই জ্বা-পুরুষে মিলিয়া ভয়ানক "চর্চর্"শব্দ করিতে করিতে বাসার চারিদিকে লাফাইতে আরম্ভ করে। এত আনন্দ যে কেন হয়, ভাহা বৃঝাই যায় না। ভার পরে একই ঘরে যদি ছই জোড়া চড়ুই বাসা করিতে লাগে, ভাহা হইলে সর্বনাশ হয়। দিনের মধ্যে দশ বার ছই দলে ঝগড়া বাধে।

চড়ুইরা হিংস্থটেও কম নয়। যে ঘরে এক জোড়া চড়ুই বাসা করিরাছে, সেথানে পায়রা, শালিক বা অভা পাৰী উকি মারিলেই চড়ুইরা ভয়ানক রাগিয়া যায়। তার পরে "চড়-চড় কড়-কড়" শব্দে লাফাইতে লাফাইতে এমন গালাগালি জুড়িয়া দেয় যে, সেথানে আর কোনো পাথীই আসে না। চড়ুইদের ভিমের রঙ্ কতকটা যেন ধৃসর। ইহারা বড় অসাবধান পাথী, তাই বাসা হইতে ভিম মাটিতে পড়িয়া প্রায়ই ভাঙ্গিয়া যায়। অত পাধীদের সঙ্গে ঝগড়া-ঝাঁটি করিলেও চড়ুইরা যে থ্য বুদ্দিনান পাধা ইহা বলা যার না। আমাদের বাড়ীতে একটা বড় আয়না ছিল। এক জোড়া চড়ুই প্রতিদিন আয়নার মন্মুথে নিজেদের চেহারা দেখিত এবং নিজেদের ছবিকে অত চড়ুই ভাবিয়া আয়নায় ঠোকর দিত। এই রক্ষে ঠোকর মারায় ঠোঁট দিয়া রক্তপাত হইতেছে, ইহাও দেখিয়াছি। চড়ুইরা কি রকম বোকা, একবার ভাবিয়াদেখ।

ভূতী পাখী বোধ করি তোমরা সকলে দেখ নাই।
শীতকালে এই পাখীরা আমাদের দেশে বেড়াইতে আসে।
চৈত্র মাস পড়িলেই অফ দেশে চলিয়া যায়। ভূত ফল খাইতে
ভালবাসে বলিয়া লোকে ইহাদিগকে ভূতী নাম দিয়াছে।
ইহারা চড়ুই জাতিরই পাখী। পাখীগুলি দেখিতে কিন্তু
অতি স্থানর। ইহাদের পিঠের পালকের রঙ খয়েরি, কিন্তু
ব্ক, গলা ও মাথার রঙ গোলাপি। ইহা পুরুষ-পাখীর
গায়ের রঙ্৷ গ্রী-পাখীদের পালকে কিন্তু এত রভের বাহার
দেখা যায় না। চড়ুইদের মতো ইহারা গৃহত্তের বাড়ীতে
আসিয়া বাসা বাঁধে না। ভ্তরাং তোমরা ইহাদিগকে সহকে
দেখিতে পাইবে না। শীতকালে বাগানে বেড়াইবার সময়ে
বোঁজ করিলে হয় ত চুই চারিটা নজরে পড়িবে।

খঞ্জন জাতি

খঞ্জন জাতির সব পাখী বারো মাস আমাদের দেশ্রে থাকে না। শীত পডিলেই ইহারা বাংলা মূলুকে চরিতে আমে। তার পরে গরম পডিলেই দেশ ছাড়িয়া চলিয়া যায়। কিন্তু যাহাদের আমরা খঞ্জন বলি, তাহারা বারো মাসই আমাদের দেশে থাকে। খঞ্জন জাতির পাখীদের উভার ভঙ্গী বড় মজার। তাহারা কাক বা শালিক প্রভৃতি পাখীদের মতো দোজাত্মজি উড়িতে পারে না। লক্ষ্য করিলে দেখিবে যেন ডেউয়ের গতিতে উচু-নাচু হইয়া উহারা উড়িয়া বেড়াইতেছে। তা ছাড়া শেজ-নাড়া তাহাদের একটা বদ্-

অভাাস। আমাদের মধ্যে অনেকে থেমন চেয়ার বা বেঞ্চে বসিয়া ক্রমাগত পা নাডায়. খ্ঞান জাতির পাথীরা সেই রকম অবিরাম লেজ নাডায়। এই জন্ম ইংরাজিতে ইহাদের লেজ-নাড়া পাখী বলে এবং হিন্দুস্থানীরা বলে "ধোবিন্"। ধোবারা যেমন কাপড় আছড়ায়, এই পাখীরা সেই রকমে লেজগুলাকে উচু নীচু করিয়া নাচায় বলিয়া তাহাদের ঐ নাম হইয়াছে। খঞ্জন জাতির পাখীদের আমরা ফলমূল খাইতে দেখি নাই। বোধ করি ইহারা ফলমূল খায় না, তাই প্রায়ই গাছের ডালে বসে না। পোকামাকড়ই ইহাদের প্রিয় খাছ। এই জন্ত মাঠে মাটির উপরে পেক নাড়িতে নাড়িতে ইহারা চরিয়া বেড়ায়,—ভাড়া দিলে "কিচ্" করিয়া ডাকিয়া উড়িয়া যায়। এই সব লক্ষণ দেখিয়া তোমরা বোধ করি খঞ্জন জ্বাতির পাখীদের চিনিয়া লইতে পারিবে।

আমরা যাহাদের বঞ্জন বলি, সেগুলি লেজ নাড়া "ধোবিন্" পাখীদের চেয়ে আকারে বড়। ইহাদের বুক ও শরীরের নীচেকার পালকের রঙ্ সাদা। ডানায় একটা করিয়া মোটা সাদা ডোরা আছে। লেজের পালকের রঙ্ এবং জ্রার রঙ্ ফুলর সাদা।

খন্ধনেরা গাছের উপরে বাসা বাঁধে না। বাড়ীর নালার ভিতরে বা ফাটালে ইহাদিগকে বাসা করিতে দেখিয়াছি। এই বাসার উপরেই তাহারা ফিকে সবুজ রঙের ডিম পাড়ে।

খঞ্জনদের গলার স্থার বড় মিষ্ট। কিন্তু সকল সময়ে ইহারা গান গায় না। পোকা খাইয়া পেট ভরিয়া গেলে খঞ্জনদের গানের স্থা চাপে। তখন টেলিগ্রাফের তারের উপরে বা কোনো নিরিবিলি জয়েগায় বসিয়া গান জড়িয়া দেয়।

দোয়েল


ছোটো পাখীদের মধ্যে দোয়েলদের দেখিতে যেমন ফুলর, বোধ করি কোনো পাখী সে রকম নয়। গায়ে কতকগুলা রঙীন পালক থাকিলেই পাখীরা ফুলর হয় না। চাল-চল্ন উড়িবার ভঙ্গী পাখীদের ফুলর করে। দোয়েশের সবই ফুলর। ইহাদের পলার হয় ফুলর, গায়ের সাদা ও কালো পালক-গুলা ফুলর এবং চাল-চলনও ফুলর।

পুরুষ-দোয়েল ও প্রা-দোয়েলদের চেহারায় অনেক তফাৎ
আছে। ইহা তোমরা লক্ষ্য করিয়াছ কি ? পুরুষ-দোয়েলের
গায়ের রঙ্ চক্চকে কালো কিস্তু তলপেটের পালকের রঙ্
সাদা। আবার লেজের পালকও সাদা। স্ত্রী-দোয়েলের গায়ে
ঠিক্ কালো পালক দেখা যায় না। কালোর বদলে কভকটা
ধুসর রঙের পালক থাকে। কিন্তু ইহারা নিতান্ত অকশ্মা।
পুরুষ-দোয়েলের মতো ইহাদের গলার স্বর মিষ্ট নয়, তা
ছাড়া দে-রকম চট্পটেও নয়।

বাগানে খোঁজ করিলেই হয় ত তোমরা তুই-এক জোড়া দোয়েল দেখিতে পাইবে। দোয়েলরা ভারতবর্ষেরই পাখী। হিমালয়ের খুব শীতের জায়গাতেও দোয়েল দেখা যায়।



INTERN-3"



দোয়েলের সঙ্গে থঞ্জনের রঙের মিল দেখিয়া অনেকে খঞ্জনকে দোয়েল মনে করে। তোমরা লক্ষ্য করিলে দেখিবে, খঞ্জনেরা যেমন লেজ নাচাইয়া বেড়ায়, দোয়েলরা ভাহা করে না। ইহাদের লেজ্ঞ সর্বদা খাড়া থাকে, ভা ছাড়া খঞ্জনদের মতো ইহাদের সাদা ক্রও নাই। আমরা দোয়েল দোয়েলদের এক মুহূর্ত্তও স্থি থাকিতে দেখি নাই। কখনো গাছের ভালে, কখনো মাটিতে, কখনো বা ঝোপ-জঙ্গলের উপরে অবিরাম লাফাইয়া চলে। পোকা-মাকড়ই ইহাদের প্রধান খাড়। বোধ হয়, পোকা ধরিবার জন্মই উহাদের

এত লাফালাফি।

ভোমরা যদি লক্ষ্য কর, তবে দেখিবে, ভিম পাড়িবার ও বাসা বাঁধিবার সময়েই অধিকাংশ গায়ক পাথীর গলা থুলিয়া যায়। কোকিলরা সমস্ত বৎসর চূপ করিয়া থাকিয়া বসস্ত কালে ভিম পাভিবার সময় আসিলে গলা ছাড়িয়া গান স্থক করে। পুরুষ-কোকিলে গান করে, আর স্ত্রী-কোকিল শীঘ্র ভিম পাড়িবে বলিয়া আনন্দ করে। পাপিয়ারাও সমস্ত বংসর মুখ বুজিয়া থাকিয়া কায়্মন মাসেগলা ছাড়িয়া গান গাইতে থাকে। দোয়েলদের মধ্যেও ভাহাই দেখিতে পাওয়া যায়। শীভকালে ভাহারা প্রায়ই গান গায়না,—বেই বসস্তের হাওয়ার সঙ্গে ভিম পাড়াও বাসা বাঁধার ভাগিদ আসে অমনি ভাহাদের গলা থুলিয়া যায়। ভাহাদের

উড়িবার ভঙ্গী, গানের তান দেখিলে শুনিলে মনে হয়, বৈন পাথীগুলি আনন্দে ভরপুর হইয়া আছে। আনন্দ হইলে তোমরা যেমন আনাবগুক ঘুরপাক্ দাও, চীংকার কর, ইহারাও যেন তাহাই করে।

দোয়েলরা কাক-শালিকদের মতো গাছের ভালে বাসা বাঁধে না। ইংারা গাছের কোটরে, দেওয়ালের ফাটালে, বা নালার মুখে খড়-কুটা বিছাইয়া ডিম পাড়ে। ডিমগুলির রঙ ফিকে সবৃত্ত, কিন্তু ভাহারি উপরে আবার খয়েরি রঙের পোঁচ থাকে।

ভোমরা শ্রামা পাখীর নাম বোধ করি শুনিয়াছ।
কলিকাভার বাজারে শ্রামা পাখী বিক্রয় হয়, লোকে সথ্
করিয়া ইহাদের খাঁচায় রাখিয়া পোষে। ইহাদের গান বড়
স্থমিষ্ট। শ্রামারা দোয়েল জাতিরই পাখী। কিন্ত ইহারা
গ্রামের কাছে বাসা করে না; বনে-জ্ঞললে আনন্দে বেড়ায় ও
গান করে। লোকে সেখান হইতে ইহাদের ধরিয়া আনিয়া
খীঁচায় পোরে।

ফিঙে

ফিঙে পাখীদের তোমরা সকলেই দেখিয়াছ। পুর্ববঙ্গের এই পাখীকে চলিত কথায় "ফেচো" বলিয়াও ডাকে। মিশ মিশে কালো পালকে তাহাদের সর্বাঙ্গ ঢাকা থাকে। লেজও কালো। লেজের পালক খব লমা। **लिक ल**ग्रेश किर्छम्ब नर्यमा राख थाकिए इय। শুনিয়াছি, আমাদের দেশের প্রাচীনকালের রাজারা শ্বা কোঁচা ঝুলাইয়া বেডাইতে বাহির হইতেন। কোঁচা এত লম্বা থাকিত যে, তাহা মাটিতে লুটাইয়া চলিত। তাই এক-একজন খানসামা রাজাদের কোঁচা ধরিয়া ঠেট হইয়া চলিত। আন্ধো যুরোপের রাজা-রাজভাদের পোষাক পাছে মাটিতে লুটায়, তাই পোষাকের আগা চাকরেরা ধরিয়া **চলে।** ফিঙের লেজ কতকটা যেন লম্বা পোষাকের মতো মাটিতে ঠেকে। কিন্তু ফিঙেদের ভ আরু চাকর-বাকর নাই যে লেজটা উচু ক্রিয়া ধরিয়া সঙ্গে সঙ্গে চলিবে। তাই উহারা মনের হৃংথে মাটিতে চরিতে নামে না,—নামিলেই লেজ মাটিতে লুটাইয়া চলে। তোমরা যদি লক্ষ্য কর, তাহা হইলে দেখিবে, াফঙের প্রায়ই টেলিগ্রাফের ভারের উপরে বা গাছের খুব উচ্ জায়গায় চুপ করিয়া বসিয়া থাকে। ইহা দেখিলে মনে হয়,

কিঙেরা বৃধি খুব অহতারী পাখা, তাই মাটিতে পা দেয় না।
কিন্তু তাহা নয়। ত্ই-একটা লোক যেমন মাণার চুলের খুব
যত্ন করে,—দিনের মধ্যে দশ বার আয়না-চিক্লণি লইয়া টেরি
কাটে, সেই রকম পাখীদের মধ্যে ফিঙেরা লেজের খুব যত্ন
করে। তাই পাছে মাটিতে ঠেকিয়া লেজ খারাপ হইয়া যায়,
এই ভয়ে তাহারা মাটিতে পা দেয় না।

পোকা-মাকডই ফিঙেদের প্রধান আহার। মাটিতে চরিয়া বেড়াইবার স্থবিধা নাই বলিয়া তাহারা উড়িতে উডিতেই পোকা ধরিয়া খায়। যথন ফিডেরা টেলিগ্রাফের তারের উপরে বা বাঁশের উপরে চুপ করিয়া বসিয়া থাকে, তর্থন হয় ত তোমরা মনে কর, ফিঙ্রো হাওয়া খাইতেছে। কিন্তু ভাহা নয়। কোথায় পোকা উডিয়া বেডাইভেছে দে-সময়ে কেবল ইহারা তাহাই দেখে। পোকানজরে পড়িলেই ভোঁ মারিয়া ধরিয়া খাইয়া ফেলে। আমাদের দেশে সন্ধ্যার সময়ে অনেক পোকা বাহির হয়। তাই সূর্যা অস্ত গেলে যথন অক্ত পাখীরা বাসায় ফিরে, তখন ফিঙেদের নিকার করিবার সময় হয়। তোমরা একট থোঁজ করিলেই দেখিবে. সন্ধার সময়ে যখন বেশ অন্ধকার হইয়া আসিয়াছে, তখনো ভোমাদের বাগানে ফিঙেরা উডিয়া উডিয়া পোকা ধরিয়া খাইতেছে। ভয় পাইলে বা কোনো পাখীকে তাড়াইতে গেলে ফিঙেরাযে শব্দ করে, তাহা শুনিতে ভাল নয়। অস্তু সময়ে যখন আপন মনে ডাকে, তখন তাহার স্বর বড মিষ্ট বোধ হয়। বৈশাখ-জৈষ্ঠ্য মাসের শেষ রাত্রিতে কিভেরা বাসায় থাকিয়া
যে শব্দ করে, তাহা বড় স্থলর। বোধ করি, কালোয়াত্দের
মডো উহারা সে-সময়ে গান অভ্যাস করে। তখন রাত্রি ছইটা
*বাজিলেই উহাদের ঘূম ভাঙিয়া যায়। তার পরে কাছাকাছি
যত ফিঙে থাকে, তাহাদের মধ্যে গানের পাল্লা লাগিয়া যায়।
একটা পাখী এক গাছ হইতে গান স্থল করে, অভ্য গাছের
আর একটা পাখী গান গাছিয়া তাহার উত্তর দেয়। এই
রক্ষমে বাগান যেন ফিঙেদের গানের আসর হইয়া গাঁড়ায়।
বিছানায় শুইয়া এই গানের পাল্লা শুনিতে বেশ ভাল লাগে।
ভোমরা ইহা শুন নাই কি?

ফিঙেরা যখন গাছের আগায় চুপ করিয়া বসিয়া থাকে, তখন ভাহাদের খুব শাস্ত বলিয়াই মনে হয়। কিন্তু ভাহারা মোটেই শাস্ত নহ। এমন হুটু ও ঝগ্ড়াটে পাখী বোধ করি ছনিয়াতে খুজিয়া মেলে না। ছুট্টামিতে ইহারা কখনো কখনো কাকদেরও হারাইয়া দেয়।
ফিঙেদের বাসা বোধ করি ভোমরা দেখ নাই। শুক্না ঘাস ও শুক্না ঘাসের
শিক্ত এই রকম নানা জিনিস দিয়া ফিঙেইহারা পেয়ালার আকারে ছোটো বাসা বানায়। পাছে বাসার ঘাসগুলি এলেমেলে: হুইরা খসিয়া পড়ে, এই জন্ম ইহারা

মাকড়সার জাল ঠোঁটে করিয়া আনিয়া বাসার খড়-কুটায় জডাইয়া রাখে। ফিঙেনের লেজ কত লখা, তাহা তোমরা দেখিয়াছ। এই লেজের জায়গাবাসায় হয় না। ভাই যখন ভাহারা ডিমে তা দিতে বসে, তখন লেজ বাসার বাহিরে ধাকিয়াযায়।

ফিডেরা এমন ঝগ্ডাটে যে, কাক কোকিল চিল শিকরা. সকলেরি সহিত ঝগড়া বাধাইয়া দেয়। বাছুর হুইলে ছুই-একটা গরু কি রক্ম ছুই হয়, ভাহা হয় ত দেখিয়াছ ৷ তথ্ন সে মারুষ দেখিলেই ফোঁস-ফোঁস করিয়া শিং নাড়াইয়া মারিতে যায়; বোধ হয় ভাবে, পৃথিবীর সকলেই তাহার বাছুরটিকে কাডিবার জন্ম ফন্দি করিভেছে। ডিম পাড়া হইলে ফিঙেদের মেজাজ ঠিক ঐ রকমই হয়। তথন কোনো পাখীই উহাদের বাসার কাছে ঘে"সিতে পারে না। যদি কোনো পাখী ভুল করিয়া বাদার কাছে ডালে গিয়া বসে, তবে ফিঙের। তাহাকে ঠোকরাইয়া তাড়াইয়া দেয়। তথন এমন কি, কুকুর-বিড়ালেরও গাছতলা দিয়া ঘাইবার হুকুম থাকে না.—গেলে ফিঙেদের ঠোকর থাইতে হয়। আমরা একবার ফিঙ্কের বাসার তলা দিয়া যাইবার সময়ে ভয়ানক ঠোকর খাইয়াছিলাম.—তাহা আজও মনে আছে। সেই অবধি দূরে দাঁড়াইয়া ফিঙেদের বাসা পরীক্ষা করি। ফিঙেরা কাকদের তু'চক্ষে দেখিতে পারে না। কাক যদি একবারু ফিঙের বাসায় উকি দেয়, তবে আর রক্ষা থাকে না। ফিঙেরা কাকের পিছনে ছুটিয়া তাহাকে ঠোকরাইয়া গ্রাম ছাডা করে। ফিঙেও কাকের এই যুদ্ধ ডিম-পাডার সময়ে

প্রায়ই দেখা যায়। কিন্তের। যে কেবল পাখীদেরই বিরক্ত করে, তাহা নয়। মাঠে গরু চরিতেছে, হঠাৎ কোথা হইছে একটা কিন্তে আসিয়া তাহার ঘাড়ে চড়িল এবং একটু আরামকরিয়া উড়িয়া গেল, ইহাও আমরা অনেক দেখিয়াছি। গরুগুলা নিতাস্ত বোকা, তাই কিন্তেদের সঙ্গে ঝগড়া বাধায় না। যাহা হউক, ফিন্ডেরা গৃহত্বের বাড়ীতে চরিতে আসেনা। তাহা না হইলে এই পাখীদের আলায় গৃহত্বদেরও অন্থির হইতে হইত।

যাহা হউক, পাখীদের মধ্যে সকলেরি সহিত যে ফিঙেদের বগড়া, একথা বলা যায় না। ঘুদ্ ও হল্দে পাখীদের সঙ্গে, ফিঙেদের বড় ভাব। তাই যে-গাছে ফিঙেরা বাসা বাঁধে সেখানে থোঁজ করিলে প্রায়ই ঘুদ্ ও হল্দে পাখীদের বাসা দেখা যায়। দারোগার বাড়ীর কাছে গৃহস্তের বাড়ী থা।কলে গৃহস্তের আর চোর-ডাকাতের ভয় থাকে না। সভাই ফিঙেরা পুলিস-দারোগার মতো জবরদন্ত পাখী। তাই হল্দে ও ঘুঘু পাখীরা তাহাদের আশ্রায়ে বেশ নিশ্চিন্ত থাকে। হিন্দ্রানীতে ফিঙে পাখীকে কি বলা হয় ভোমরা বোধ হয় ভাহা জানো না। ফিঙের হিন্দুস্থানী নাম—কোভোয়াল অর্থাৎ দারোগা পাখী। দারোগার কাছে চোর-ডাকাত যেমন ক্ষম্ব থাকে, ফিঙেদের কাছে অন্থ পাখীদিগকে ঠিক্ সেই রকমেই শিষ্ট-শান্ত থাকিতে দেখা যায়।

এই সাধারণ ফিঙে ছাড়া আমাদের দেশে "বাচাঙ্গা" নামে

আর এক রকম কিঙে দেখা যায়। ইহাদের ঠোঁট চেপ্টা, পেটের ভলা সাদা। অফ পালকের রঙ্ কালো। কিন্তু আকারে ইহারা সাধারণ ফিঙেদের তুলনায় কিছু ছোটো হয়। এই পাখাদের সর্ববিদা দেখা যায় না।

ছাতারে

ছাতারে পাথা বোধ করি তোমরা সকলেই দেখিয়াছ। ইহাদের ডানা ছোটো। ভাই উচুগাছে উঠিতে পারে না,— উড়িয়া যে দশ হাত দ্রে গিয়া বসিবে, তাহাও পারে না। পাখীদের মধ্যে যাহাদের ডানার জোর থাকে না, তাহাদের

পায়ের জোর বেশি দেখা যায়। ছাভারে পাখীদের পায়ের জোর থুব্বেশী,—ভাড়া করিলে কডকটা উড়িয়া কডকটা দৌড়াইয়া



ছাতারে

তাহাদিগকে পালাইতে দেখা যায়। শালিক ও বকেরা যেমন আমাদের মডো একে একে পা ফেলিয়া চলে, ছাভারেরা দে-রকমে চলিতে পারে না। জোড়া পায়ে লাফাইয়া চলাই ইহাদের ফভাব।

কোন্ পাথীদের আমরা ছাডারে বলিডেছি, ডোমরা বৃঝিতে পারিয়াছ কি ? ইহাদিগকে কেহ কেহ "সাড ভাই" পাথীও বলে। ইহারা পাঁচ-সাডটায় মিলিয়া ভয়ানক "কেঁচর-কেঁচর" শব্দ করিতে করিতে আডা নেবু প্রভৃতি ছোটো গাছের ভলায় বেড়ায়। এই রকমে এক সঙ্গে অনেক-গুলি করিয়া চরিয়া বেড়ায় বলিয়াই বোধ হয় ছাডারেদের "সাত ভাই" নাম দেওয়া হয়। যাহাই বল, এই পাখীদের দেখিতে কিন্তু ভারি বিশ্রী। আকারে ইহারা শালিকের চেয়ে বোধ করি বেশি বড় হয় না। গায়ের রঙ্মাটির মতো, চোখ, পা, ঠোঁট সবই সাদা,—দেখিলেই মনে হয় যেন সভ্ত অলুখে ভূগিরা উঠিয়াছে, ভাই গায়ে রক্ত নাই। কিন্তু চোধের চাহুনি দেখিলেই বুঝা যায়, পাখীগুলা ভয়ানক ছন্তু। খ্ব ছন্তু ছেলের ভাকানি কি রকম ভোমরা দেখ নাই কি ? ছাডারেদের চাহুনি যেন কভকটা সেই রকমের।

ছাতারে পার্থাদের বাসা বৌধ করি তোমরা দেখ নাই।
গাছের থুব উপর ডালে ইংারা উঠিতে পারে না। তাই
বোপ-জঙ্গলের ছোটো গাছের পাতার আড়ালে বাসা বাঁধিয়া
ইহারা ডিম পাড়ে। আমরা ছাতারের বাসা দেখিয়াছি,—
ঘান ও খড় দিয়া উহারা বাসাগুলিকে পেয়ালার আকারে
তৈয়ারি করে। কিন্তু সেগুলিকে ভালো করিয়া বাসায়
সাজাইয়া রাখিতে পারে না। তাই দূর হইতে ছাতারের
বাসাকে খড়কুটার চিপি বলিয়া মনে হয়। বাসায় ৼড়কুটা
এমন এলোমেলো করিয়া সাজনো থাকে যে, প্রায়ই উহাদের
ছই-একটা ডিম বাসার কাঁক দিয়া মাটিতে পড়িয়া য়ায়।

কোকিলেরা যেমন লুকাইয়া কাকের বাসায় ডিম পাড়ে, ডেমনি ছাতারের বাসায় পাপিয়ায়া ডিম পাড়ে। কিন্তু ইহা আমরা স্বচক্ষে দেখি নাই। পাপিয়ার ডিম ছাভারের ডিমের মডো উজ্জন নীল রঙের কিন্তু আকারে একটুবড়। তাই পাপিয়ারা স্থাবিধা মত ছাতারের বাদায় ডিম পাড়িয়া আদিলে ছাতারেরা দেগুলিকে নিক্ষের ডিম মনে করিয়া তা দিয়া ডিম ফোটায়। ছাতারের বাচচা এবং পাপিয়ার বাচচা দেখিতে প্রায় ঠিক এক রকমেরই। তাই ডিম হইতে বাচচা বাহির হইলেও কোন্টি নিজের বাচচা এবং কোন্টিই বা পরের বাচচা, তাহা ছাতারের। বুঝিতে পারে না। কিন্তু পাপিয়াদের ছানারা ভয়ানক রাক্ষ্দে,—দিবারাত্রিই কোকিল ও কাকের বাচচাদের মতো খাই খাই করে। তাই পরের ছানাদের পেট ভরাইতে ছাতারেদের পর্কদাই বাস্ত পাকিতে হয়।

"ফটিক জল" পাথী ভোমরা কথনো দেখিয়াছ কিনা জানি না। বৈশাখ-জৈ দি মাদে ইহাদের ভাক কিন্তু প্রায়ই শুনা যায়। তথন বট গাছের ঘন পাতার আড়ালে বসিয়া ইহারা শিষ্ দিয়া "ফ——টি—ই—ই—ই—ক জল" এই রকম শব্দ করে। ছপুর বেলায় ঝাঝাঝা রৌজের মধ্যে যথন সব নিশুর, তথন এই ডাক শুনিতে বেশ মিষ্ট লাগে। সভাই মনে হয়, পাথীগুলা বৃঝি তৃষ্ণায় আকুল হইয়া "ফটিক জল" বিলয়া চীংকার করিতেছে। লোকে বলে, ইহারা কাক-শালিকদের মতো জলাশয়ের জল খায় না। যথন বৃত্তির জল পড়ে, তথন হা করিয়া জলের বিন্দু খাইয়া তৃঞাধামায়। তোমরা বোধ করি ভাবিতেছ, এই পাথীদেরই

বুঝি চাতক বলে। কিন্তু তাহা নয়, চাতক পাখী আঁক্ত রকমের।

যাহা হউক, "ফটিক জল" পাখীরা ছাতারে জাতিরই পাখা। ইহারা আকারে চড়ুইদের চেয়েও ছোটো; কিন্তু গায়ে সব্জ রঙের পালক থাকে।

বুল্বুল্

 তোমরাকত রকমের ব্লব্স্ পাখী দেখিয়াছ জানি না।
 আমরা কিন্তু আমাদের বাগানে কালো ব্ল্বৃল্ এবং সিপাছী ব্লব্ল এই ছই রকম দেখিয়াছি।

কালো ব্লুব্ল্দের ঝুঁটি ও ডানা কালো। লেজও কালো; কেবল ভাহার শেষের কয়েকটা পালকের আগা দানা। লেজের ভলাটা আবার স্থন্দর লাল। কিন্তু ঝুঁটি ও মাথা যত কালো, শরীরটা তত ঘন কালো নয়।

বাগানে থোঁজ করিলে ভোমরা বুল্বুল্দের জোড়া জোড়া বেড়াইতে দেখিবে। পাকা ফল এবং ফুলের কুঁড়ি ইহাদের প্রিয় খাল। পাকা ভেলাকুচা ইহারা বড় ভালবাসে। আমরা একবার একটি বুল্বুল্ পৃষিয়াইলোম। ফলের মধ্যে সে পাকা ভেলাকুচা পাইলে আর কিছুই খাইতে চাহিত না। ফড়িংও অল পোকা আনিয়া দিলেও দে খাইত।

বুল্বুল্দের বাসা ভোমরা বোধ করি দেখ নাই।
ইহাদের বাসার সন্ধান করিবার জন্ম ভোমাদের বেশী কষ্ট
শীকার করিতে হইবে না। হয় ত ভোমাদের বাগানের
বেড়ার উপরেই হুই এফটা বুল্বুলের বাসা দেখিতে পাইবে।
উচু গাছের উপরে ইহারা কখনই বাসা বাঁধে না। বাসাগুলি দেখিতে ছোটো ছোটো পেয়ালার মভো। বুল্বুল্রা

F. 4

খড়কুটা দিয়া বাদাগুলি তৈয়ারি করে। এই বাসার উপরেই ইহারা গোলাপির উপরে লালের দাগ দেওয়া কয়েকটা ডিম পাড়ে। অত বড় লেজ লইয়া বাসায় বিদতে জায়গা হয় না। তাই ডিমে তা দিবার সময়ে বুলবুল্রম লেজ উচু করিয়া বাদায় বয়ে, তথন তাহাদের মুখগুলি থাকে বাদায় বাহিরে। ডিম হইতে অতি অল্লই বাচচা হয়। নাচু ঝোপে বাদা থাকে বলিয়া বেজি, সাপ ও দিরিগিটিরা প্রায়ই ডিমগুলিকে নই করিয়া কেলে। গৃহস্থের বাড়ীর কাছে বুল্বুল্রা যে-দব বাদা করে, দেখানকার ডিম বিড়ালে চুরি করিয়া খাইয়াতে. ইহা আমরা দেখিয়াছি। এই রকমে বার বার ডিম নই হইলে তাহারা

A

কিন্ত একট্ও হতাশ হয় না—আবার নৃতন করিয়া ডিম পাড়ে। প্রতি বংসরে একই বুল্বুলে ভিন-চারি বার ডিম পাডিতেছে, ইহা প্রায়ই দেখা যায়।

বুল্বুল্
পাড়িভেছে, ইহা প্রায়ই দেখা যায়।
বোধ করি ডিম বেশী নষ্ট হয় বলিয়াই, ইহারা ডিম পাড়ে
বেশী। বুল্বুল্দের পুরুষ স্ত্রী ছইয়ে মিলিয়া ডিমে তা দেয়
ও বাচ্চাদের যত্ন করে। পুরুষ বুল্বুল্ ঠোটে করিয়া ফড়িং
ও পোকা-মাকড় ধরিয়া আনিয়া বাচ্চাদের খাওয়াইভেছে,
ইহা তোমরা লক্ষ্য করিলেই দেখিতে পাইবে।

সিপাহী বৃল্বুল্দের চেহারা বড় স্থন্দর। ইহাদের পেটের তলার রঙ্গাদা। মাধার ঝু'টি মিশ্মিশে কালো। জানার পালকের রঙ্ খয়েরি r তার পরে আবার মাধার ছই
পাশের পালকের রঙ্ স্থানর লাল। সিপাইাদের মাধায়
যেমন লাল পাগ্ড়ি থাকে, ইহাদের মাধায় দেই রকম
লাল পালক থাকে বৃলিয়াই এই পাখীদের সিপাহী বুল্বল্
নাম দেওয়া ইইয়াছে। সাধারণ কালো বুল্ব্ল্দের মতো
সিপাহী বুল্বুল্দের সদা-সর্কদা দেখা য়য় না। একটুনজর
রাখিলে তোমরা তোমাদের বাগানেই ইহাদিগকে কোনো
সমুয়ে দেখিতে পাইবে।

যাহা হউক, বুলুবুল্দের গলার স্বর মিন্ট। এই জন্ম লোকে এই পাথাদের ধরিয়া থাঁচায় রাখে। আগে আমাদের দেশের রাজা-বাদশাহরা বাঘের লড়াই ও হাতীর লড়াই দেখিতেন। কিছু দিন আগেও আমাদের দেশে বুলুবুলের লড়াই হইত। লোকে স্থ করিয়া বুলুবুল্ পুষিত। তার পরে ছুইটা বুলুবুল্কে ছাডিয়া দিলেই, তাহারা পরস্পারকে আক্রমণ করিয়া ঠোক্রাচুক্রে স্কুক্ত করিত। লোকে নাকি ইহাদেখিয়াধুব আমাদাদ পাইত।

"হরবোলা" পাথীর হয় ত তোমরা নাম শুনিয়াছ। এই পাথীরা নাকি অতা পাথীদের গলার স্বর নকল করিতে পারে। এই জাতই ইহাদের নাম হরবোলা। এই পাথীরা বুল্বুল্দেরই জাত-ভাই। ইহাদের লেজ ছোটো, ঠোঁট্ সক্ষ এবং কতকটা বাঁকা। গলার রঙ্নাকি নীল। "হরবোলা"দের বাংলা দেশে প্রায়েই দেখা যায় না।

হল্দে পাখী

হল্দে পাখীদের যে কত রকম নাম আছে, তাহা বলিয়াই শেষ করা যায় না। ইহাদের কেহ "বেনে বউ," কেহ "ক্লঃ গোকুল," কেহ বা "ইপ্তি কুট্ম" পাখী বলিয়া ডাকে। ইহাদের চেহারা যেমন স্থানর, গলার শ্বরও তেমনি মিষ্ট। আবার ইহাদের গলা হইতে নানা রক্ম শ্বর বাহির হয়। এক এক সময়ে ইহারা ঠিক্ যেন "খোকা হোক" এই রকম শব্দ করে। তাই হল্দে পাখীদের কেহ কেহ "থোকা হোক" পাখীও বলে।

ভোমবা হল্দে পাথী হয় ত দেখিয়াছ। ইহাদের গাও ডানার পালকের রঙ উজ্জ্বল হল্দে। কিন্তু মাথা বুক ও গলার কিছুদ্র পথ্যস্ত মিশ্মিশে কালো। ঠোঁট ও চোথের রঙ্ আবার লাল। এই রকম হল্দ ও লালে মিলিয়া পাখী-গুলিকে বড় স্থলের দেখায়।

হল্দে পাখীরা শালিক ও কাকদের মতো কখনই মাটিতে নামিয়া চরিয়া বেড়ায় না। ইহারা ভয়ানক লাজুক। গাছের পাতার আড়ালে বসিয়া আপন মনে ডাকিতে থাকে এবং মামুধের পায়ের শব্দ পাইলেই এক গাছ হইতে অশ্র গাছে চলিয়া যায়।

যাহা হউক, হলদে পাথীদের চেহারা যেমন স্থন্দর, ভাহাদের বাসাগুলিও তেমনি ফুন্দর। নেয়ারের খাট তোমর। হয় ত দেখিয়াছ। চওডা ফিতা দিয়া এই খাট ছাওয়া হয়। তাই ইহাতে শুইতে বেশ আরাম লাগে। হল্দে পাথীরা তুত্ প্রভৃতি গাছের চৰ্ডা ছাল আনিয়া গাছের তুই ডালে আটুকাইয়া ভাহার উপরে বাসা বানায়। তাই, বাসাগুলিকে এক-একটা ছোটো নেয়ারের খাট বা দোল্নার মতো দেখায়। বোধ করি, এই রকম বাসায় থাকিয়া হলদে পাখীরা বেশ আরাম পায়। এই দব বাদায় একট্ও আৰৰ্জনা থাকে না। ইহারা ওক্না ঘাস ও শিকড় কডাইয়া আনিয়া বাসাগুলিতে এমন ফুন্দর-ভাবে সাজাইয়া রাখে যে, দেখিলেই যেন চোথ জ্ডাইয়া যায়। হল্দে পাখীরা ফিঙেদের মতোই পেয়ালার আকারে বাসা বানায়। ন্ত্ৰী ও পুরুষ উভয় পাখীই বাসা বাঁধিবার সময়ে ভয়ানক পরিশ্রম করে, কিন্তু ডিমে তা দেয় কেবল স্ত্রী-পাখীরা। ভোমরা স্থবিধা পাইলে হল্দে পাখীদের বাদা থোঁজ করিয়া পরীক্ষা করিয়ো। তোমাদের আগেই বলিয়াছি, ফিঙেরা যে গাছে বাসা করে, হলদে পাখীরা প্রায়ই সেই গাছে বাসা বাঁধে। তাই ফিভেরা কোথায় বাসা বাঁধিয়াছে তাহার সন্ধান করিতে পারিলে, ভোমরা হয় ত তুই একটা হলদে পাখীর বাসারও সন্ধান পাইবে।

কোকিল

কোকিলের ডাক তোমরা অনেকেই শুনিয়াছ। ইহাদের চেহারা ভালো করিয়া দেখিয়াছ কিনা জানি না। কোকিলের



কোকিল

ত্রী ও পুরুষদের চেহারা সম্পূর্ণ পৃথক। পুরুষ-কোকিলের গারের সব পালকের রঙ চক্চকে কালো। চোথ হ'টি আবার ফুলর বাল।

কিন্তু ঠোটের রঙ্ যেন কতকটা সর্শ্ব রকমের। ইহারাই ফান্তন হইতে বৈশাধ মাস পর্যান্ত "কু—উ, কু—উ" করিয়া ডাকে। ইহাদের গলার স্বর অতি মিষ্ট। কিন্তু বারো মাস এই রকম স্বরে ডাকিতে পারে না। আবাঢ় মাস হইতে কেবল "কুছ কুছ কুক্ কুক্" শব্দ ছাড়া অন্ত স্থ্র তাহাদের গলা হইতে বাহির হয় না। খুব ভোর বেলায় যথন কোকিল্রা এই রকমে ঝন্ধার দেয়, তথন কিন্তু সেই শব্দ বেশ ভালাই লাগে।

স্ত্রী-কোকিলদের গায়ের রঙ্কতকটা খয়েরি। তাহারি উপরে আবার সাদা ডোরা ও ছিটা-কোঁটা থাকে। লোকে

ইছাদের ভিলে-কোকিল বলে। আমরা ছেলে-বেলায় ভাবিতাম, তিলে-কোকিলরা পৃথক্ জাতের কোকিল। কিন্তু তাহা নয়.—ইহারাই জ্রী-কোকিল। জ্রী-কোকিলরা "ক-উ কু—উ" করিয়া ডাকিতে পারে না। ইহাদের গলার স্বর কি রকম যেন ভাঙা-ভাঙা, বিশ্রী। লোকে বলে, কোকিলরা বর্ষাকালে আমাদের দেশ ছাডিয়া পালায় এবং ভার পরে ফাল্লন মাদে আবার এদেশে আদে। বোধ করি, কোকিলদের সেই "কু—উ, কু—উ" মিষ্ট ভাক শুনিতে না পাইয়া লোকে ঐ কথা বলে। কিন্তু উহা ঠিক কথা নয়। কোকিলরা বারো মাসই আমাদের দেশে থাকে। আঘার মাস পড়িলেই ভাহাদের গলার স্থর বন্ধ হইয়া যায় এবং তাহাদের স্ফর্তিও ক্মিয়া যায়, তাই দেই ভোর রাত্রির ঝন্ধার ছাডা তাহাদের আর সাড়া-শব্দই পাওয়া যায় না। এই কয়েকটা মাস তাহারা গাছের পাতার আড়ালে লুকাইয়া অশথ বট প্রভৃতির ফল ও পোকা-মাকড খাইথা কাটায়। তার পরে ফারুন মাদে থেই দক্ষিণে বাতাস গায়ে লাগে, অমনি তাহাদের ক্তি বাডিয়া যায়: তখন গলা ছাড়িয়া ডাকিতে আরম্ভ করে।

যাহা হউক, কোকিলরা বড় লক্ষী-ছাড়া পাখী। ফান্তন-হৈত্র মাসে যখন অধিকাংশ পাখীই ডিম পাড়িবার জন্ম ব্যক্ত হইয়া বড়কুটা কুড়াইয়া দিন কাটায়—তখন কোকিলরা কেবল গানেই মত্ত থাকে,—ঘর-সংসারের দিকে একটুও

তাকায় না। কোকিলের বাসা তোমরা দেখিয়াছ[®] কি ! ইহার। জন্মেও বাদা বাঁধে না। বোধ করি, বাদা বাঁধিতে জানেও না। হৈতে, বৈশাখ, জৈচ্চ এই তিন মাসে কত পাখী কত রকমের বাসা বাঁধে। কিন্তু খড়-কুটা মূখে করিয়া তোমরা কথনো কোকিলদের উডিতে দেখিয়াছ কি ? কোকিলরা লুকাইয়া কাকের বাদায় ,ডিম পাড়ে। তাই বাসা বাঁধা, ডিমে তা দেওয়া, ছানাদের যত্ন করা প্রভৃতি কাজ কি রকমে করিতে হয়, ভাহারা জানেই না। কাকেরা নিজেদের ডিম মনে করিয়া কোকিলের ডিমে খুব যত্ন করিয়া তা দেয় এবং ডিম ফুটলে ছানাদের যত্ন করিয়া পালন করে। তাহারা যে পরের বাচ্চা পালন করিতেছে, তাহা একেবারে ব্রিতেই পারে না। তার পরে হঠাৎ একদিন যখন দেগুলিকে কোকিলের বাচ্চা বলিয়া চিনিতে পারে, তখন তাহাদিগকে দুর-দুর করিয়া বাসা হইতে তাডাইয়া দেয়। কিন্তু ইহাতে কোকিলের বাচ্চাদের কোন ক্ষতি হয় না। তখন তাহার! উড়িয়া নিজেদের খাবার নিজেরাই জোগাড় করিয়া স্থা বেডাইতে পারে। দেখ, কোকিলের বাচ্চাদের কত দু:খ। জন্মে তাহার। বাপ-মায়ের আদর পায় না। পরের ঘরে অধ্যায়া পরের দয়ার উপরে নির্ভর করিয়া ভাহাদের বড হইতে হয়। তার পরে হঠাৎ একদিন সেই পরের ঘরও ছাডিয়া পথে দাঁড়াইতে হয়। কাকেরা এত চালাক পাখী হইয়া এইখানে কোকিলদের কাছে হার মানে। তাই বোধ করি

কৃকি ও কোকিলের মধ্যে এত শত্রুতা। কেহ কাহাকেও দেখিতে পারে না,—থেন দা-কুমড়ার সম্পর্ক।

ভোমরা হয়ত ভাবিতেছ, যখন কাকেরা বাসায় থাকে না, ·তখন ন্ত্রী-কোকিল লুকাইয়া কাকের বাসায় ডিম পাডিয়া আসে। কিন্তু তাহা নতু, যে-রকম ফল্দি করিয়া কোকিলরা কাকের বাসায় ডিম পাড়ে, তাহা ২ড় মজার। আমরা আগেই বলিয়াছি, কালো কোকিলরাই পুরুষ এবং ডিলে কোকিলরা স্ত্রী। স্ত্রী-কোকিলরা বড লাজুক। যখন পুরুষ-কোকিলরা সেই টানা টানা স্থরে গান জুড়িয়া আনন্দ করে, তখন জ্রী-কোকিলরা গাছের পাতার আড়ালে লুকাইয়া দিন কাটায়। যাহা হউক, ডিম পাডার সময় হইলে স্ত্রী-কোকিলকে পাতার আড়ালে বসাইয়া পুরুষ-কোকিল কাকের বাসার কাছে ডালে বসিয়া "কু—উ—কু—উ" করিয়া গান জুডিয়া দেয়। কাকেরা কি রকম অন্তুত পাখী, তাহা ভোমরা আগেই গুনিয়াছ। সৰ ব্যাপারেই তাহাদের সন্দেহ। পৃথিবীতে যে ভালো বলিয়া কোনো জিনিস আছে, তাহা উহারা মানিতেই চায় না। "ধপাস্" করিয়া একটি শব্দ হইলে, তুজনে দৌড়াইয়া চলিলে, বা একটু উচু গলায় কথাবার্তা কহিলে, এই লক্ষীছাড়া পাখীদের মনে সন্দেহ হয়, আর "কা--কা" করিয়া আরো গোটা দশেক জাত-ভাইদের ডাকিয়া মহা গগুগোল বাধাইয়া দেয়। তার পরে পাখীদের মিষ্ট গানে বা ভালো শব্দে ভাদের গায়ে ঝাঁটার বাডি মারে.

ভাই নিদ্ধেদের বাদার কাছেই কোকিলকে গান গাহিতে শুনিয়া তাহারা আর স্থির থাকিতে পারে না-বাসার বাহিরে আসিয়াই "কা-কা" করিয়া কোকিলকে ভাড়া করে। কিন্তু কোকিল চালাক পাখী; কাকের ভাড়ায় ভূলে. না। "কিক্-কিক্-কুক্-কুক্" শব্দ করিতে করিতে ভাহারা পালাইবার ভাগ করে, এবং কাকেরা বাসা ছাডিয়া পিছনে পিছনে ছুটিয়া চলে। এই রকমে কাকেরা যখন বাসা ছাড়িয়া কোকিল তাড়াইবার জন্ম থুব দূরে যায়, তথন স্ত্রী-কোকিল পাতার আডাল হইতে বাহির হইয়া কাকের বাসায় ডিম পাডে। কেবল ইহাই নয়,—যদি বাসা কাকের ডিমে ভরা থাকে, তবে স্ত্রী-কোকিলরা তুই-চারিটা ডিম মাটিতে ফেলিয়া দিয়া সেই শৃন্ত জায়গায় নিজেদের ডিম পাড়ে। দেখ কোকিলরা কত ছুষ্ট। কাকেরা বোধ হয় মনে ভাবে, তাহারাই পাখীদের মধ্যে বৃদ্ধিমান। কিন্তু কোকিলদের কাছে তাহাদের প্রায়ই হার মানিতে হয়।

পাপিয়া ও কুকো

তোমরা পাপিয়া পাখীদের বোধ করি দেখ নাই।
ইহারা কোকিলদেরই মতো পাতার আড়ালে লুকাইয়া ডাকে;
কাঁকা ডালে প্রায়ই বদে না। তাই ইহাদের দেখা মুক্ষিল।
পাপিয়াদের গায়ের পালকের রঙ্ যেন কতকটা ধূদর, তাহারি
উপরে কাল্চে ডোরা থাকে। কিন্তু পেটের তলা দাদা।
তাই হঠাৎ দেখিলে ইহাদের শিক্রা পাখী বলিয়া ভূল হয়।

পাণিয়া পাখীদের চেহারা না দেখিলেও তাহাদের ডাক তোমরা নিশ্চয়ই শুনিয়াছ। কি ফুন্দর ডাক! নীচু ফুরে ডাকিতে আরম্ভ করিয়া তাহারা ফুর চড়াইতে চড়াইতে সপ্তমে গিয়া হাজির হয়। চৈত্র-বৈশাথ মাসে যদি এক জোড়া পাপিয়া বাগানে থাকে, তবে সমস্ত বাগান তাহাদের ফুরে ভরিয়া উঠে। রাত্রিতেও তাহাদের ডাকের বিরাম থাকে না। জ্যোৎয়া রাত্রি থাকিলে তাহারা আপন থেয়ালে গান করিয়া সমস্ত রাত্রি জাগিয়া কাটাইয়া দেয়। লোকে বলে, পাপিয়ারা "চোখ্ গেল" "চোখ্ গেল" করিয়া ডাকে। তাই লোকে তাহাদিগকে "চোখ্ গেল" করিয়া ডাকে। তাই লোকে তাহাদিগকে "চোখ্ গেল" পাখীও বলে। মাহা হউক, পাপিয়াদের গলার ফুস্বর বারো মাস শুনা মায় না। ডিম পাড়ার ও বাসা বাঁধার সময় আসিলে কোকিলদের মতো পাপিয়াদের গলা খুলিয়া যায়। তথম তাহারা

''চোথ গেল" করিয়া দিবারাত্রি ডাকে। তার পরে জৈটিওর শেষে কোকিলদের মতো ইহাদেরো গলার স্বর বন্ধ হইয়া যায়। তাই ডাক শুনিতে না পাইয়া অনেকে মনে করে, বসন্ত ও গ্রীম্ম কাল বাংলা দেশে কাটাইয়া পাণিয়ারা বর্বাকালে, অক্য দেশে চলিয়া যায়। কিন্তু তাহা ঠিক্ নয়। কোকিলদের মতো ইহারা বারো মাসই পাতার আড়ালে লুকাইয়া আমাদের দেশে কাটায়।

ভালো মার্যের মতো পাতার আড়ালে লুকাইরা থাকিলেও পাপিরাদের মধ্যে যথেষ্ট ছুষ্টামি আছে। কোফিলরা কি রকমে কাকের বাদায় ডিম পাড়ে, তাহা আগেই বলিরাছি। পাপিরারাও নাকি সেই রকমে ছাতারে পাখীদের বাদায় ডিম পাড়ে। ছাতারেরা দেই দব ডিম নিজেদেরি মনে করে এবং তা দিয়া দেগুলি হইতে বাচ্চা বাহির করে। কাক্রেই পাপিরাদের বাদা বাঁধিতে হয় না এবং ডিমেও তা দিতে হয় না।

কুকো পাখী ভোমরা হয় ত পল্লী গ্রামে দেখিয়াছ। ইহারা লক্ষা লেজওয়ালা বেশ বড় রকমের পাখী। জন্পলের মধ্যে ছোটো গাছে ও বাঁশ-ঝাড়ে ইহাদের প্রায়ই দেখা যায়। বাগানের ফাঁকা জায়গায় বা গৃহত্তের বাড়ীতে ইহারা কখনো আসে না। ডানা খুব লম্বা নয়, তাই অনেক দ্রে উড়িয়া বেড়াইবার শক্তিও ইহাদের থাকে না।

কুকোদের ডানাগুলির রঙ্খয়েরি। তা ছাড়া শরীরের

অফা সব জায়গার পালকের রঙ্কালো। ঠোঁট ওপায়ের রঙ্ও কালো। কি**স্ত** চোখ্ছটা

রঙ্ও কালো। কিন্তু চোখ্ছটা ফুন্দর লাল। কুকোরা কোকিলের জাতির পাখী হইলেও, কোকিল ও পাপিয়াদের মতো ইহারা



পরের বাসায় ডিম পাড়ে না। কুকোদের বাসা বোধ করি তোমরা দেখ নাই। নিরিবিলি ঘন জঙ্গল বা বাঁশ ঝাড়ের মধ্যেই ইহাদের আড়া। তাই এ সব জায়গার ঘন ঝোপের মধ্যে ইহারা বাসা বাঁধে। কুকোদের বাসা কাক বা শালিকদের বাসার মতো নয়,—ইহাদের বাসার ছাদ থাকে। এবং ভিতরে যাওয়ার জন্ম একটা দরজাও থাকে। দূর ইইতে দেখিলে কিন্তু বাসাগুলিকে এক-একটা লভা-পাভার পিশু বলিয়াই মনে হয়।

কুকোরা কি রকম শব্দ করিয়া ভাকে, ভাষা বোধ করি ভোনরা. শুনিয়াছ। পুব ভোরে যথন কাক-কোকিলরাও ঘুমায়, তখন কুকোরা "উ: উ: উ:" শব্দে গল্ভীর-ভাবে ভাক জুড়িয়া দেয়। এই ভাক অনেক দূর হইতে শুনা যায়। বিছানায় শুইয়া ইহা শুনিতে মন্দ লাগে না। কুকোদের ভাক শুনিলেই বুঝা যায় ভোর হইয়া আসিয়াছে। কিন্তু কোকিল ও পাপিয়াদের মতো ইহারা কখনই রাত্রিতে ঘুমের থোরে ভাকেনা।

টিয়া

এই বারে তোমাদের টিয়া পাখীদের কথা বলিব। ইহার।
বড় ফুন্দর পাখী। ঠোঁট খুবই ধারালো—আবার উপরকার
ঠোঁট্টা ফুন্দর বাঁকা। কিন্তু জিভূবড় ছোটো। টিয়াদের
ভানা ও লেজ দেখিয়াছ কি ! ইহাদের ভানা ও লেজ গুই-ই
খুব লকা।

সাধারণ টিয়া তোমরা নিশ্চয়ই সকলে দেখিয়াছ। হয় ত তোমাদের কাহারো কাহারো বাড়ীতে পোষা টিয়া আছে। ইহাদের ঠোঁট লাল, গায়ের পালক সবৃজ । তাই টিয়ার দল যখন গাছে বসিয়া থাকে, তখন সবৃজ পাতার সঙ্গে তাহাদের গায়ের রঙ্ এমন মিলিয়া যায় যে, তাহাদিগকে চেনাই যায় না। সাধারণ টিয়াদের চোখ সাদা। আরার পুরুষ টিয়াদের গলায় কাঁঠি থাকে এই কাঁঠির রঙ্ বড় ফুলর। ইহার গলার উপরকার অংশের রঙ্ গোলাপি এবং নীচের রঙ্ কালো। দেখিলে মনে হয়, কে যেন ভুলি দিয়া গলায় উপরে এই কঠা আনিকা দিয়াছে। স্ত্রী-টিয়ার গলায় কিস্ত্রকটা থাকে না। তোমরা হয় ত ভাবিতেছ, পুরুষ টিয়ারা

গলার কটা লইয়াই ভিন হইতে বাহির হয়। কিন্তু তাহা নয়—ছানা অবভায় পুরুষ টিয়ার গলায় কটা থাকে না।

তাই ছানাদের মধ্যে কোন্টি স্তা এবং কোন্টিই বা পুরুষ, তাৃহা প্রথমে বৃঝা যায় না। বাচচা টিয়াদের চোথের রঙ্কালো এবং ধাড়ীদের সাদা হয়। এই জন্ম কেবল চোথের রঙ্দেখিয়া কোন্টি বাচচা এবং কোন্টি ধাড়ী বৃঝিয়া লওয়া যায়। বাচচা



টিয়া

টিয়াদের পুষিলে তাহারা মামুষের গলার স্বর নকল করিছে: পারে। কিন্তু টিয়ারা ময়নাদের মতো স্পষ্ট কথা বলিতে: পারেনা।

চন্দনা টিয়া-জাতিরই পাখী, কিন্তু টিয়ার চেয়ে আকারে
বড়। ইহাদের ভানার পালকের উপরে এক একটা লাল
ছোপ থাকে। তাই ইহারা দাধারণ টিয়ার চেয়ে দেখিতে
অনেক ফুন্দর। ইহা ছাড়া মদনা, কাজলা ইত্যাদি আরো
কয়েক রকম টিয়া আছে। মদনাদের বুক লাল। আবার
পুরুষ-মদনাদের মাথায় নীল রভের পালক থাকে। কিন্তু
ছোটো বেলায় মদনাদের গায়ের পালকের রঙ্ দাধারণ
টিয়াদের মতোই দব্জ থাকে। কাজ্লাদের পালকের রঙ্
আবার অন্ত রকম। ইহাদের লেজের শেষের রঙ হল্দে
এবং মাথার রঙ্কতকটা মেটে ধরণের।

লটকান্ পাখী তোমরা দেখিয়াছ কি ? ইহারাও

টিয়া-জাতীয়। কিন্তু ভারি মঞ্চার পাখী। খাঁচায় রাখিলে খাঁচার দাঁভে পা বাধাইয়া ইহারা বাহুড়ের মত বুলিতে থাকে। আবার হুষ্টামিও ইহাদের যথেষ্ট আছে। পরস্পর ঝগড়া-ঝ'াটি করা এবং অহা ছোটো পাখীদের বাসায় গিয়া ডিম চুরি করিয়া খাওয়া ইহাদের ভারি বদ্ অভাস।

টিয়া পাখীরা শালিকদের মতো বাড়ীর ফাটালে এবং কখনো বা গাছের কোটরে বাসা করে। বড় পাখীদের দেখিতে অন্দর হইলেও, টিয়ার বাচ্চাদের দেখিতে কিন্তু ভারি বিঞী। তখন তাহাদের গায়ে সে-রকম পালক থাকে না এবং যে পালক থাকে তাহাতে রঙের বাহারও দেখা যায় না। পালের ভেড়ারা যেমন গাদাগাদি করিয়া একই জারগায় ভাল পাকাইয়া থাকিতে ভালবাসে, টিয়ার ছানাদের ঠিক্সেই রকম থাকার অভ্যাস আছে। এক খাঁচার মধ্যে তিন্চারিটা বাচ্চা রাখিলে তাহারা এক জায়গায় জড় হইয়া চুপ করিয়া বিসয়া থাকে।

যাহা হউক, টিয়া পাখীরা কিন্তু আমাদের বড় অপকার করে। ইহারা পোকামাকড় খায় না। গাছের ফল কুঁড়ি এবং ফুলই ইহাদের প্রধান আহার। তা ছাড়া ছোলা মটর ধান গম যব প্রভৃতি শশুও ইহারা খায়। তাই বেখানে বেনী টিয়া পাখী থাকে সেখানকার বাগানের গাছে ফল বা ফুল ধরিলে কাঁকে কাঁকে টিয়া আসিয়া দেগুলিকে নই করে। ভুটা ও কোয়ারের কেতে ফুল দেখা দিলেই, টিয়ারা

নেখানি দলে দলে আনাগোনা হৃক করে এবং ফুলে ফলে ভরা বড় বড় শীষ্ কাটিয়া মাটিতে ফেলিয়া দেয়। তাই যেখানে টিয়ার উপদ্রব বেশি সেখানে সমস্ত দিনই ক্ষেতে পাহারা দিতে হয়।

কাকাত্রারা টিয়া জাতিরই পাখী। কিছ ইহারা ভারত-বর্ষের পাখা নয়। তোমরা যে সব কাকাত্রা দেখিতে পাও, দেগুলিকে অট্রেলিয়া হইতে ধরিয়া এদেশে বিক্রের জন্ম আনা হয়। অট্রেলিয়ার বনে জঙ্গলে টিয়াদের মতো কাকা-ত্রারা ঝাকে ঝাকে চরিয়া বেড়ায়। সাধারণ কাকাত্রার গায়ের পালকের রঙ্ দাদা—কেবল মাথার ঝাটিটা ফিকে হল্দে।

কাঠ্ঠোক্রা

কাঠ্ঠোক্রা পাখীদের একটু চেষ্টা করিলেই ভোমরা ৰাগানে দেখিতে পাইৰে। ইহারা গাছের গায়ে নুখ আট্কাইরা ঠোকর মারে। এই জভাই ইহাদের নাম "কাঠ্ঠোক্রা" হইয়াছে। কাঠ্ঠোক্রাদের মাথায় ঝুঁটি থাকে। তা ছাড়া ইহাদের ঠোঁট ধুব লকাও পায়ের ন্থ বেশ



ধারালো। এই সব লক্ষণ দেখিয়া তোমগ হয় ত কাঠ্ঠোকরাদের চিনিয়া লইতে বর ও শাত্রে শুক্না পচা ডাল-পালার পারিবে। গাছের শুক্না পচা ডাল-পালার ভিতরে যে-সব পোকামাকড় থাকে, ভাহাই ইহাদের প্রধান আহার। তাই উহারা গাছের গায়ে পা ও লেজ বাধাইয়া কাঠে


কাঠঠোকরা

ঠোকর দেয়। ইহাতে পচা ও গুক্না কাঠের নীচে যে-দৰ পোকামাকড় খাকে, তাহা বাহির হইয়া পড়ে;তার পরে উহারা সেইগুলিই লফা জিভ্ দিয়া মূখে পুরিয়া খাইয়া ফেলে। ভোমরা একটু চেটা করিলেই

কাঠ্ঠোক্রাদের কাঠে ঠোকর মারার "ক – ট – র – র র – র" – শব্দ শুনিতে পাইবে।

কাঠ ঠুকরাইয়া •পোকা বাহির করার জন্ম কাঠ্ঠোকরাদের ঠোঁট খুব ধারাল এবং গাছ আঁক্ড়াইয়া ধরার জন্ম পারের নখও খুব শক্ত ও ছুঁচ্লো থাকে। সকলেরই প্রাণের ভয় আছে: ঠোটের ঠোকর খাইছা যে-সব পোকামাকড় গাছের পচা কাঠ হইতে বাহিরে আসে, চট করিয়া মূথে না পুরিলে তাহারা প্রান্তয়ে প্লাইয়া যায়। ভাই পোকা ধরার জন্ম কাঠ ঠোকরাদের জিভে ফুন্দর বাবস্তা আছে। বাঙরা কি-রকমে পোকা ধরিয়া মুখে পোরে, ভোমরা হয়ত তাহা দেখিয়াছ। ব্যাঙের জিভু থুব **লঘা,**—সেই লম্বা জিভু বাহির করিয়া পোকা ধরিয়া সে মুখে পোরে। কাঠ ঠোক্রারা ঠোঁট দিয়া পোকা না ধরিয়া ব্যাভাদের মতো জিভ দিয়াই পোকা ধরে, এই জন্ম ইছাদেরো জিভ, বেশ লম্বা। কেবল ইহাই নয়,—কাঠ্ঠোকুরার জিভের আগায় ছ'চের মতো কাটা এবং এক রকম আঠা লাগানো থাকে। সেই কাঁটায় বি'ধিয়া ও আঠায় জড়াইয়া ইহারা পোকাদের মুখে পোরে।

আমাদের দেশে সাধারণতঃ তুই রকমের কাঠ্ঠোক্রা দেখা যায়। কিন্তু সমস্ত ভারতবর্ষে ছাপ্লান্ন উপজাতির কাঠ্-ঠোক্রা আছে। গা সাদা ও কালো পালকে ঢাকা এবং মাধায় লাল ঝু°টি-ওয়ালা কাঠ্ঠোক্রা সাধারণতঃ আমাদের নছরে পড়ে। একটু ভালো করিয়া লক্ষ্য করিলে 🗳 মরা



কাঠ ঠোক্রা কিন্ত পুরুষ কাঠ ঠোক্রাদেরই থাকে যথন ইহারা গাছের ছালে ছু চ লো নথগুলিকে বাধাইয়া, থম্কিয়া থম্কিয়া গাছের উপরে উঠে, তথন দেখিতে বড় মজা লাগে। অফা পাখীদের মতো এই কাঠ ঠোক্রারা ভালো উড়িতে পারে না,—ইহাদের উড়িবার ভঙ্গী কভকঁটা যেন চেউয়ের মতো; ঠিক সোজা উড়িতে পারে না।ইহা ছাড়া আর যে কাঠ ঠোক্রা দেখা যায়, তাহাদের গায়ের রঙ্ খয়েরি।

অন্ত পাথীরা যেমন খড়কুটা ও লভাপাভা দিয়া বাসা ভৈয়ারি করে, কাঠ্ঠোক্রারা ভাহা করে না। ভাহারা বাটালির মভো ধারালো লফা ঠোঁট দিয়া গাছের ৩°ড়ি কুরিয়া গর্ত করে,—এই গর্তই ভাহাদের বাসা। পাখীদের বাসা প্রায়ই পরিদার-পরিচ্ছন্ন হয়, ভাহাতে কোনো ময়লা জিনিস খাকে না। কিন্ত কাঠ্ঠোক্রাদের বাসায় ঠিক্ ভাহার উল্টা দেখা যায়। ইহাদের কোটরগুলি বিঠা, গায়ের খসা-পালক এবং পোকামাকড়ের শরীরের খোলায় ভর্তি থাকে। এই সব জিনিস পচিলে বাসাগুলিতে তুর্গক্ষও হয়। কাঠ্ঠোক্রাদের ডিমগুলি ফুট্কুটে সাদা। ইহাদের ক্রী ও পুরুষ ছইয়ে মিলিয়া বাচ্চাদের যত্ন করে এবং
বয়ন গাছের গুড়ি কুরিয়া বাদা তৈয়ারি করিতে হয়, তখনও
ক্রী-পুরুষে মিলিয়া পরিশ্রম করে; কেছ কাছাকেও কাঁকি
দিতে চায় না।

কাঠ ঠোকরাদের সবই ভালো,— কিন্তু ইহাদের গলার স্বর একট্ও ভালো নয়। ইহাদের গলার "কাচি কাাচ্" শব্দে যেন কান জালা করে।

বসস্ত বউরি

বসন্ত বউরি পাখীর আর একটা নাম "গয়লা বুড়ী"।
কেন এই নাম হইল জানি না। ইহাদের চেহারা কিন্তু
"গয়লা বুড়ীর" মতো একবারে নয়। বসন্ত বউরিদের ডাক
ভোমরা অবগুই শুনিয়াছ। মান মাস হইতে আরম্ভ করিরা
আষাঢ় মাস পর্যান্ত বাগানের গাছে বসিয়া ইহারা "টঙ্টঙ্"
শব্দ করিয়া ডাকে। মনে হয় যেন, কামারের দোকানে
হাতুড়ি পেটার শব্দ হইতেছে। সকাল হইতে সন্ধা পর্যান্ত
ইহাদের ডাকের বিরাম পাকে না। বৈশাথ মাসের হপুরে
যধন চারিদিক রৌদতে বা বা করে, তৃফায় যথন কাকদেরও
গলা শুকাইয়া আসে, তথনো গয়লা বুড়ীর "টক্ টক্ টঙ্টঙ্ঁ"
ডাকের শব্দ শুনা যায়।

বদন্ত বউরির ভাক শুনা সহজ, কিন্তু পাখীদের খুঁজিয়া বাহির করিয়া দেখা কঠিন। ইহারা ডাকিবার সময়ে একবার ডাইনে, একবার বামে ঘাড় বাঁকায়। তাই কোন্ দিক হইতে শব্দ হইতেছে তাহা সহজে বুঝা যায় না। একদিন আম-বাগানে অনেকগুলি বসন্ত বউরি ডাকিতেছে শুনিয়া পাখীর চেহারা দেখিবার জ্বন্ত বাহির হইয়াছিলাম। গাছের তলায় অনেক ঘুরিয়াও কিন্তু পাখীর সন্ধান করিতে পারি নাই। এখনি যে গাছ হইতে. শব্দ আসিল, পরের মৃহুর্ত্তে মনে হইতে ক্যাগিল যেন দূর হইতে শব্দ আসিতেছে।

যাহা হউক, ভোমরা একটু থোঁল করিয়া বসন্ত বউরি পাখী দেখিয়ো। •ইহারা যেন আকারে চড়াইদের চেয়েও ছোটো,--কিন্তু ডাক শুনিলে মনে হয়, যেন কত বড় পাখীই ডাকিতেছে! বদস্ত . বউরিদের গায়ের পালকের রঙ্ সবুজা। কপালে সি'ছারের ফোঁটার মতো লাল ফোঁটা আছে। ভারপরে আবার ছই शाला तक यन रन्त धर भा इ'शानि नान हेक्हेरक। গায়ে হল্দে সবুজ ও লালের এত বাহার থাকিলেও পাখীগুলিকে কিন্তু দেখিতে একটুও ভালো নয়। ঠোঁট্ মোটা এবং কালো। আবার ভাহার গোডায় বিভালের গোঁফের মতো চুল লাগানো আছে। এ রকম চুল থাকে কেন, ভাহা জানি না। কাঠ ঠোকরা ও টিয়া পাখীদের মতো বসস্ত বউরিদের পায়ের হু'টা আঙ্ল সম্মুখে এবং হু'টা পিছনে থাকে। এই আঙ্লের নথ দিয়া ইহাদিগকে গাছের গুড়ি আঁক্ড়াইয়া থাকিতে দেখা যায়। ফল-ফুল ও পোকা-মাকড়ই ইহাদের প্রধান আহার। তাই মনে হয়, ও'ডি আঁক্ডাইয়া ইহারা গাছের ছাল হইতে পোকা ধরিয়া খায়। আমরা বসস্ত বউরিদের বাসা দেখিয়াছি। কাঠ্ঠোক্রাদের মতো ইহারা গাছের পচা ও শুক্না ভালে গর্ত্ত
করিয়া ভাহারি ভিতরে বাসা বানায় । বর্ষার প্রথমে ইহাদের
ভিম হয়। তাই ডিমে তা দেওয়া ও ছানাদের পালন করার
কাজে বাস্ত থাকিতে হয় বলিয়া বর্ষাকালে বসস্ত বউরিদের
ভাক বেশি শুনা যায় না।

নীলকণ্ঠ

শীলকণ্ঠ পাখীরা বসস্ত বউরিদেরই জাত-ভাই। বর্জমান, বাঁকুড়া, বাঁরভূম প্রাভৃতি জেলায় এই পাখীদের ধ্ব দেখা যায়। কলিকাতা অঞ্চলে এবং উত্তর ও পৃর্ববঙ্গে তোমরা ইহাদের কদাচিং দেখিতে পাইবে। যাহা হউক, নীলকণ্ঠ পাখীদেখিতে অতি ফুন্দর। ইহাদের মাধা, গলা, ঘাড় যেনকতকটা খয়েরি রঙের। কিন্তু ডানাও লেজের পালকে যেনীল রঙ থাকে, তাহা দেখিলে যেন চোখ জুড়াইয়া যায়। যথন ইহারা এক গাছ হইতে ধীরে ধীরে উড়িয়া আর এক গাছে যায়, তখন মনে হয় যেন কেহ নানা রঙের কাগজের পাখী বানাইয়া ছাড়িয়া দিয়াছে। পাখীগুলা নিভান্ত ছোটনয়,—আকারে সাধারণ শালিকদের চেয়ে অনেক বড়।

যাহা হউক, নীলক প্রাথীরা ভয়ানক ঝগ্ডাটে। কখনো কঝনো নিজেদেরি মধ্যে মারামারি করিয়া মরে এবং সঙ্গে সঙ্গে ভয়ানক চীৎকার করে। চেহারা ভালো হইলেও গলার অর কিন্ত ভয়ানক বিশ্রী।

নীলকঠেরা বৈশাখ-ছৈ। ছাল মালে গাছের কোটরে বা

বোকের বাড়ির নালার ফাঁকে বাসা তৈয়ারি করিয়া সেখানে



ডিম পাড়ে। এই সময়ে ইহাদের মেজাজ যেন আরো রুক্ষ হয়;— ডখন সর্ববিদা "কাঁা কাঁয়" শক্ষে চীংকার করে। এমন কি, কাক ও চিলদের কাছে পাইলে ভাহাদেরো

নীলকণ্ঠ

ভাড়া করে; আবার সঙ্গে সঙ্গে নানা ভঙ্গীতে উড়িয়া বেড়ায়। কাকের সঙ্গে নীলকণ্ঠ পাথীদের ভয়ানক শক্রহা। কাকেরা স্বিধা পাইলেই ইহাদের ঠোক্রাইতে যায়।

ছোটো পোকা-মাকড়ই নীলকণ্ঠ পাখীদের প্রধান আহার। তাই অনেক সময় তোমরা ইহাদিগকে মাটিতে যাসের উপর চরিতে দেখিবে। কিন্তু সাধারণতঃ ইহারা গাছের পোকা-মাকড়ই ধরিয়া খায়।

- মাছরাঙা

নদীর ধারের গাছে থালে বিলে ও পুক্ষরিণীতে লম্বা ঠোঁট্ওয়ালা মাছরাঙা পাখী ভোমরা নিশ্চয়ই দেখিয়াছ। ইহাদের ঠোঁট্ যেমন লম্বা, লেজ ভেমনি ছোটো।

তোমরা কত রকমের মাছরাঙাদেখিয়াছ জানি না; কিন্তু আমরা তিন রকমের দেখিয়াছি। খাল বা বিলের ধারে বেড়াইতে গিয়া একটু থোঁজ করিলে তোমরা ছই-এক রকমের মাছরাঙাদেখিতে পাইবে।

নীলমাথা মাছরাঙা আমাদের দেশে প্রায়ই দেখা যায়।
ইহাদের মাথা পিঠ ডানা লেজ সবই নীল। লেজের রঙ্

যত গাঢ়, পিঠের দে রকম নয়। আবার ডানায় নীলের
সঙ্গে যেন সবুজের আমেজও আছে। পা ছ'খানি লাল, কিন্তু
লম্বা ঠোঁট জোড়াটা কালো। ইহারা পুকুর বা বিলের
ধারের গাছে ভালো মানুষের মতো চুপ করিয়া বসিয়া থাকে।
তার পরে জলের কোনো জায়গায় মাছ দেখিতে পাইলে
ঠিক্ সেই জায়গার উপরে ঘন ঘন ডানা নাড়িয়া স্থির
হইয়া উড়িতে আরম্ভ করে। ভোমরা যদি লক্ষা কর, তবে
দেখিবে, এই সময়ে মাছরাঙাদের মাথা থাকে নীচের দিকে

এবং পা থাকে উপরের দিকে। যাহা হটক, এই রকদে কিছুক্ষণ উড়িয়া উহারা ঝপাৎ করিয়া জলে পড়িয়া মাছ . ধরিয়া ফেলে। কখনো কখনো জলৈর ভিতরে পোঁতা গোঁজ বা খোঁটার উপরেও ইহাদিগকে এক ঘটা বা দেড় ঘটা কাল মাছ ধরিবার জ্ঞা চুপ করিয়া বসিয়া পাকিতে দেখা যায়। তোমরা ইহা দেখ নাই কি ?

ইহা ছাড়া আর এক জাতের সাদা-বৃক মাছরাঁঙা আমাদের দেশে দেখা যায়। এগুলিকেও দেখিতে বেশ স্তুন্দর। ইহাদের লেজ ও ডানা নীল। মাথা ও পেট খয়েরি রঙের। কিন্তু গলা বক ও গাল সাদা। আবার পা ও ঠোঁট লাল। এই নানা রঙের বাহারে পাখীঞ্লিকে দেখিলেই যেন পৃষিতে ইচ্ছা হয়। আগে যে মাছরাঙাদের কথা বলিয়াছি ভাহাদের চেয়ে ইহারা আকারে কিছু বড।

জ্বলাশয়ের ধার ছাড়া এই মাছরাঙাদের ভোমরা মাঠে-খাটেও উডিয়া-বেডাইতে দেখিবে যখন মাছ বেশি জোটে

মাছবাংগ বাডীতে বাসা করে না। জলাশয় হইতে দুরে কোনো

না, তখন ইহারা মাঠে পিয়া ফডিংও অক্ত পোকামাকড খাইয়া পেট ভরায়। লক্ষা করিলে দেখিবে, উডিবার সময়ে ইহারা ভয়ানক চীংকার করে। মাছরাভাদের বাদা থু*জিয়া বাহির করা বড মৃদ্ধিল। ইহারা গাছের ডালে বা লোকের

নির্জ্জন জারগায় ইহারা মাটিতে যে শ্বা হড়ক তৈরারি করে, তাহাই ইহাদের বাসা। সেইখানেই মাছরাঙারা ডিম পাড়ে। আমরা মাছরাঙার বাসা ফচকে দেখি নাই। শুনিয়াছি, হুড়কের মধ্যে খড়কুটা না বিছাইয়াই ইহারা ডিম পাড়ে। ইহাদের ডিমের রঙ্ লাল্চে। বাসার মধ্যে প্রায়ই গালা পালা মাছের কাঁটা জমা থাকে। বোধ করি, নিজেরা মাছ খাইয়া এবং বাচ্চাদের মাছ খাওয়াইয়া কাঁটাগুলিকে আর বাসা হইতে টানিয়া ফেলিয়া দেয় না। তাই মাছরাঙাদের বাসা ভারি নোংরা।

বাঁশপাতি

মাছরাওাদের এক জাত-ভাইরের কথা তোমাদিগকে এখানে বলিব। ইহাদিগকে বাঁশপাতি পাথী বলে; কেহ কেহ আবার ইহাদের "পত্রিদা" ও বলিয়া ডাকে। তোমরা এই পাখী দেখ নাই কি? আকারে ইহারা চড়াইদের চেয়ে বড় হয় না। কিন্তু লেজগুলি থুব লকা। দূর হইতে দেখিলে ইহাদের সব্জু পাথী বলিয়া মনে হয়। গায়ের পালকের রঙ, বাঁশের পাতার মতো সব্জু বলিয়াই বোধ হয় এই পাখীদের নাম দেওয়া হইয়াছে "বাঁশপাতি"। কিন্তু ভালোক করিয়া লকা করিলে ইহাদের গায়ে নানা রঙের পালক দেখা যায়। লেজের লম্বা পালকগুলির রঙ্কতকটা নীল। আবার এই পালকগুলির মধ্যে মাঝের ছইটা পালক বেশী লম্বা। গলার রঙ্পোলালা,—কিন্তু ছই গালের কতকগুলা পালকের রঙ্গালা এবং চোখ ছ'টা লাল।

বাঁশপাতিরা ছোটো পোকামাকড় খাইয়াই পেট ভরায়।

কথন কথন স্থবিধা পাইলে ইহারা মৌ-মাছি ও বোল্ডাদেরও
ধরিয়া থায় শুনিয়াছি। যাহা হউক লেজ
লম্বা বলিয়া এই পাধীরা সর্ব্বদা বিত্রত
থাকে,—মাটীর উপরে চরিয়া বেড়াইতে
পারে না। তাই ফিঙেদের মতো উচু বাশপাতি
জায়গায় বিসিয়া কোণায় কোন্ পোকা-মাকড় উড়িতেছে,
তাহা ইহারা দেখিয়া লয়, তার পরে ছো মারিয়া ধরিয়া
দেগুলিকে খাইয়া ফেলে। শীতকালেই আমাদের দেশে
বাশপাতি পাখী দেখা যায়। ভোমরা লক্ষ্য করিশেই
দেখিবে, সবৃদ্ধ রঙের এই ছোটো পাথীগুলি টেলিগ্রাক্ষের তারে
বা গাছের শুক্না ডালের আগায় বিসয়া পোকায় সন্ধানে
চারিদিকে তাকাইতেছে এবং মাঝে মাঝে ছোঁ মারিয়া পোকা
ধরিতেছে।

বাঁশপাতিদের বাসা অনেক খোঁজ করিয়াও দেখিতে পাই নাই। খাঁহারা বাসা দেখিয়াছেন, তাঁহারা বলেন,— ইহারা নথ ও ঠোঁট্ দিয়া বাগানের নিরিবিলি জাংগায় বা নদীর ভাঙনে সুড়দ করে। এই সুড়দসই ইহাদের বাসা হয়।

টুন্ টুনি

ইংরেজিতে টুন্টুনি পাখীদের "দর্দ্ধী পাখী" বুলা হয়। কেন—ভাহা বোধ করি ভোমরা জানো। ইহারা গাছের পাতা ঠোঙার মতো মুড়িরা ভাহার পাশ স্তা বা গাছের পাতা ঠোঙার মতো মুড়িরা ভাহার পাশ স্তা বা গাছের আঁশ দিয়া স্থলর করিয়া সেলাই করে এবং সেই ঠোঙার মধ্যে পালক বা তুলা বিছাইয়া ডিম পাড়ে। দর্জীর মতো পাতা সেলাই করে বলিয়াই ইহাদিগকে "দর্জী পাখা বলা হয়। কাপড় সেলাই করিতে হইলে, আনাদের ছুঁচ্ স্তা ইভাদির দরকার হয়,—কিন্তু টুন্টুনিদের দেন্দ্র কিছুই জোগাড় করিছে হয় না। উহাদের ঠোটু ছুঁচের কাজ করে এবং গাছের ছালের আঁশ জোগাড় করিয়া উহারা স্তার কাজ চালায় এই পাখীরা কেমন করিয়া সেলাই করার বিভা শিখিল, ভাহা ভাবিলে অবাক্ হইতে হয়।

টুন্ট্নি পাখীদের ভোমরা নিশ্চয়ই দেখিয়াছ। আকারে ইহারা চড়াই পাখার চেয়েও অনেক ছোট নয় কি ঃ ইহাদের পিঠের রঙ, যেন কডকটা খয়েরি কিন্তু মাথা ধূসর। পেটের ভলার পাদক সাদাটে। জেজ সাধারণতঃ খুব লখা নয়,— কিন্তু ডিম পাড়ার সময়ে পুক্ষ-পাথীদের লেজের মাঝের ছটো পালক হঠাং লক্ষা হইয়া পড়ে। ভাই সেই সময়ে পুক্ষ-পাথীদের লেজ লক্ষা দেখা যায়। বৈশাব-জৈছি হইতে আরম্ভ করিয়া আবিণ-ভাত পর্যান্ত "ট্ইজ্ টুইজ্" শব্দ করিয়া ইহারা ঝোপ-জঙ্গলের উপরে ক্রমাণত লাফালাফি করে। পাখীগুলি টুন্টুনি ছোটো,—কিন্তু ভাহাদের গলার ফর নিভান্ত ছোটো নয়। যথন টুন্টুনিরা গাছের ভালে লাফালাফি করিয়া ভাকিতে থাকে, তখন ভাহা অনেক লুর হইতে শুনা যায়।

ট্ন্ট্নি পাখীদের তোমরা যদি কেই আজও না দেখিয়া থাক,—থোঁজ করিয়া দেখিয়া লইয়ো। বৈশাখ-জৈ মাসে তোমাদের বাগানে থোঁজ করিলেই ইহাদের দেখিতে পাইবে। ইহারা বড় চঞ্চল পাখী একট্ দ্রে দাঁড়াইয়া দেখিলে ইহাদের চাল-চলন জানিতে পারিবে। সেই পাতার ঠোঙার মতো বাসায় তুলা বিছাইয়া টুন্ট্নিরা তিন-চারিট করিয়া ডিম পাড়ে। ডিমগুলি হঠাৎ দেখিতে সাদা, কিন্তু ভালো করিয়া দেখিলে বুঝা যায়, সাদার উপরে লালের ছিটাফোঁটা আছে।

সাত-সয়ালি

সাত-সয়ালি পাখীদের আর এক নাম সাত-সতী। এই
নাম কেন ধইল জানি না। কিন্তু পাখীগুলি বড় সুন্দর।
মাখাও ঘাড় কালো। পিছন দিক্ ও পেটের তলার বঙ
আল্ভার মতো। ভানা কালো, কিন্তু ভাহার উপর আল্ভা
রঙের ভোরা আছে। পাখীগুলি ছোটো, কিন্তু কথনই একা
একা বেড়ায় না। অনেকে মিলিয়া গাছে গাছে লাফাইয়া
পোকামাকড়ের সন্ধান করে।

টুন্ট্নির মতো সাত-সয়ালিদেরও গ্রী-পুরুষের চেছারায় প্রভেদ আছে। স্ত্রী-পাথীর গায়ের পালকের রঙ্ হল্দে এবং কালোতে মিশানো। কিন্তু রঙের বাহার থাকে পুরুষের পায়েই বেশি।

এই পাখীদের আর এক উপজাতিকে ছোটো সয়ালি বলা হয়। ইহাদের মাথা ধৃদর, কিন্তু বৃকের পালকের রঙ্লাল। সয়ালি পাখীদের সর্বানা দেখা যায় না, তাই ইহাদের কথা তোমাদিগকে বেশি কিছু বলিলাম না। তোমরা যদি একটু নজর রাখ, তাহা হইলে তোমাদের বাগানেই ইহা-দিগকে কখনো কখনো দেখিতে পাইবে।

ভরত পাখী

তামরা এই সক্র-ঠোঁট পাখীদের দেখিয়াছ কি-না জানি
না। ইহাদের দল বাঁথিয়া প্রায়ট জলাসয়ের ধারে চরিতে
দেখা যায়। খঞ্জন পাখীদের আকৃতির সঙ্গে
ইহাদের অনেক মিল আছে। কিন্তু
নঙ্, খঞ্জনের মত নয়,—সেভও সে-রকম ভরত পাখী
লগা নয় ভরত পাখীদের মাধায় ছোটো কুঁটি থাকে,—
ভানার রঙ যেন কতকটা খয়েরি।

ভরত পাথীর ডাক বড় মিই। তাহা ঠিক্ মিষ্ দেওয়ার মতো গুনায়। অহা পাথীর মতো ইহারা গাছের ডালে বিসয়া ডাকে না,—উড়িতে উড়িতে আকাশের উপরের দিকে উঠে এবং সঙ্গে সঙ্গে শিষ্ দেয়। ভরত পাথীদের বাসা আমরা দেখি নাই। ভনিয়াছি, ইহারা মাটিতে গর্স্ত করে এবং সেখানে ডিম পাড়ে।

ধৃলা-চটা নামে আমাদের দেশে আর এক রকম পাখী আছে। ইহারাও ভরত-জাতির পাখী। ইহাদিগকেও বাকে বাকে মাঠে চরিতে দেখা যায়। ভরত পাখীর মতো ইহারা আকাশে উঠা-নামা করিয়া উড়িয়া বেড়ায়। পুরুষ ধূলা-চটাদের পালকের রঙ্কাল্চে,—গ্রীদের রঙ্কতকটা সাদা।

তালচোঁচ

ভালচোঁচের। ঘরের কড়ি-বরগার ফাঁকে ও কার্ণিদের গারে বাসা করে। তাই ইহাদের দেখিবার জন্ম কট্ট পাইতে হয় না। ভোমরা এই পাখীদের আকৃতি ভালো করিয়া দেখিয়াছ কি! আকারে ইহারা চড়াইয়ের চেয়ে একট্ বড়; কিন্তু রঙু কাল্চে। পিঠে ও গলায় সাদা পালক থাকে।

তালচোঁচদের পায়ের আঙুলগুলি বড় মজার।

সাধারণ পাখীদের পায়ের তিনটা আঙুল যেমন সম্মুথে এবং

একটা পিছনে থাকে, ইহাদের পায়ের আঙুলগুলিকে সেরকমে সাজানো দেখা যায় না। আমাদের হাত-পায়ের
আঙুলের মডো উহাদের চারিটা আঙুলই সাম্নে ছড়ানো
থাকে। তাই ইহারা কথনই গাছের ডালে বসিতে পায়ে না।
আমরা তালচোঁচ পাখীদের মাটিতে ছাড়িয়া দিয়া দেখিয়াছি,
তাহারা নানা ভঙ্গীতে বাাঙের মডো থপ্ থপ্ করিয়া লাফাইয়া
পালাইতে চায়। কিন্তু তাহাদের নথগুলি ভারি ছুঁচ্লো।
নথে একবার কাপড় আট্কাইয়া গেলে, ভাহা ছাড়ানো
মুশ্বিল ইয়।

জ্ঞ পাথীদের মতো তালচোঁচেরা একা একা থাকিতে ভালবাদে না। এক এক জায়গায় এক এক দল পাথী বাদা করে এবং যখন উড়িয়া বেড়ায়, তখনো ঝাঁক বাঁধিয়া উড়ে। তোমরা যখন বিকালে খেলা কর, তালচোঁচদেরও সেই সময়ে খেলার ধ্ম লাগিয়া যায়। তখন তাহারা ঝাঁকে ঝাঁকে বাদার চারিদিকে চীংকার করিয়া ঘ্রিয়া যে-সব পোকামাক্ড় সম্মুখে উড়িতে দেখে, তাহাদিগকে ধরিয়া খায়। ইহাদের খাবার-সংগ্রহের রীভিই এই রকম,—উড়িতে উড়িতে বাহা মুখের গোড়ায় আসে, তাহাই খায়। এই জফুই সকালবিকালে ইহাদিগকে থ্ব ভৃত্তি করিয়া উড়িতে দেখা যায়। তালচোঁচদের ডাক তোমরা হয়ত শুনিয়াছ,—ইহা যেন হুইসিল্ বাঁশির শব্দের মতো। শুনিতে ভারি খারাপ লাগে।

ভালটোচদের বাসা ভোমরা দেখ নাই কি? তোমাদের বাড়ীর পূজার দালানে বা গ্রামের শিব-মন্দিরে থোঁজ করিলে ইহাদের বাসা দেখিতে পাইবে। তালটোচদের মূখের লালা ঠিক জিউলির আঠার মতো চট্চটে। সেই লালা এবং গায়ের খসা পালক দিয়া ইহারা জমাট রকমের বাসা তৈয়ারি করে। পালকগুলি লালায় জড়াইয়া ভকাইলে খুব শক্ত হয়। চীনা মূলুকে এক রকম তালটোচ তালাটোচ লালা দিয়া যে বাসা তৈয়ারি করে, তাহা নাকি খুব মুসাছ খাছ। লোকে অনেক কই করিয়া ঐ সব বাসা

ভাঙ্গিয়া আনে এবং তার পরে তাহার ঝোল তৈয়ার করিয়া খায়। যাহা হউক, আমাদের দেশের তালটোচের বাসা দিয়া বোধ করি ঝোল ভালো হয় না,—বইলে ইহাদের • একটা বাসাও আমরা দেখিতে পাইডাম না। লোকে সব বাসা ভাঙ্গিয়া ঝোল ও অফল র'াধিয়া খাইত।

তালটোচদের বংসরে ছই বার করিয়া ডিম হয়। ডিম-গুলি দেখিতে সাদা ও লখাটে ধরনের। কিন্তু এক-একবারে ইহারা ছুইটা বা তিনটার বেশি ডিম পাড়ে না।

আবাবিল

এই পাখীদের তোমরা দেখিয়াছ কিনা জানি না।
অনেকে ইহাদিগকে ভালটোচ-জাতির পাখী বলিয়া মনে
করেন। কিন্তু আঝাবিল ও তালটোচ পৃথক জাতির পাখী।
আঝাবিলের পায়ের নখ, চেহারা এবং বাসা তালটোচদের
তুলনায় সম্পূর্ণ স্বতন্ত্র। তালটোচেরা গাছের ডালে বসিতে
পারে না, কিন্তু অবাবিলেরা ভালে বসেও দরকার হইলে
মাটিতে হাটিয়া বেড়ায়।

আমরা সচরাচর ষে-সব আবাবিল দেখিতে পাই, তাহাদের পিঠের পালকের রঙ্ কালো কিন্তু বুক ও পেটের রঙ্ সাদা; লেজেও সাদা ফুট্কি আছে। মুখ ও গলা আবার কতকটা খয়েরি রঙের পালকে ঢাকা থাকে। ইহাদের বাসা-গুলি অতি ফুলর। কোথা হইতে কাদা বহিয়া আনিয় ইহারা পেয়ালার আকারে কাদার বাসা তৈয়ারি করে এবং কাদার উপরে আবার ঝয়া-পালক লাগাইয়া দেয়। কখনো কখনো বাড়ীর কড়ি-বরগার ফাঁকে ও কার্দিসে এই রকম বাসা অনেক দেখা যায়। ইহারাও দল বাঁধিয়া থাকিতে ভালবাসে এবং অনেকে এক জায়গায় বাসা তৈয়ারি করে।

আবাবিলেরা তালচোঁচদেরই মতো ফুর্তিবাজ পাথী। ইহাদিগকে একদণ্ডও স্থির থাকিতে দেখা যায় না; ঝাঁকে ব'কে উড়িয়া বাসার কাছে চীংকার করে এবং সঙ্গে সঙ্গে উড়স্ক পোকা-মাকড় ধরিয়া খায়। অক্য পাখীদের মতো .
ইহারা লভাপাভায় বা ঘাসের মধ্যে পোকা খুঁ জিয়া বেড়ায়
না। উড়িতে উড়িতে এবং ডাকিতে ড়াকিতে পোকা মিকার
করা, রৃষ্টির সময়ে উড়িতে উড়িতে স্নান করা ও জল খাওয়াই
ইহাদের স্বভাব। আবাবিলেরা বেশী শীত সহ্য করিতে
পারে না। তাই যে-সব দেশে বেশী শীত, সেখান ইহিতে
ইহারা শীতকালে গরম দেশে পালাইয়া যায়,—তার পরে
প্রীয়াকাল আসিলে স্বদেশে কিরিয়া যায়।

আবাবিলদের ডম বড় মঞ্জার। ইহারা সাদা ও লাল্চে,—ছই রকমই ডিম পাড়ে। ডিমের উপরে কখনো কখনো গাচ লালের ছিটা-ফোঁটাও দেখা যায়।

আমরা এখানে কেবল এক রকম আবাবিলের কথা বিলোম ভারতবর্ধে প্রায় কুড়ি জাতের আবাবিল দেখা যায়। নকুটি নামে এক রকম ছোটো আবাবিল নদীর ধারে প্রায়ই ঘুরিয়া বেড়ায়। ইহারা আকারে চড়ুই পাখীদের চেরেও ছোটো। রঙ্খয়েরি। ইহাদিগকে লোকের বাড়ীতে আসিয়া বাসা করিতে দেখা যায় না। ভোমরা বোধ করি এই পাখীদের দেখ নাই। উত্তর-পশ্চিম অঞ্চলে বেড়াইতে পিয়া আমরা নদীর ধারে নকুটি পাখী অনেক দেখিয়াছি।

· বাবুই

বাবুই পাখীদের কেহ কেহ বায়া পাখীও বলে। গাছের ডালে বোতলের মতো বাসা বাঁধে বলিয়া ইহাদিগকে "বোতল পাখী" বলিতেও শুনিয়াছি।

বাবৃই পাধীরা আকারে খুব বড় নয়। দেখিতে জ্রী-চড়াইয়ের মতো। গায়ের পালকের রঙ খয়েরি। কিন্তু ডিম পাড়ার সময় আসিলে পুরুষ-পাখীদের গায়ের রঙ্ ফুন্দর হল্দে রকমের হইয়া দাঁড়ায় এবং গলার রঙ্কালো হয়। জ্রী-বাবৃইদের রঙ্কিন্তু কোনো সময়েই বদলায় না।

চড়াই পাখীদের মতো বাবৃইরা ঘাসের বীজ ও শস্ত খাইয়া পেট ভরায়। ঠোঁটের গোড়ায় পোকামাকড় পাইলেও বোধ করি ছাড়ে না। বাসায় ছানা হইলে বাবৃই পাখীরা কেবল পোকার সন্ধানেই ঘুরিয়া বেড়ায়। ছানারা পোকা খাইয়াই বড় হয়।

বাবৃইদের বাসা বড় মজার জিনিস। প্রায়ই তাল ও খেজুর-গাছের ডালে ইহার। বাসা বাঁধে। ভোমরা গ্রামের বাহিরে এক-একটা গাছে হয় ত আট দশটি করিয়া বাসা বুলিতে দেখিবে। একা থাকা বা একা-একা বাসা বাঁধা ইহাদের স্বভাব নয়। তাই ইহারা অনেকে মিলিয়া এঁকই গাছে অনেক বাদা তৈয়ারি করে। কাক বা শালিক প্রভৃতির বাসার সহিত বাবুইয়ের বাসার একটও মিল দেখিতে পাওয়া যায় না। এই বাসার চেহারা যেন জল রাখার ছোটো কুঁজোর মতো। কুঁজোর গলা নীচে রাখিয়া ঝুলাইলে যে-রকম দেখায়, বাবইয়ের বাসা যেন সেই রকম। তাল নারিকেল ও খেজর-গাছের আশে বা লম্বা খডের ছিলা দিয়া বাবুইরা বাসাগুলিকে এমন স্থুন্দরভাবে ভৈয়ারি করে যে, তাহা দেখিলে অবাক্ হইতে হয়। বাবুই পাখীরা কেবল ঠোঁট দিয়া যেমন স্থানর বাদা ভৈয়ারি করে, খব ভালো কারিগর নানা যন্ত্রপাতি দিয়াও বোধ করি সে-রকম বাসা তৈয়ারি করিতে পারে না। ঠোঁট দিয়া ইহারা খড ও গাছের ছালের আশিগুলিকে এমন সরু করিয়া ছি'ডে যে, ভাষা দেখিলেই আশ্চর্যা হইতে হয়। বাবুইয়ের বাসা গাছ হইতে পড়িয়া গেলে, তাহার সরু খডকুটা দিয়া লোকে বালিশ তৈয়ারি করে। এই বালিশ তলা-ভরা বালিশের মতোই নবম হয়।

বাসা বাঁধার সময় হইলে বাবুইরা মাঠে বা জঙ্গলে গিয়া ঠোঁট দিয়া ঘাসের ফালি এবং তাল ও থেজুর-গাছের ছালের আঁশ জোগাড় করিয়া আনে। তাল-গাছের ডালে আট্কাইয়া এগুলি দিয়া বাসা ঝুলাইবার দড়ির কাজ করা হয়। দড়ি ঝুলানো হইলে বাবুইরা আসল বাসা বাঁধিতে

সুরু করে। প্রথমে বাসার চেহারা হয়, দড়িতে বুলানো একটা ঘটাবা ছাতার মতো। থোঁজ করিলে তোমরা তালগাছে বা থেজুর-গাছে এই রকম ঘটার আকারের বাসাদেখিতে পাইবে। এই ঘটার নীচে প্রায়ই একগাছি শক্ত
খেড়ের দড়ি দাঁড়ের মতো লাগানো দেখা যায়। বাবৃইরঃ
কাজ করিতে করিতে সেই ছাতার তলাকার দড়ির উপরে
বিদ্যা বিশ্রাম করে এবং গান গাহিয়া আনন্দ করে। লোকে
বলে, ইহা নাকি বাবৃইদের বৈঠকখানা। স্ত্রী-বাবৃইরা যখন
খুব মন দিয়া বাসা বোনে, তখন পুরুষ-পাখী ছাতার তলার
দড়ির উপরে বিদয়া তাহাকে গান শুনাইয়া খুসী
রাখে।

বাবুইরা ভারি ফুর্ত্তিবাজ পাখী; থীরে ধীরে বাসা তৈয়ারি শেষ হইয়া গেলে ইহাদের আনন্দের আর সীমা থাকে না। তথন তাহারা যে কি করিবে, তাহা ঠিকু করিতে না পারিয়া হয়ত উড়িয়া উড়িয়া ডিগ্রাজী খাইতে আরম্ভ করে; কথনো বা উৎসাহের চোটে পদ্মপ্পর কামড়াকামড়ি আরম্ভ করে। বোধ করি, তথন ইহারা অঞ্চ পাখীদের জানাইতে চায়,—"দেখ, আমরা কেমন বাসা বেঁধেচি; তোরা বোকা, বাসা বাঁশ্তে জানিস্নে।"

অফ পাৰীরা যেমন বাসায় ঘাইবার সময়ে প্রথমে উড়িয়া গাছের ডালে বসে এবং ভার পরে ধীরে ধীরে বাসার ভিতরে যায়, বাবুইরা ভাহা করে না। ইহারা উড়িতে উড়িতে বাসার তলাকার ওঁড়ের মতো পথ দিয়া ভিতরে প্রবেশ করে। অন্ত কোনো পাখী এই রক্ষমে ভিতরে যাইতে পারে না।



ভাই বাবৃইদের ডিম প্রায়ই নই হয় না।
ভোমরা একটা বাবৃইয়ের বাসা জোগাড়
করিয়া দেখিও, ভঁহার ভিতরে ডিমে তা
দিবার যে জায়গাটি আছে, ভাহা কেমন
স্থলর! আমরা যেমন সন্ধ্যার হময়ে
ঘরে প্রদীপ জালি, বাবৃইরা জোনাকি

পোকা বাদায় রাখিয়া দেই রকমে বাদায় আলো দেয়,—
এই রকম একটা কথা শুনা যায়। ডোমরা ইহা শুনিয়াছ
কি ! কিন্তু আমরা কথনো বাবৃইয়ের বাদায় জোনাকি দেখি
নাই,—বোধ করি কথাটা ঠিক্ নয়। হাল্কা বাদাগুলি
যাহাতে দামাঞ্চ বাতাসে বেশি নাড়াচড়া না করে তাহার জঞ্চ
যে বাবৃইরা বাদায় থানিকটা করিয়া কাদা রাখে, তাহা
আমরা দেখিয়াছি। জাহাজে যখন মাল বোঝাই থাকে না,
তখন উহা অল্ল চেউয়ে ভয়ানক ছলিতে থাকে। তাই মালারা
জাহাজের থোলে বক্তা বন্তা বালি বা অঞ্চ ভারি জিনিস
বোঝাই রাখে। ইহাতে জাহাজের দোলা বন্ধ হয়।
বাবৃইদের বাদা খুব হাঝা,—ভাই অল্ল বাতাসে সেগুলি
ভয়ানক দোলে। এই দোল নিবারণের জঞ্চই বোধ করি
বাবৃইরা বাদায় মাটি রাখে। দেখ, এই পাখারা কি রকম
হিদাব-পত্র করিয়া বাদা ডৈয়ারি করে। বাদা মনের মতো

না হইলে, ইহাদিগকে এক বাসা ছাড়িয়া মনের মতো ন্তন বাসা তৈয়ারি করিতে দেখিয়াছি।

ভোমরা বোধ করি মনে কর, বসন্ত কালে দক্ষিণ দিক্
হইতে বাভাস বহে এবং শীতকালে উত্তর দিক্ হইতে বাভাস
আদে, ইহা বৃঝি কেবল মানুষেরাই জানে। কিন্তু ভাহা নয়,
পশু পাখী প্রভৃতি ছোটো প্রাণীরাও ভাহা বৃঝিয়া-স্লুজিয়া
চলে। শুনিয়াছি, বাবৃই পাখীদের আব হাওয়ার জ্ঞান নাকি খুব
বেশী। ভাই যে দিক্ হইতে বেশি ঝড় বা বাভাস বহা সম্ভব,
ইহারা বাসার সরু মুখগুলিকে ভাহারি বিপরীত দিকে
রাখে। এই কথা সভ্য কিনা, আমরা পরীক্ষা করিয়া দেখিতে
পারি নাই। ভোমরা স্থবিধা পাইলে, ইহা পরীক্ষা করিয়া
দেখিয়ো।

বাব্ইদের বাসায় কথনই ছুই বা ভিনটার বেশি ডিম দেখিতে পাওয়া যায় না। বর্ষাকালই ইহাদের ডিম পাড়ার সময়। ডিমগুলির রঙ্ সাদা। বাব্ইয়ের ছানা যত্ন করিয়া পালন করিলে বেশ পোখ মানে। আমরা একবার সার্কাসে একটি বাব্ই পাখীর খেলা দেখিয়াছিলাম। ঠোঁটে জ্বলস্ত ছোট মশাল লইয়া সে নানা রকম খেলা দেখাইড; ঠোঁট দিয়া পিস্তল আওয়াজ করিত। ভোমরা এ রকম পোষা বাব্ই দেখ নাই কি ?

गधुभाशौ .

আমরা যত পাখী দেখিতে পাই, তাহাদের মধ্যে মধুপায়ী পাখীরাই বোধ হয় সব চেয়ে ছোটো। কোন পাখীদের আমরা মধুপায়ী বলিতেছি, তোমরা তাহা বুঝিতে পারিয়াছ কি ? ইংাদের কেহ কেহ "মৌ-চোষা," কেহ বা "চুর্গা টুন্টুনি" বলেন। তোমরা ইহাদের কোন্ নামে ডাকো, তাহা জানি না। কিন্তু তোমরা ইহাদের নিশ্চয়ই দেখিয়াছ। মধুপায়ীরা আকারে তিন-চারি ইঞ্চিঃ বেশী বড় হয় না। ফুলের মধু ও ফুলের ভিতরকার পোকামাকড়ই ইহাদের প্রধান আহার। তাই মৌ-মাছি ও ভ্রমরদের মতো ইহারা ফুলে ফুলে উড়িয়া বেড়ায়। এক মুহুর্ত্তও ইহাদিগকে স্থির থাকিতে দেখা যায় না; কেবলি ফুলের গাছে লাফালাফি করিয়া বেডায়। মধুপায়ীদের গায়ে এত শক্তি কোথা হইতে আসে, জানি না। আমরা আধমাইল পথ দৌড়াইতে গেলেই হাঁপাইয়া পড়ি, – কিন্তু সমস্ত দিনের লাকালাফিতে ইহারা একটুও ক্লান্ত হয় না। শিমুল গাছ যখন সরস্বতী পূজার সময়ে ফুলে ফুলে ভরিয়া উঠে, তথন শালিক প্রভৃতি পাখীদের মহোৎসব

লাগিয়া যায়। সমস্ত দিন তাহারা শিমুল-ফুলের মধুখায়। এই মহোৎসবে আমরা মধুপায়ী পাখীদেরও যোগ দিতে দেখিয়াছি। আমাদের মনে হয়, ফুলের মধু খায় বলিয়াই ইহাদের গায়ে এত জোর। মধুপায়ীদের ঠোঁটগুলি কি রকম লম্বাও বাঁকা তোমরা বোধ হয় তাহা দেখিয়াছ। ফুলের ভিতরে দেই ঠোঁট প্রবেশ করাইয়া ইহারা মধু ও পোকা-মাক্ত থায়। এই জন্ম ভগৰান তাহাদের ঠোঁটগুলির আকৃতি ঐ রকম করিয়াছেন। তা ছাড়া মধু চুবিয়া খাইবার জন্ত ক্রিভগুলির আকৃতি কতকটা নলের মতো থাকে। ঠোঁট দিয়া ফুলের তলায় ছিদ্র করিয়া মধুপায়ীরা মধু খাইতেছে, ইহাও আমরা দেখিয়াছি। গাছে রঙিন্ ফুল ফুটলে এই পাখীরা গাছের কাছ ছাডা হইতে চায় না। আমাদের ৰাড়ীর আভিনায় একটা জবা গাছ ছিল,—লাল জবা-ফুলে গাছটি বাবো মাসই ভরিয়া থাকিত। সকাল হইতে সন্ধা। পর্যান্ত অনেকগুলি মধুপায়ীকে গাছের চারিদিকে ঘুরিয়া বেডাইতে দেখিয়াছি। ভোমাদের কুলবাগানে সন্ধান করিলে ইহাই দেখিতে পাইবে।

শুনিয়াছি, ভারতবর্ষে প্রায় তিশ জাতির মধুপায়ী আছে।
তাহাদের প্রত্যেকেরই গায়ের পালকের রঙ্ বতন্ত। আমাদের
বাংলা দেশে ইহাদের মধ্যে যে উপজাতিকে সর্ব্বদাই দেখা
যান্ন, কেবল তাহারি কথা তোমাদিগকে বলিব। এই
পাখীদের স্ত্রীও পুরুবের চেহারা এক রকম নয়। দূর হইতে

পুরুষ পাখীদের ভ্রমরের মতো সব্জে রক্ষের কালো বঁলিয়া বোধ হয় এবং ভালো করিয়া দেখিলে পেটের ভলাটা ফিক্
হল্দে রক্ষের দেখার। কিন্তু ইহা ভাহাদের প্রকৃত রঙ্ নয়।
যদি এই পাখীদের ধরিয়া পরীক্ষা করিতে পার, তবে দেখিবে,
ইহাদের মাথার উপরকার খানিকটা রঙ্ সব্জ এবং কখনো
গোলাপি দেখাইতেছে। ঘাড় ও পিঠের খানিকটা যেন লাল।
ঝাড়-লগুনের ভিন-কোণা কাচে স্থো্যর আলো পড়িয়া যেমন
নানা রঙের বাহার দেখায়, মধুপায়ীদের পালকে স্থো্যর
আলোতে দেই রক্ষেই নানা রঙ্ ক্লণে ক্ষণে প্রকাশ পায়া।
ভাই ইহাদের গায়ের রঙ্ যে কি, ভাহা হঠাৎ বলা যায়না।

মধুপায়ীদের বাসা তোমরা দেখিয়াছ কি ? খোঁজ করিয়া পরীক্ষা করিয়ো, দেখিবে, বাসাগুলিতে খুব কারিগুরি আছে। ছোটো ঝোপে ইহারা বাবুইদের মতো ঝুলানো বাসা তৈয়ারি করে। বাগানের মেদির বেড়ার ভিতরে আমরা এই রকমই বাসা দেখিয়াছিলাম। শুক্না খড়কুটা মাকড়সার জাল দিয়া জড়াইয়া ইহারা বাসা তৈয়ারি করে। কখনো কখনো কাগজের ছোটো টুকরা ও অহ্য পাখীর নরম পালকও বাসায় পাওয়া যায়। কাক চিল ও ফিজেদের বাসার ছাদ থাকে না, কিন্তু মধুপায়ীদের বাসার ছাদ থাকে এবং ভিতরে প্রবেশ করার জন্য ছাদের কাছে এক-একটা প্রথও দেখা যায়। বাহির হইতে বাসাগুলিকে খড়কুটার স্তুপ বলিয়া বোধ হয়, — কিন্তু ভিতরটা বড় স্থন্দর। কোধা

হইতে তুলা আনিয়া মধুপায়ীরা ভিতরে বিছাইয়া রাখে। তাই আমরা গদির উপরে শুইয়া যেমন আরাম পাই, ইহারা বাদায় শুইয়া সেই রকম-আরাম পায়।

. মধুপায়ীদের প্রায়ই ছুইটার বেশি ডিম হয় না। ঝোপজন্মলের থুব সরু ডালের গায়ে বাসা বাঁধে বলিয়া বোধ হয়
কাক-কোকিল প্রভৃতি ছুই পাখীরা ডিমগুলিকে নই করিছে
পারে না। তাই মধুপায়ীরা যে ছুইটা করিয়া ডিম পাড়ে,
তাহাদের প্রভাকটি হুইতে ছানা হয়। গির্গিটি ও টক্টিকিরা মধুপায়ীদের ডিমের পরম শক্র। সন্ধান পাইলেই
ইহারা বাসায় গিয়া ডিম চুরি করিয়া খায়। এই সব ছোটো
শক্রর ভয়ে মধুপায়ীদের স্ক্লাই ভয়ে ভয়ে থাকিতে হয়।

কপোত জাতি

পায়রা .

ভোমাদের মধ্যে হয় ত অনেকেই পায়রা পুষিয়াছ অথবা পোষা পায়রাদের দেখিয়াছ। ভাই ইহাদের সম্বন্ধে বেশি কথা ভোমাদিগকে বলিব না।

পায়রাদের চেহারা লক্ষ্য করিয়াছ কি ? ইহাদের মাখাগুলি অন্য পাখীদের তুলনায় যেন ছোটো। কিন্তু ডানা
চিল বা শকুনদের মডো বড় না হইলেও খুব জোরালো।
তাই উহারা অনেকক্ষণ ধরিয়া উড়িয়া বেড়াইতে পারে।
পায়রাদের পায়ের আঙুলগুলির মধ্যে ডিনটা আঙুল থাকে
সন্মুখে, এবং একটা থাকে পিছনে। পিছনের আঙুলাটি যেন
ছোটো। আবার পা হুখানির রঙ্টুক্টুকে লাল। পায়রাদের ঠোঁট ছোটো এবং ভাতে জোরও কম। কাক বা
চিলদের মডো উহারা ঠোঁট দিয়া কোনো জিনিস ঠুক্রাইয়া
খাইতে পারে না।

আমাদের দেশের অনেক পাণীই চৈত্র-বৈশাধ মাদে বাসা বাঁধিয়া ডিম পাড়ে। তার পরে ডিম হইডে ছানা বাহির হইলে এবং দেগুলি বড় হইলে, পাথীরা আর বাদার দহিত দম্বদ্ধ রাখে না। কিন্তু পায়রারা বারো মাদট ডিম পাড়ে। তাই বারো মাদই তাহাদের বাদার আয়োজন

রাখিতে হয়। পা্যরাদের বাসা তোমাদের চণ্ডীমণ্ডপে বা গোরাল ঘরেই দেখিতে পাইবে। কিন্তু সেগুলির মধ্যে একট্ও কারিগুরি দেখিতে পাণ্ডয়া যায় মা। ঘরের দেওরালের ফাঁকে কতকগুলি খড়কুটো



পায়রা

গাদ। করিলেই ইহাদের বাসা তৈয়ারি হইয়া যায়। পায়রারা এই এলো-মেলো রকমে সাজানো খড়ের উপরে ডিম পাডে।

পায়য়ার ডিন তোমরা দেখিয়াছ কি ? সেগুলি ফুট্ফুটে
সাদা। এই সব ডিম হইতে যে ছানা বাহির হয়. প্রথমে
তাহাদের গায়ে পালক খাকে না এবং তাহাদের চোখাগুলি
খোলা থাকে না। কাক-কোকিলের বাচনারা যেমন জন্মিয়াই
"খাই খাই" করিয়া চীংকার করে, পায়য়ার বাচনারা তাহা
করে না। তাই পায়য়ারা নিঃসহায় বাচনাদের অভি-যয়ে পালন
করে । ধান সরিধা ঘাসের বীজ প্রভৃতিই পায়য়াদের
প্রধান খায়। তোমরা পায়য়াদের ইটের কুচি কাকর খাইতে
দেখিয়াছ কি ? ইহা আমেরা অনেক দেখিয়াছি। ভোমাদের
আভিনায় যে সব মেটে গোলা-পায়য়া চরিতে আসে,

ভাহাদের পকা করিয়ে, দেখিবৈ, ভাহারা ক্রমাপ্রত ঠোঁট প্রীচু করিয়া মাটি হইডে ঘেন কি পুটিরা থাইভেছে। আমরা মনে করি, বৃথি ধান বা সরিবী বাইভেছে। কিন্তু ভাহা নর। বাড়ীর আভিনার সকল সময় সরিবী বা ধান পড়িয়া পাঠে না। পায়প্রান্ধী ভখন ইটের কৃটি ও কাকর কুড়াইরা খায়। পায়প্রান্ধির পেটে বাঁভার মডো একটা অংশ আছে। অন্ত খাবারের সঙ্গে বাঁভার মডো একটা অংশ আছে। অন্ত খাবারের সঙ্গে কাকর ইভাাদি মিশিলে বাঁভা কলে সেওঁলির চাপে সব খাবার গুড়া হইয়া যায়। কিন্তু বাচ্চারা ধান গম কিছুই প্রথমে খাইতে পারে না। ভাই পায়রারা অর্ক্রেক হল্প-করা শস্ত পেট হইতে উগ্রাইয়া বাচ্চাদের খাওয়ায়। আমরা ভোটো বেলার যেমন মায়ের হুধ খাইয়া বড় হই, পায়রাদের ছোটো বাচ্চারা সেই রক্ষ মায়ের মুখ হইতে ঐ খাবার খাইয়াই বড় হয়।

মানুষের মধ্যে ছাই-চার জন এমন গভীর প্রাকৃতির থাকে যে, জাহাদের মুধ দেখিলেই ভয় পায়। কাছে গিয়া যে ছটা কথা বিশিব, ভাছার ভিরসা হর না। আবার এ-রকম লোকও অনেক দেখা যার, যাহাদের মুখে সর্বদাই হাসি লাগিরা থাকে। এ সব লোককে দেখিলেই ভাহাদের মন্তে ছাই লভ বসিয়া গল্ল করিতে ইচ্ছা হয়। পাখীদের মধ্যেও এই রকম গভীর ও প্রস্কুল ভাই কভাব দেখিতে পাওরা বায়। বক, চিল, শক্র, বাজ' গেডা, ইহারা সকলেই গভীর প্রকৃতির পাখী। চিইারা দেখিলেই ভর পায়। কিন, চিল,

চেহারা দে-রকম নয়। ইহাদের চাল-চলনে এবং চেহারায় এমন একটা কি আছে যে, দেখিলেই মনে হয়, তাহাদের দদে মিশিলে ভয় নাই। পায়রারাও ঠিক সেই রকমেরই পাখী,—তাহাদের চাল-চলন ও চেহারায় যেন ফুতি লাগিয়াই আছে। পুরুষ পায়রাঞ্জি কৈমন শ্বকম্ বক্ম্"শন্দ করিয়া গলা ফুলাইয়া গ্রীদের চারিদিকে নাচিয়া বেড়ায়, ভাহা ভেমরা বেড় নাই কি ? ইহাদের ফুডির যেন নীক্ষ মাই।

হরিয়াল '

হরিয়ালর। পায়র। জাতিরই পাখী। আকৃতিতে কতকটা মিল থাকিলেও চাল-চলনে ও গায়ের রঙে পায়রাদের সঙ্গে মিল নাই।

হরিয়াল হয় ত ভোমরা সকলে দেখ নাই। ইহারা কখনই গৃহস্থদের বাড়ীতে চরিতে আসে না বা বাগানের গাছে আসিয়াও বসে না। একটু নিরিবিলি জঙ্গলের গাছে হরিয়ালদের সন্ধান পাওয়া যায়। ইহাদের দেখিতে অতি ফুঞ্জী। গায়ের রঙ্ যেন হল্দেটে সবৃদ্ধ। বৃক ও গলার রঙ্ কিন্তু বেশি হল্দে। পা হখানি ছোটো কিন্তু তাহারো রঙ্ হল্দেটে লাল। এ রকম রঙের পাখী আর দেখাই যায় না। টিয়া পাখাদের রঙ্ সবৃদ্ধ, কিন্তু ঠোঁট লাল। আবার অনেক জাতের টিয়ার গায়ে ও ডানায় লাল নীল এবং কালোর ছোণও থাকে। কিন্তু হরিয়ালদের গায়ে এ সব হাঙ্গামা নাই,—যেখানে যে রঙ্টি দিলে খাপ খায় সেই রকম রঙে যেন কোনো শিল্পী পাখীটিকে চিত্র করিয়া রাখিয়াছে। কিন্তু রঙের মধ্যে সবৃদ্ধই প্রধান। ভাই যখন

এক ব"কে হরিয়াল কোনো গাছে গিয়া বলে, তখন গারের রঙেও পাভার রঙে এমন মিলিয়া যায় যে, একটি পাখীকেও দেখা যায় না।

· হরিয়ালরা কি খায় ভোমরা জানো কি ? পায়রার জাতের পাখা হইলেও ইহারা ধান গম সরিষা কখনই ছোঁয় ना, देशामत अधान धावात कन। छाटे जन्म वह अछ्छि গাছে ইহারা আড্ডা করে। কখনো কখনো এক-একটা ঝাঁকে ইছাদের পঞাশ-ঘাটটা দেখা যায়। তাই যে-গাছে ৰসে, সে-গাছের ফল ইছারা একটাও রাখে সাধারণ লোকে বলে, হরিয়াল পাথীরা ভয়ানক অংলারী, তাই মাটিতে কখনই পা ফেলে না। কথাটা নিভান্ত মিথা। নয়, আমরা উহাদের কথনই পায়রাদের মতো মাটিতে নামিয়া চরিতে দেখি নাই। উহাদের ধান গম খুটিয়া খাওয়ার দরকার হয় না, ভাই বোধ করি উহার: মাটিতে নামে না ৷ অনেকে বলে, যথন পিপাসা লাগে তখন ছরিয়ালরা পায়ে গাছের পাতা লইয়া নদীর ধারে বদে এবং পাছে পায়ে মাটি ঠেকে এই ভয়ে সেই পাতার উপরে পা রাখিয়া নদীর জল খায়। আমরা হরিয়ালদের এ বক্ষম জল খাইতে দেখি নাই। বোধ করি ইহা একটা গল্প।

পায়রাদের মতো হরিয়ালরা "বক্ম্বক্ম্" করিয়া ভাকে
না। গোলা পায়রারা যেমন মাঝে মাঝে "কু—কু" করিয়া

আকে আছে শক্ষ কৰে, ছবিষান্ত্ৰী কেই বৃক্ষে জাকে।
কিন্তু এই ডাক্ পূৰ্ মিই—ঠিক বেন নিব্ দেওমান মজো।
ইহাদের বাসা কিন্তু দেখিতে একট্ড ভালো নয়। কতকগুলা গড়ক্টা কড় কবিয়া ইহাবা গাড়ের উপরে বানা বাধে
এবং ভাহাতে হই-ভিন্টা কবিয়া সাদা বঙ্কে ছিন পুট্ডু।
কিন্তু বাসার বড়ক্টা ঠিক মজো সাদানে থাকে না বলিয়া
অনেক ডিমই বাসার কাক দিয়া মাটিতে পড়িয়া ভালিয়া
বায়।

হরিয়ালের মাংস নাকি খাইডে খুব ভালো। এই জ্ঞা ইহাদের শক্র অনেক। শিকারীরা দলে দলে হরিয়াল শিকার করিতে বাহির হয়,—গাছে গাছে খু'লিয়া ইহাদের গুলি করিয়া মারে। দেখ, এই সব মানুষ কত নির্দির। এই পাখীরা পৃথিবীর কোনো ক্ষতিই করে না। বনে-জঙ্গলে পাভার আড়ালে লুকাইয়া বনের ফল খায় এবং নিজেদের ছোটো বাচ্চাদের পালন করে। কিন্তু মানুষ ভাহা স্থা করিতে পারে না; বন্দুক হাতে করিয়া ভাকাতের মতো ভাহাদিগকে খুন করে। দেখ, মানুষের কত অন্যায়।

যুযু

ঘুঘুরা পায়রা-ভাতের পাখী। তাই তাহাদের কথা এখানে বলিব। পূর্ববঙ্গের লোকে ঘুঘুদের "চুপি" পাখী বলিয়া ভাকে।

ভারতবর্ষে চার-পাঁচ রকমের ঘুঘু আছে। কিন্তু বাংলা-দেশে আমরা সচরাচর ছুই রকমের বেশি ঘুঘু দেখি নাই। তোমরা কত রকমের ঘুঘু দেখিয়াছ গ

ভিলে ঘুঘুদের ভাক বড় মজার। "কুক্—কু— কু— কু" এই রকম শব্দ করিয়া ইহার। সকালে চুপুরে ক্রমাগত ভাকে। শুনিয়া বুঝিয়াছি, "কু—কু" এই শব্দটা কথনো কথনো তাহাদের গলা ছইতে সাত-আটবার পর্যান্ত বাহির হয়। ঠিকু তুপুর বেলায় মুমুরা যখন দ্রের বাগানে ঐ রকম স্থরে ডাকে, তথন যেন তাহা কালার মতো শুনায়।

গলার উপরে ক্ষী-ওয়ালা আর এক রকম ঘুঘু তোমরা। থোঁজ করিলে বাগানে দেখিতে পাইবে। ইহাদের ডাকও



যেন কভৰটা কারার মতো। ভিলে ঘুঘুদের মতো ইহারা "কু—কু" শঁক বারবার গলা হইতে বাহির করে না,

ঘৃথ্ — "কু-কু-কু-" কেবল এই শব্দেই বার-বার ডাকে। থ্ব ভোর হইতে সন্ধ্যা পর্যান্ত এই ঘুদুদের
ডাকের বিরাম দেখা যায় না। আমরা কখনো কখনো ইহাদিগকে রাত্রিতেও ডাকিতে শুনিয়াছি।

এই ছই রকম ঘৃষু ছাড়া শ্রাম-ঘৃষু রাম খৃষু ইত্যাদি
নামের আরো ঘৃষু কথনো কথনো দেখা থার। রাম ঘৃষুরা
জঙ্গলের পাথী। জঙ্গল ছাড়িয়া ইহারা প্রায়ই গ্রামে চরিতে
আগে না; বনে থাকিয়া বনের ফঙ্গই ইহারা খায়। তা
ছাড়া এক রকম লাল ঘুষুও মাঝে মাঝে দেখা যায়। ইহাদের
ডানাবেশ লক্ষা ও গোলাপি রঙের। কিন্তু মাধাটা ধৃদর।
এই ঘুষুরা প্রায়ই ঝাকে ঝাকে চরিয়া বেড়ায়।

ঘুনুদের বারে। মাসই ডিম হয়। তাই বাসা বাঁধিবাব জফ্ম ইহাদিগকে বারো মাসই ব্যস্ত থান্ধিতে হয়। কিন্তু বাসাগুলি দেখিতে একটুও ভালো নয়। কোনো-মতে কতকণ্ডলা খড়কুটা একত করিয়া তাহার উপরে উহারা সাদা রভের ছই তিনটা করিয়া ডিম পাড়ে। কাক, কোকিল ও হাঁড়িচাঁচাদের মতো চোর পাথী বোধ হয় খুঁজিয়াই মিলে না। ইহাদের ভাকাত বলিলেও চলে। অফ্র পাথীদের বাসায় গিয়া ডিম চুরি করিয়া খাওয়া ইহাদের ভারি বদ্ অভ্যাস। ঘূর্দের উপরেও ইহারা থুব অভ্যাচার করে। তাই ঘূর্রা কাক-কোকিলদের হ'চকে দেখিতে পারে না। পাছে তাহারা ডিম চুরি করে, এই ভয়ে অন্থির থাকে। ভাই বাসার কাছ দিয়া কাক বা কোকিল উড়িয়া গেলে "কোঁ—কোঁ" শব্দ করিয়া ঘূর্বা থামকা ভাহাদের উপরে ব'পাইয়া পড়ে। এমন কি, চিল ও শিক্রা পাখীরাও উহাদের হাত হইতে উল্লার পায় না। ঘূর্বা কাক ও চিলের পিছনে ছুটিয়া তাহাদের লেজের পালক ধরিয়া টানাটানি করিতেছে, ইহা আমরা অনেক্ষার দেখিয়াছি।

মাহধ্যে হাত হইতে ঘুঘু পাধীরাও পরিত্রাণ পায় না। ঘুঘুর মাংস খাইতে ভালো, তাই শিকারীরা বন্দুকের গুলিতে ইহাদের মারে। কেহ কেহ আবার কাঁদ পাতিয়াও ঘুঘু ধরে।

ভিতির পাধীদের ভোমরা বাগানে বা মাঠে ঘাটে দেখিতে পাইবে না। ইহারা অঙ্গলের পাধী,—মামুবের কাছে আসিতে চায় না এবং লোকের বাড়ীতেও চ্রিতে আসে না। ছাই এই পাধী-সম্বন্ধে ভোমাদের কিছু বলিব না। লোকে সধ্করিয়া ভিতির পাধী ধাঁচায় রাখিয়া পোষে।

আমাদের দেশে ছই জাতি তিতির দেখা যায়। ইহাদের মধ্যে এক জাতির নাম "গৌর তিতির।" এই তিতিরদের পালকের রঙ্ যেন কতকটা ছেয়ে। তাহারি উপরে আবার সাদা ছিটে-কোঁটা থাকে। আর এক জাতির নাম "কালো তিতির।" ইহাদের পেট গলা বৃক এবং মাধার কতকটার রঙ কালো। কিন্তু এই পাখীদের বাংলাদেশে প্রায়ই দেখিতে পাওয়া যায় না।

যাহা হউক, ভিভিররা থুব ফুর্তিবান্ধ পাখী। গ্রামের কাছে জঙ্গলে কয়েকটা ভিভির থাকিলে, ডাহাদের উচু গলার শব্দে বন পরিপূর্ণ হইয়া উঠে। কিন্তু মাল্যের অভ্যাচারে ভাহাদের সর্বাদা ভয়ে ভয়ে থাকিতে হয়। ভিভিরের মাংস না কি খুব ভালো; ভাই শিকারীর দল বন্দুক হাতে করিয়া বনে যায় এবং ভাহাদিগকে মারিয়া কেলে।

বটের পাণী ভোমরা দেখিয়াছ কিনা, জানি না। ইংবারা কিন্তু বারো মাস আমাদের দেশে থাকে না। শীভকালে বাংলাদেশে বটের পাখীরা চরিছে আসে। ছোটো জঙ্গলে ও ঘাসের মধ্যে বা গম ও যবের কেতে ইহারা লুকাইয়া খাঁবারের খোল করে। মাম্বের পায়ের শব্দ পাইলে ভাহারা এক জায়গা হইতে আর এক জায়গায় লুকায়। ইহারা ভারি ভীতৃ পাখী। কিন্তু এত লুকোচুরি করিয়াও মাহ্যের হাত হইতে উদ্ধার পায় না। পায়রা জাতের অভ পাখীদের মাধের মতো বটেরের মাংস নাকি খাইতে থ্ব ভালো। ভাই শিকারীরা শীভকালে খুঁজিয়া পাতিয়া উহাদের গুলিকরিয়া এবং জাল পাতিয়া ধরিয়া মারে।

বটের পাধারা আকারে শালিক পাধীদের চেয়ে বড় হয়
না। ঠোঁটগুলি ছোটো এবং বেশ সক। গায়ের পালক
কউকটা ধয়েরি রঙের, কিন্তু পিঠে সাদা ডোরা থাকে।
ডোমরা শীতকালে মাঠে বেড়াইবার সময়ে শ্বা ঘাসের ভিতর
ইইতে এই পাধীদের বাহিরে আসিতে দেখিবে।

ময়ূর

মযুর বাংলা দেশের পাথী নয়। কিন্তু ইহা ভারতবর্ধেরই
পাথী। ভারতবর্ধ ছাড়া ইহাদিগকে অন্ত দেশে দেখা রায়
না। রাজপুতানার বন জললে ইহারা দলে দলে বেড়ায় এবং
দেখানে বাসা করিয়া ডিম পাড়ে। এক-এক দলে পঞ্চাশঘাটটি করিয়া মযুর থাকে। যাহা ইউক, ইহাদের মতো
ফুলর পাথী বোধ করি পৃথিবীতে আর নাই। মযুরদের
ডোমরা যে ফুলর লেজ দেখিতে পাও, ডাহা কেবল পুরুষ
পাথীদেরই থাকে। জী-পাথীদের লগা লেজ থাকে না।

ভোমরা আগেই দেখিয়াছ, যে-সব পাখীর লেজ লক্ষা, ভাহারা লেজ নই হইবার ভয়ে মাটিতে নামিয়া চরে না। কিছে, কোকিল ইত্যাদি পাখী এই জফাই গাছে গাছে বেড়াইয়া থাবারের সন্ধান করে এবং কখনো কখনো উভ়স্ত পোকামাকড় ধরিয়া খায়। ময়্রদের মধ্যেও ভাহাই দেখা যায়। ইহারা লেজ লইয়া এত শশব্যস্ত থাকে যে, সহজে মাটিতে নামতে চাহে না

ময়ুরের লেজ বোধ করি তোমাদের মধ্যে কেহ কেহ

দেখিয়াছ। ইহাতে যে কত রকম রঙের পালক আছে, তাহা বোধ করি ভোমরা গুণিয়াই শেষ করিতে পারিবে না। পালকের শেষে যে' চক্র থাকে, ভাহাতেই রঙের বাহার বিশি। লাল, সব্জ, সোনালি, বেগুণে— এই রকম নানা রঙ মিলিয়া ভাহাকে অভি স্থলর করিয়া ভোলে।

ময়্বদের পিছনের এই রঙিন্ পালককে লেজ বলে বটে, কিন্ত ইহা সভাই লেজ নর। ইহাদের আসল লেজ থাকে ঐ রঙিন্ পালকের তলায়। রঙিন্ পালকগুলি লেজেরই



ম্যূর

আছোদন। স্থতরাং মধুরের পেখমের চক্রওয়ালা পালক-গুলিকে যদি লেজের পালক বলা যায়, তবে ভূল হয়।

আমাদের এক জোড়া পোষা ময়ুর ছিল। ময়ুরীটা এমন পোষ মানিয়াছিল যে, পোষা কুকুরের মডো আমার পিছনে পিছনে চলিত; থাবার খাইবার জফু ঘরের ভিতরে

গিয়া উৎপাত করিত ৷ থাবার হাতে করিয়া ধরিলে হাত ভইছে ভাহা লইয়া খাইত। দিনে এই রক্ষ চুষ্টামি করিয়া দে রাত্রিতে ডালে ৰসিয়া সুমাইত। তোমরা বোধ করি ময়রের বাসা ও ডিম দেখ নাই, আমরা এই পোষা মন্ত্রীটির ডিম ওং বাদা দেখিয়াছিলাম। বাগানের বাছিরে ঝোপের জলায় গুকনা পাতা ও কুটোকাটা এক জায়গায় জনা করিয়া সে ভাচার উপরে গোটা চার-পাঁচ সাদা ডিম প্রস্ব করিয়াছিল। কিন্তু এই ডিম পাড়াতেই তাহার সর্বনাশ হইল। এক দিন সকালে দেখিলাম, একটা প্রকাণ্ড মরা গোখুরা সাপ ময়ুরের বাসার কাছে পড়িয়া আছে। সাপটা রাত্রিতে মুরুরের ডিম খাইবার জন্ম আসিয়াছিল,—ময়্র ভাহাকে ঠোক্রাইয়। মারিয়াছে। ইহার ছই-ভিন দিন পরে প্রাতে দেখা গেল ময়র বালায় নাই; ডিমগুলি চারিদিকে ভাঙ্গিয়া-চরিয়া পডিয়া আছে। বড় ভয় হইল :--থোঁজ করিয়া দেখিতে পাইলান, একটু দূরে এক গাছের ভলায় মহুরের পালক ছডাইয়া পড়িয়া আছে। বোধকরি, শিয়ালেরা ময়রের দন্ধান পাইয়া রাত্রির **অন্ধ**কারে তাহাকে মারিয়া ফেলিয়াছিল। শেই পোৰা মহূৰের কথা আজো আমাদের মনে পড়ে।

তাহা ইইলে দেখা, নন্ত্রেরা লাছে গাছে 'বেড়াইলেও, ভাষারা বাসা 'বাধে এবং ভিন পাড়ে নাটির উপরে।' নন্ত্রেরা কি 'বার,' ভাষা 'বেধে ইর' ভোষরা' কান 'না। দি আনাদের নেই 'লোকাখিকুড়িকিক' বান, চালা গান, 'লোকাখাকিড়া, নর্ম বাস ওঁকপির পাতা খাইতে দেখিয়াছি। তাই মনে হয়, ইহারা সব জিনিসই বায়। কিন্তু জল বায় বড় বেশি। তাই জসলের ময়ুরেরা যেধানে জল আছে সেইবানেই বেশি আছ্ডা করে।

ধনেশ

জ্ঞান্তি ধনেশ পাখী বোধ হয় ভোমরা সকলে দেখ নাই। ইহারা থাকে আমাদের দেশের চট্টগ্রাম জেলার জঙ্গলে। বার্মান্ডেও নাকি অনেক ধনেশ পাখী দেখা যায়। আলিপুরের চিড়িয়াখানায় ভোমরা ইহাদের দেখিতে পাইবে। আমাদের দেশে যাহারা ভেল্কি বাজী দেখাইতে আদে, তাহাদের সঙ্গে কখনো কখনো ধনেশের ঠোঁট থাকে। ভোমরা ইহা দেখ নাই কি! ভয়ানক লম্বা ঠোঁট! পাখাটা যত লম্বা, ঠোঁট প্রায় সেই পরিমাণে লম্বা হইতে দেখা যায়। এড বড় লম্বা ঠোঁট লইয়া পাখীগুলা যেন সর্বন্দা শশবাস্ত থাকে। ইহা ছাড়া ঠোঁটের উপরে আবার খাঁড়ার মতো আর একটা অংশ লাগানো থাকে।

যাহা হউক, ধনেশ পাখীদের বাসা-তৈয়ারি ও সন্তান-পালন বড় মজার ব্যাপার। আমরা সেই কথাটিই তোমাদের এখানে বলিব। খড়কুটা দিয়া ইহারা বাসা বানায় না। ডিম-পাড়ার সময় হইলে ইহারা গাছের পোকা-ধরা পচা ডালে গর্ত্ত করিয়া কোটর তৈয়ারি করে। ডাল্ন পরে ফ্রী-পাখী সেই কোটরে বসিয়া কোটরের মুখ নিজের বিষ্ঠা দিয়া বন্ধ করিয়া দেয়। ডোমরা বোধ হয় ভাবিতেছ, সে কোটরে বন্দা হইয়া না ধাইয়া দিন কাটায়। কিস্ত ডাহা নয়,—

ইহারা গর্ম্ভে খ্ব ছোটো একটু ছিন্ত রাখে। পুরুষ-পাখী বাহির হইতে পোকামাকড় কল প্রভৃতি ধাবার সেই ছিন্ত-পথের ভিতরে চালান, করে, ত্রী-পাখী তাহা খাইয়া পেট ভরায়। এই-রকমে অন্ধকার কোটরে বন্ধ থাকিয়া ত্রী-পাখা ডিম পাড়ে এবং ডিম হইতে বাদ্ধা বাহির হইলে সে-গুলিকে পালন করে। বেচারী পুরুষ-পাখী বাহিরে ধনেশ

থাকিয়া এক-মাস দেড়-মাস ধরিয়া কেবল খাবার জোগাইতেই থাকে। তথন নিজের থাবারের দিকে তাহার নজর থাকে না। এই রকমে পুরুষ-পাথীরা না খাইয়া মারাও পড়ে। ওদিকে স্ত্রী-পাথীরা ভাল-মন্দ থাবার খাইয়া মোটা হইয়া বাসা হইতে বাহির হয়।

বর্ণিয়ো দ্বীপে নাকি অনেক ধনেশ পাখী আছে।
সেখানকার লোকে এই পাখীদের উপরে ভারি অভ্যাচার করে
বড় বড় পাখী ধরিয়া ভাহারা উহাদের পালক ছিঁভিয়া
মাধায় পরে এবং ডিম ও বাচচাগুলিকে খুঁজিয়া-পাভিয়া
খাইয়া ফেলে। এইরকম উপদ্রেবে এখন ধনেশ পাখীর
সংখ্যা ক্রমেই কমিয়া আসিতেছে। দেখ, মামুষগুলো কড
ছুই। গ্রাম ও নগর ছাড়িয়া যাহারা গভীর জঙ্গলে গিয়া বাস
করে, ইহারা ভাহাদিগকেও খুঁজিয়া বাহির করে এবং
ভাহাদের পালক ছিঁভিয়াও ছানা কাড়িয়া লইয়া কই দেয়ঃ

শিকারী-পাখী

চিল

শিকারী-পাখীদের কথা বলিতে গেলে চিলের কথাই আগে মনে পড়িয়া যায়। ইহাদের চেহারা ভোমরা সকলেই দেবিয়াছ। সাধারণ চিলেরা কথনো কথনো এক হাতের চেয়েও বেশি লঘা হয়। আবার খ্রী-চিলদের পুরুষদের চেয়ে



যেন আকারে বড় দেখায়। তোমরা বোধ করি চিলের গায়ের পাপকের রঙ, ভালো করিয়া লক্ষ্য কর নাই। রঙ, খুব চক্চকে এবং জম্কালো নয়,— অথচ দেখিতে মন্দ লাগে না। দুর হইতে চিলকে দেখিলে মনে হয় যেন

শিকারী পাখী

ভাহার গায়ের রঙ্ খরেরি। কিন্তু গায়ের পালকের স্ব জারগারই রঙ্একই রকমের খরেরি নয়। চিল্পদের উড়া তোমরা লক্ষ্য করিয়াছ কি ? কাক শালিক পায়রারা যেমন ডানা নাড়িয়া উড়িয়া বেড়ায়, ইহারা প্রায়ই দের রকমে উড়ে না। ডানা ছখানিকে মেলাইয়া ছির রাখিয়া উড়াই ইহাদের স্বভাব। তা' ছাড়া উড়িবার ভক্তিটাও বড় স্থলর। চিলেরা যখন কোনো শকারের উপরে ছোঁ মারিতে যায়, তখন ডানা ছির রাখিয়া প্রায়ই আকাশে চক্রাকারে কয়েকবার ঘ্রশাক দেয়, ভারপর কস্করিয়া শিকারের উপরে ব'পাইয়া পড়ে।

ঁ শিকারী-পার্থীদের চোথের জোর থ্ব বেশি। মাঠে একটা ছোটো ইহর চলিয়া বেড়াইলেও তাহা উহারা জিন চারি হাজার ফুট উপরে উড়িয়াও দেখিতে পায়। চিলেরা এই রকমে অনেক উপরে উড়িতে উড়িতে মাঠে ঘাটে কোধায় কোন থাবার আছে তাহা দেখিয়া লইয়া ছোঁ মারে। কিন্তু দেখিয়া, চিলেরা ঠোঁটে করিয়া কোনো থাবারের জিনিস ধরে না। ছোঁ মারিয়া পায়ের ধারালো নথ দিয়া থাবার ধরে; ভার পরে তাহা কোনো গাছের মাথায় লইয়া গিয়া দেই বাঁকানো ও ধারালো ঠোঁট নিয়া ছি ড়িয়া খায়। পায়ে খাবার রাখিয়া উড়িয়া চলে বলিয়া অনেক সময় কাকের দল উহা কাড়িয়া লইবার জক্ম চিলের পিছনে পিছনে ছুটিতেছে এবং শেষে তাহা কাড়িয়া লইবারে রাখিলে বোধ করি কাকেরা এই রকম ফাঁকি দিয়া খাবার কাড়িতে পারিত না।

চিলের ডাক ডোমরা শুনিয়াছ কি ? ইহারা "চি—ই —ই—ল, হি—হি" এই রক্ষ একটা মিহি ত্বর গলা



হইতে বাহির করিয়া চীংকার করে।
আবার ছানারা ডাকে বিড়ালের মডো "মিউ
—মিউ" শব্দে। চিলেরা গৃহস্থ বাড়ীতে
প্রায়ই চরিতে আসে না। বাড়ীতে কোনো
ক্রিয়া-কর্ম্ম আছে জানিলেই কাকদের মতো
ছুই-চারিটি চিলকেও ছাদের উপরে বসিয়া

চিল তুই-চারিটি চিলকেও ছাদের উপরে বসিয়া থাকিতে দেখা যায়। তার পরে স্থবিধা পাইলেই, তাহারা ছোঁ মারিয়া কিছু থাবার জিনিস পায়ে লইয়া দূরে পালাইয়া যায়। ইহাদের জালায় বাজার হইতে মাছ বা অভ্য থাবার কিনিয়া আনা দায় হয়। নাছ ও মাংস ছাড়া অভ্য জিনিস ইহারা খাইতে ভালবাসে না,—তথাপি যে-কোনো থাবারের জিনিস দেখিলেই তাহাতে ছোঁ মারে এবং তার পরে গাছে লইয়া গিয়া তাহা কেলিয়া দেয়। স্থবিলার সোনার গয়না গড়িয়া লইয়া যাইতেছে, এমন সময়ে হঠাং কোথা হইতে চিল আসিয়া তাহা কাড়িয়া লইয়া গেল, ইহাও আময়া দেখিয়াছি।

চিলেরা গাছের উঁচু ডালে বর্ধার শেষে শুক্না ডালপালা দিয়া বাসা তৈয়ারি করে। ইহাদের বংসরে ছুইবার করিয়া ডিম হয়। এই জন্ম বর্ধার শেষ হইতে বৈশাখ মাস পথ্যস্ত ইহারা বাসার ভদ্বির করে। চিলের ডিম বড় স্থানর। ডিমগুলি দেখিতে সাদা, কিন্তু সেই সাদার উপরে যে খয়েরি ছোপ থাকে, তাহাই দেখিতে ফুন্দর।

আমরা ছেলেবেলার গল্প শুনিভাম, চিলের। নাকি ব্রাকালে বাংলাদেশ ছাড়িয়া পালায়। আমাদের এক বৃড়ী দাসী বলিড, বর্ষাকালে তাহারা লঙ্কা দ্বীপে যায় এবং সেখানে রাবণের যে চিতা, আজো আলিতেছে, তাহাতে এড়কুটা জেগোয়। কিন্তু এ সব কথা ঠিক্ নয়। বর্ষাকালে চিলেরা দেশ ছাড়িয়া পালায় না। বোধ করি, ঐ সময়ে বাসা বাঁখা ও ডিমে তা দেওরার জন্তু খুব ব্যস্ত থাকে বলিয়া উহাদের বেশি দেখা যায় না।

শশ্বচিল

শশুচিল তোমরা হয় ত দেখিয়াছ। ইহাদের পেটের তুলা বুক মাথা ও ঘাড় সাদা পালকে ঢাকা থাকে। শশুের মতো সাদা পালক গায়ে আছে বলিয়াই বোধ করি ইহাদের নাম শশুচিল হইয়াছে। কিন্তু ডানা ছু'খানি এবং শরীরের অন্ত অংশ থয়েরি।

এই চিলের। সাধারণ চিলদের মতো ছাই ও পেটুক নয়;
মাংস মাছ বা অহ্য থাবার জিনিস দেখিলে হঠাৎ ছে । মারে
না। এই কারণে শচ্চচিলদেরই লোকে ভক্ত বলে। ছেলে-বেলায় এই চিল দেখিলেই আমরা চিলের মতো চীৎকার
করিয়া বলিভাম.—

"শঙ্খচিলের ঘটি-বাটি

গোদা চিলের মুখে লা।খ।"

সতাই সাধারণ গোদা চিলেরা ছে'। মারিয়া থাবার কাড়িতে গিয়া যথন হাত রক্তাক্ত করে, তথন সতাই তাহার মুখে লাখি মারিতে ইচ্ছা হয়। শঙ্খচিলেরা গ্রামের মধ্যে আসিয়া বা গৃহস্থের বাড়ীতে গিয়া এ রক্ষে প্রায়ই ডাকাতি করে না। মাছই ইহাদের প্রধান থাবার। ডাই শীতকালে যখন থাল বিল ও পুকুরের জল শুকাইরা যায়, ডখনি ইহাদিগকে জলাশয়েক ধারে গাছে বসিয়া থাকিতে দেখা মাম। তার পরে গরম পড়িলে শখ্ডিলদের প্রায়ই আর সন্ধান পাওয়া যায় না।

মাঠ-চিল

যে ছই-রকম চিলের কথা বলা হইল, তাহা ছাড়া মাঠ-চিল নামে আর এক রকম শিকারী-পাথী আমাদের দেশে দেখা যায়। ইহাদের আর এক নাম "পানিডোবি" যাহা হউক এই পাখীদের তোমরা গ্রামের মধ্যে বা গৃহত্তের বাড়াতে দেখিতে পাইবে না। জলা জায়গায় ও মাঠে-ঘাটে ইহারা চরিয়া বেড়ায়। আবার বারো মাস ইহাদিগকে আমাদের দেশে দেখা যায় না,—শীতকালে ইহারা বাংলা দেশে চরিতে আসে। তাই তোমরা শীতকালে মাঠে বেড়াইতে গেলে হয় ত ইহাদের ছই-একটাকে দেখিতে পাইবে। মাঠ চিলদের ডানা খুব লম্বা এবং তাহার রঙ্ কতকটা ধ্সর রক্ষের। লেজগুলিও কম লম্বা নয়। ঠোঁটগুলি শিকারী পাখীদের ঠোঁটের মতো বাঁকা কিন্তু চাপা।

সাধারণ চিলদের মতো মাঠ-চিলেরা থ্ব উচুতে উড়ে না। খোলা মাঠের মধ্যে বা শস্তের ক্ষেতের এক হাত উপর দিয়া উড়িয়া বেড়ায় এবং ছোটো পোকা-মাকড় টিকটিকি গির্মিটি ইত্র যাহা চোখে পড়ে, সেগুলিকে ধরিয়া খায়। ছোটো পাখীদের ইহারা ভয়ানক শক্ত। তাই এই দব পাখী
মাঠ-চিলদের ভয়ানক ভয় করিয়া চলে। মনে কর, একদল
ভুকই বা শালিক ক্ষেতে ৰিসিয়া এক মনে জায়ার খাইতেছে।
এমন সময় যদি একটি মাঠ-চিল দ্রে দেখা যায়, তাহা হইলে
পাখীর দলে হটুগোল ৰাখিয়া যায়, দকলেই ক্ষেতের গাছের
ভিতরে লুকাইয়া পড়ে; ঐ ভাকাভ পাখী চলিয়া না গেলে
তাহারা আর ৰাহিরে আসে না। শিকারীদের হাতে বন্দুক
দেখিলে কাক ও অন্থ পাখীরা ভয় পায়। কিন্তু মাঠ-চিলেরা
শিকারীদের ভয় কয়ে না। অনেক সময়ে ইহারা শিকারীদের
কাছে কাছে উড়িয়া বেড়ায় এবং বন্দুকের গুলিতে ঘুদু বা
অন্থ পাখী মারা পড়িলে, ভাহা ছে মারিয়া লইয়া পালাইয়া
যায়।

শিকরা

শিক্রা পাখীর নাম বোধ করি তোমরা শুনিরাছ।
ইহাদের প্রায়ই বাংলা দেশে দেখা যায়। বীরভূম, বাঁকুড়া
প্রভৃতি জেলায় এই শিকারী পাথীদের যত বেশী দেখিরাছি,
অহাত্র সে-রকম দেখি নাই।

শিক্রা পাখীরা আকারে পায়রার চেয়ে বড় হয় না।
ইহাদের গায়ের পালকের বঙ্ ছেয়ে এবং বুক পেয়ালা, কিন্তু
ডানা ও লেক্তে কালো ডোরাখাকে। আবার পেয়ালা রঙের
বুকের উপরে সাদা ডোরাড়রিও দেখা যায়। কিন্তু ইহাদের
বাঁকানো ঠোঁট হল্দে চোখ এবং ধারালো নথ দেখিলে যেন ভয়
লাগে। শিক্রাদের চাহুনিও বড় কট্নটে। শরীরের তুলনায়
ইহাদের লেজগুলিকে যেন বেশি লম্বা বলিয়া বোধ হয়।

শিক্রারা কোন কোন জন্ত শিকার করে, তাহা বোধ করি তোমরা জানো না। চড়াই ভূকইয়ের মতো ছোটো পাখী হইতে আরস্ত করিয়া টিক্টিকি, গির্গিটি, বিছে, বাঙ্ এমন কি ফড়িং পর্যান্ত সকল প্রাণীকেই ইহারা স্থাবিধা পাইলে ধরিয়া খায়। আমরা ইহাদিগকৈ ঘুঘু ও শালিক ধরিয়া ৈ খাইতে দেখিয়াছি। বোধ করি, ঘুদুদের চেয়ে বড় পাখাদের ঁইহারা শিকার করিতে পারে না। প্রত্যেক শিকারী পাখীর শিকার করার এক-একটা রীতি আছে। ইহার কথা তোমরা আগেই শুনিয়াছ। ফিঙে, বাঁশপাতি, তালটোচ, আবাবিল, —এই সৰ পাখীরা উভিয়া উভিয়া উভস্ত পোকামাকত ধরিয়া খায়: কাঠঠোকরারা গাছে চাপিয়া পোকা বাহির করিয়া জিভে আটকাইয়া সেগুলিকে খাইয়া ফেলে: চিলেরা ছোঁ মারিয়া পায়ে করিয়া শিকার ধরে। শিক্রা পাখাদেরও শিকার ধরার এই রকম একটা রীতি আছে। শুনিয়াছি. সিংহেরা শিকার কাছে পাইলে, ভাহাকে লক্ষ্য করিয়া একটা লাফ দেয়। এক লাফে যদি সে শিকার ধরিতে না পারে, ভবে আর তাহাকে ধরিবার জন্ম দিভীয়বার লাফ দেয় না। শিক্রাদের শিকার করা কতকটা এই রকমেরই-- পুরে ছোটো পাখী বা অন্ত কোনো প্রাণী দেখিলে তাহারা জোরে শিকার ধারবার জন্ম উডিয়া চলে। কিন্তু ইতিমধ্যে যদি শিকার পালাইয়া যায়, তবে আর তাহাকে ধরিবার জভ চেষ্টা করে না। শিক্রাদের শিকার করা মজার ব্যাপার নয় কি? পোষা শিক্রা পাথী দিয়া আমরা সাঁওতালদের খুঘু, শালিক, চডাই, কাঠ্বিড়ালি প্রভৃতি শিকার কতেরি দেখিয়াছি। যেমন কুকুর দিয়া খরগোস ইত্যাদি শিকার করা হয়, শিক্রা দিয়া পাখী শিকার কতকটা যেন সেই রকমই। দাঁওতালেরা শিক্রা পাখীর পায়ে দড়ি বাঁধিয়া হাতের উপরে

বসাইয়া শিকারে বাহির হয়। তার পরে গাছে কোনো পাণীকে বসিয়া থাকিতে দেখিলেই, শিক্রাকে সেই দিকে ছাড়িয়া দেয়। শিক্রা ছুটিয়া সেই, পাণীকে ধরিয়া আনে। আগেকার রাঙ্গা-রাঙ্ক্তা ও বাদ্শারা এই রকমেই শিক্রা ও বাঙ্গপাথী দিয়া অস্তু পাথী শিকার করিতেন।

শিকরা পাখীরা গাছের থুব উচু ডালে বৈশাথ-জ্যৈষ্ঠ মাসে বাসা বাঁধে। শালিক, চডাই প্রভৃতি পাখীরা বাসা রাঁধার সময় যে কত বাস্ত থাকে. তাহা তোমরা সকলেই দেখিরাছ। তখন তাহাদের খড়কুট। জোগাড় করিতে আহার-নিজা বঁক ত্রয়া যায়। কিন্তু শিক্রা পাখীদের বাসা বাঁধার জন্ম সে-রকম তাগিদ দেখা যায় না। দিনে ছ'টা বা চারিটা খড যদি গাছের উপরে আনিয়া রাখিতে পারে, যথেষ্ট। এই রকমে এক মাদে তাহাদের বাদা তৈয়ারি হয়। কিন্তু বাদার শ্রীছাঁদ একটও দেখা যায় না; এলোমেলো করিয়া সাজানো কতক-গুলা খড়কুটাই শিক্রাদের বাসা। এই রকম বাসায় ভাহারা তই তিনটি করিয়া ফুটুফুটে সাদা রঙের ডিম পাড়ে। পুরাণের গলে শুনিয়াছি, গরুড জমিয়াই "খাই—খাই" করিয়া খাবারের সন্ধানে উডিতে আরম্ভ করিয়াছিল। ভাহাকে বভ বড বীরেরাও ধরিয়া রাখিতে পারিত না। শিকরার বাচ্চাদের গরুডেরই মতো সাহস দেখা যায়। তাহারা নি:সহাযভাবে বাসায় থাকে না। অতা পাখীরা বাসার কাছে আদিলে ঐ ছোটো বয়সেই তাহারা শক্রদের আক্রমণ করে।



115 min

বাজ

. বাজ পাখী দর্ব্বদা আমাদের গ্রামের মাঠে-ঘাটে দেখা যায় না। আমরা যেমন ডাকাতকে ভয় করি, অন্ত পাথীরা বাজকে ঠিক্ সেই রকমেই ভয় করিয়া চলে। অনেকে শিক্রা পাখীকেই বাজ বলে। কিন্তু তাহা নয়। বাজের ডানা লম্বা এবং চোখগুলি কালো,—তাহারা শিক্রার মতো এক ছটে পাখী ধরে না। বাজেরা পায়রাকে ধরিবার জন্ম তাহার পিছনে পিছনে উড়িয়া বেড়াইতেছে, ইহা প্রায়ই দেখা যায়। তোমরা এই সব লক্ষণ দেখিয়া কোন শিকারী পাখীদের আমরা বাজ বলিতেছি, তাহা বৃঝিতে পারিবে। আমাদের দেশে তিলে-বান্ধ, সা-বান্ধ প্রভৃতি নানাজাতির বান্ধ পাখী দেখা যায়। ডিলে-বাজেরা প্রায়ই জলের ধারে গাছে বসিয়া থাকে এবং অক্ত খাবার না পাইলে ব্যাভ ধরিয়া খায়। ইহার। সাপ ধরিয়া খাইয়াছে, একথাও শুনিয়াছি। বাজদের পেট ও বৃক সাদা পালকে ঢাকা, কিন্তু তাহার উপরে আবার ছি^{*}টে-ফোঁটা দেখা যায়। বোধ হয়, এইজন্মই ইহাদের তিলে-বাজ নাম দেওয়া হইয়াছে। বাজপাখীরা যে ডিম পাড়ে, তাহা শিক্রাদের ডিমের ততো ফুটফুটে সাদা নয়,---সাদার উপরে অনেক ছিটা-ফোঁটা দেখা যায়।

শকুন

শক্নেরা মাংস খায়, কিস্তু প্রায়ই শিকার করিয়া মাংস খায় না। যে-সব মরা গরু ঘোড়া প্রভৃতি জন্ত-জানোয়ায় মাঠে ফেলিয়া দেওয়া হয়, ভাহাদেরি পচা মাংস ইহায়া ছি ডিয়া খাইতে ভালবাসে। কাজেই, শক্নদের ঠিক শিকারী পাখী বলা চলে না। যাহা হউক, শক্নরা আমাদের কম উপকার করে না। গ্রামে যত গরু ঘোড়া কুকুর বিড়াল মারা যায়, সেগুলি যদি মাঠে থাকিয়া পচিত, ভাহা হইলে বোধ করি হুর্গজে দেশে থাকা দায় হইত। চিল, শক্ন ও কাকদের মতো পাখীরা এবং শেয়াল-কুকুরদের মত জানোয়ারেরা মরা জন্তদের খাইয়া ফেলে বলিয়াই সেগুলি মাঠেঘাটে পচিতে পারে না।

আমাদের দেশে সাধারণত ত্'রকমের শক্ন দেখিতে পাওয়া যায়। সাধারণ শক্ন বোধ করি তোমরা সকলেই দেখিয়াছ। ইহারা প্রকাণ্ড পাখী। যথন আকাশের অনেক উপরে উড়িয়া বেড়ায় তখন কিন্ত ইহাদিগকে থুবই ছোটো মনে হয়। কাছে হইতে দেখিলেই ইহাদের ঠিক্ চেহারা বুঝা যায়। ভাগাড়ের কাছে গাছের উপরে বসিয়া শক্নরা
যথন রোদ পোহাইবে, তখন তোমরা ইহাদের চেহারা
দেখিয়া লইয়ো।

সাধারণ শক্নদের মাধায় ও ঘাড়ে পালকের নাম-গন্ধ
থাকে না। বোধ করি, মরা গরু ও ঘোড়ার পেটের ভিতরে
মাধা প্রবেশ করাইরা নাড়িভূঁড়ি টানিয়া বাহির করিতে হয়
বলিয়াই ইহাদের মাধা নেড়া। গায়ের পালকের রঙ্ কতকটা
গাঢ় ছাই রঙের,—পিছন দিক্টা কিন্তু সাদা। তা'ছাড়া
ডানার ভিতরেও সাদা পালক আছে। তাই যখন শক্নরা
অল্ল উচুতে উড়ে, তখন ডানার তলা সাদা দেখায়। থুব
উচুতে উঠিলে এই সাদা রঙ্ আর নছরে পড়ে না। যাহা
হউক, শক্নরা কিন্তু ভারি নোংরা পাধী।
গায়ের হর্গক্ষে কাছে যাওয়া যায় না। পচা
মাংস থায় বলিয়াই বোধ করি এত হুর্গক।
কাক ও চিলেরা নোংরা জিনিব খায়
বটে, কিন্তু প্রভাহ সান করে। শক্নরা শক্ন
স্থানের জত্য জলের কাছে যায় না। অথচ ডানা মেলিয়া

সানের জন্ম জলের কাছে যায় না। অথচ ডানা মেলিয়া রোদ্ পোহান আছে। ডোমরা ইহাদের ডানা মেলিয়া রোদ্ পোহাইতে দেখ নাই কি ? আমাদের বাগানের ডাল-গাছের মাথায় কয়েকটা শকুন থাকিত। ডাহারা ডোর বেলা হইতে অনেক বেলা পর্যান্ত ডানা থুলিয়া রোদ পোহাইত। তার পরে আকাশের থুব উপরে উঠিয়া কোঁন্ ভাগাড়ে মরা গরু পড়িয়া আছে, তাহার সন্ধান করিত।
শক্নদের চোথের তেজ খুব বেশি। এই জ্ঞাই খুব দূর
হইতে কোধায় কোন্ মরা জ্ঞ পড়িয়া আছে, তাহা দেখিতে
পায়। তাহাদের ডানার জোর এত বেশি যে, ঘণ্টার পর
ঘণ্টা আকাশে উড়িয়াও ইহারা ক্লান্ত হয়না। কখনো কখনো
শক্নরা মাটি হইতে তিন-চারি হাজার ফুট উপরে উঠে।

ভাগাড়ে গরু মরিলে শক্নের মাথায় টনক্ নড়ে,—এই রকম একটা কথা আছে। কিন্তু তাহা ঠিক্ কথা নয়। দূরে কোন জন্তু মরিলে, ইহারা চোখ দিয়াই দেখিতে পায়। তার পরে প্রথমে একটা বা হ'টা শো-শো করিয়া সেই মরা জন্তুর কাছে আসিয়া বসে এবং ইহাদের দেখাদেখি আরো অনেক শকুন এক জায়গায় জন্মা হয়। আধ-মরা গরু বাছুরকে শক্নরা টানিয়া ছি'ড়িয়া খাইতেছে, ইহা আমরা অনেক দেখিয়াছি।

গিন্ধি-শকুন ভোমরা দেখিয়াছ কি ? এগুলি শকুনেরই এক উপজ্ঞাতি,—কিন্তু চেহারা সম্পূর্ণ পৃথক্ এবং সাধারণ শকুনদের চেয়ে দেখিতে বিশ্রী। ইহাদের গায়ের অধিকাংশ পালকের রঙ্ গাঢ় খয়েরি। কিন্তু পায়ে যেন কিছু কিছু সাদা পালক আছে। নেড়া মাথার চামড়ার রঙ্ আবার লাল। মাথার ছই পাশে আবার কানের মতো ছইটা লাল অংশ ঝুলিতে থাকে। এসব মিলিয়া গিন্ধি-শকুনদের ভারী বিশ্রী দেখায়। ভাগাড়ে মরা গক্ষ ফেলিয়া দিলে যেমন

সাধারণ শকুনরা চারিদিক হইতে ছস্ হস্ শব্দে আসিয়া হাজির হয় ইহারা সে-রকম দল বাঁধিয়া চলা-ফেরা করে না। আমরা ইহাদিগকে গো-ভাগাড়ে একটা বা চুটির বেশি আসিতে দেখি নাই। যাহা হউক, কাক চিল কুকুর শিয়াল সকলেই গিন্ধি-শকুনদের খুব মাক্ত করিয়া চলে। ভাগাড়ে কাক চিল শকুন .শিয়াল ও কুকুরে মিলিয়া খুব খানা চালাইতেছে,—মাঝে মাঝে সাধারণ শকুনরা "চ্যা-চ্যা" শব্দ করিয়া কুকুর-শিয়ালদের ভাড়াইয়া মাংস ছি'ড়িয়া পেটে পুরিতেছে,--এমন সময় যদি একটা গিল্লি-শকুন আসিয়া উপস্থিত হয়, তাহা হইলে সৰ আনন্দ-কোলাহল ঝগড়া-ঝ'াটি বন্ধ হইয়া যায়। তখন কুকুর লেজ গুটাইয়া দূরে গিয়া বসে, শকুনরা ডানা মেলিয়া লাফাইতে লাফাইতে ভাগাডের ছোটো বট-গাছটির উপরে আশ্রয় লয়। এ দিকে গিল্লি-শকুন পেট ভরিয়া আহার করিতে থাকে। অত্য সকলে কেন গিন্ধি-শকুনদের এত মাস্ত করে, তাহা জানি না।

এই তুই রকম শক্ন ছাড়া আমাদের দেশে কখনো কখনো এক রকম সাদা শক্ন দেখা যায়। এগুলি বোধ করি ভোমরা দেখ নাই! ইহারা আকারে চিলের চেয়ে বেশি বড় হয় না। কিন্তু চেহারা ভারি বিঞী! পালকের রঙ্ এক রকম ময়লাটে সাদা, চোঁট, মুখ, পায়ের রঙ্ হল্দে। পায়খানার ময়লা ইহাদের প্রধান আহার। ভাই যেখানে ময়লা পোঁতা হয় সেখানে ইহাদিগকে ঘুরিয়াবেড়াইতে দেখা যায়। বিহার ও উত্তর-পশ্চিম অঞ্চলে রাস্তা-ঘাটের ময়লা খাইবার জন্ম এই শকুনরা দলে দলে বেডায়।

শকুনের বাসা বোধ করি তোমরা সকলে দেখ নাই।
গাছের থুব উচু ডালে ইহারা শুক্না ডাল-পালা দিয়া শীতকালে বাসা বাঁধে। তোমরা হয় ত ভাবিতেছ, কাক শালিকদের মতো ইহারা বাসার জন্ম গাছের তলা হইতে শুক্না
কাট-কুটা কুড়াইয়া আনে। কিন্তু ইহারা ভাহা করে না।
সেই বাঁকানো এবং চেপ্টা ঠোঁট দিয়া ইহারা পাতা সমেত
গাছের কাঁচা ডাল ভাজিয়া বাসা তৈয়ারি করে। যখন
ইহারা ডানা মেলিয়া গাছের কাঁচা ডাল ভাঙে, তখন তাহাদের
চেহারাগুলি দেখিলে হাসি পায়।

বাসা তৈয়ারির সময়ে শকুনদের মেজাজও ভয়নক চটা রকমের হয়। এই সময়ে তাহারা প্রায়ই পরম্পর মারামারি ও কাম্ডা-কাম্ডি করে। তোমাদের বাড়ীর কাছে তাল-গাছে যদি শকুনের আড্ডা থাকে, তবে বাসা তৈয়ারি ও ডিম পাড়ার সময়ে ইহাদের চীংকার শুনিতে পাইবে। শকুনরা প্রায়ই বাসায় একটার বেশি ডিম পাড়ে না। কিন্তু সেই একটাতেই বাজা হয়। অস্তু পাখীরা ভয়ে শকুনের বাসায় উৎপাত করে না। উহাদের নোংরামি ও গায়ের হুর্গন্ধের জন্তু মানুষেও বাসার কাছে ঘেঁনে না। তাই শকুনদের ডিম প্রায়ই নাই হয় না। তোমরা যদি লক্ষ্য কর, তবে দেখিবে, যে-সব পাখীর ডিম বেশি নাই হয়, কেবল তাহারাই বেশি ডিম পাড়ে।

পেঁচা

্ডোমরা কত রকম পেঁচা দেখিয়াছ জানি না। আমরা কিন্তু লক্ষ্মী পোঁচা, কোটরে পোঁচা, কাল পোঁচা প্রভৃতি অনেক রকম পোঁচা দেখিয়াছি।

পেঁচারা শিকারী পাখী। রাত্রিভে শিকারে বাহির হইয়া ইহর বাঙ্ পাখীদের ছানা ও ডিম চুরি করিয়া খাইয়া পেট ভরায়। পোকামাকড়ও ইহারা পছন্দ করে। যথন বড় শিকার না জোটে, তখন ছোটো-বড় পোকা খাইয়াই ভাহাদের পেট ভরাইতে হয়।

পেঁচাদের দিনের বেলায় প্রায়ই দেখা যায়না। কেছ
গাছের কোটরে, কেছ পোড়ো ভাঙা বাড়ীর ভিতরে, কেছ বা
বাড়ীর বারান্দার কার্দিশের উপরে পুকাইয়া দিন কাটায়।
ভারপরে সন্ধাা হইলে সেই সব জায়গা হইতে বাহির হইয়া
শিকারের সন্ধানে ঘুরিতে আরম্ভ করে। পায়রারা যথন
উড়িয়া বেড়ায় তথন ভাহাদের ভানায় কি-রকম চটা-পট্
শব্দ হয়, তাহা ভোমরা নিশ্চয়ই শুনিয়াছ। তা' ছাড়া অন্ত
পাখীরাও উড়িবার সময়ে শব্দ করে। কিন্তু পেঁচারা যথন

উড়িয়া বেড়ায় তথন তাহাদের ডানার একট্ও শব্দ হয় না।
তাই চোরের মতো নিঃশব্দে গিয়া ইহায়া পাখীদের ডিম ও
ছানা চুরি করিয়া খাইতে পারে। এই রক্মে চুরি করার
জন্ম পোঁলাদের উপরে সব পাখীরই ভয়ানক রাগ। ভাই
দিনের বেলায় তাহায়া বাহিরে আসে না। যদি হঠাৎ
বাহিরে আসে, তাহা হইলে কাক, কোকিল, ফিঙে সকলে
মিলিয়া তাহাদিগকে ঠোকরাইতে আরম্ভ করে।

লক্ষা পেঁচা ডোমরা দেখিয়াছ কি ? ইহারা নিতাপ্ত ছোটো পাখী নয়। মুখগুলি যেন চাকার মতো গোল,



কিন্তু শরীরটা অন্ত পেঁচাদের তুলনায় যেন একটু লম্বা। রঙ, লালচে কিন্তু মুখগুলি সাদা। গায়ে আবার সাদা ডোরা থাকে। পোড়ো বাড়ী ও নিরিবিলি জারগায়

পেঁচা লুকাইয়া ইহারা দিন কাটায়। বোধ করি দিনের আলো ইহাদের চোথে ভালো লাগে না। অনেক দিন আগে আমাদের ভাড়ার ঘরের পাশে এক জোড়া লক্ষ্মী পোঁচা ছিল। একটু কাছে গেলেই তাহারা "কোঁস্ কোঁস্" করিয়া শব্দ করিড; মুখভঙ্গী করিয়া এবং চোখ পাকাইয়া ভয় দেখাইড। আমরা ভয়ে পালাইয়া যাইডাম। দিনের বেলায় বিরক্ত করিলে লক্ষ্মী পোঁচারা এই রকমেই ভয় দেখায়। আবার কখনো এক রকম "কোঁস্-কোঁস্" শব্দ করিয়া পরম্পর কথাবার্ডাও বলে।

্ গৃছত্বেরা বলে, লক্ষী পোঁচা ঘরে থাকিলে লক্ষ্যী বাড়ে।
ভাই বাড়ীতে আশ্রয় লইলে কেহই এই পাথীদের ভাড়াইতে
চায় না। কিন্তু ইহরে। যথন রাত্রিতে চীংকার করে, তখন
ভারী রাগ হয়।

গভীর রাতিতে হঠাৎ অনেকগুলি পেঁচা এক সঙ্গে
"কিচ্-কিচ্"করিয়া ডাকিয়া উঠিল, ইহাপ্রায়ই শুনা যায়।
এই ডাকে অনেক সময় ঘুমও ভারিয়া যায়। ইহাই কোটরে
পেঁচার ডাক। ঠিক্ সন্ধ্যার সময়ে বাসা হইতে বাহির
হইয়াই ইহারা ছই-চারিটায় মিলিয়া এক চোট্ ডাকিয়া
লয়। তার পরে শিয়ালেয়া যেমন মাঝে মাঝে এক সঙ্গে
চীৎকার করে, ইহারাও সেই রকমে সমস্ত রাত্রি ধরিয়া
মাঝে মাঝে চেঁচামেচি করে। কেন যে এই রকম চীৎকার
করিয়া লোক-জনের ঘুম ভাঙায়, তাহা উহারাই জানে।
যাহাইউক, রাত্রিতে পেঁচাদের এই রকম ডাক ভারি খারাপ
লাগে।

কোটরে পেঁচারা আকারে কন্দ্রী পেঁচার চেয়ে অনেক ছোটো। ইহাদের বৃকের তলার অনেক পালক সাদা কিন্তু শরীরের উপরকার রঙ্ মেটে-লাল,—তার উপরে সাদা কোঁটা ও ডোরাও থাকে। গাছের কোটরে বা বাড়ীর বারান্দার কার্নিসের উপরে ইহাদিগকে প্রায়ই থাকিতে দেখা যায়। দিনে বাহির হইয়া গাছের পাতার আড়ালে চুপ করিয়া বসিয়া আছে, ইহাও আমরা দেখিয়াছি।

. কাল-পেঁচাৰোধ হয় তোমরা দেখ নাই। ইহারা ভারি বিশ্রী পাখী। গভীর রাত্রিতে যখন চারিদিক নিস্তব্ধ, তথন বাগানের গাছে বসিয়া এক মিনিট বা আধ মিনিট অস্তর ইহারা "কু:-কু:" শব্দ করে। এই শব্দ ভয়ানক বিঞ্জী শুনায়। আমাদের বাড়ীর কাছে একটা বট-গাছৈ প্রত্যেক রাত্রিতেই একটা কাল-পেঁচা ঐ রকমে ডাকিত। এই শব্দ শুনিয়া, কেন জানিনা বড ভয় হইত। এক রাত্রিতে লাঠি হাতে করিয়া পাখীটাকে ভাডা করিয়াছিলাম, কিন্ত ভাহার চেহারা দেখিতে পাই নাই। শুনিয়াছি, কাল-পোঁচাদের দেখিতে কতকটা কোটরে পেঁচাদেরই মতো। কেবল ইহাদের ছই কানের কাছে, তুই গোছা পালক উচু হইয়া থাকে। তাহা দেখিলে মনে হয়, যেন কাল-পেঁচাদের মাথায় শিং আছে। যাহা হউক ইহারা ভারি ভীক পাখী, তাই দিনের বেলায় প্রায়ই বাহির হয় না.--রাত্রিতেও অতি সাবধানে চরিয়া বেডায়।

ভ্তুম পেঁচাদেরও সচরাচর দেখা বড় কঠিন। ইহারা খুব বড় পাখী,—আকারে প্রায় এক-একটা চিলের সমান। ইহাদের "ভুম্ ভুম্" শব্দ শুনিলে রাত্রিতে বাস্তবিকই ভয় লাগে। ভুতুম-পেঁচারা জলাশয় হইতে মাছ ধরিয়া থায়, ইহা শুনিয়াভি।

পেঁচারা কাক ও শালিকদের মতো খড়কুটা দিয়া বাসা বাঁধে না। তাই গাছের কোটর, দেওয়ালের ফাটাল উহাদের বাঁদার জায়গা হয়। পেঁচাদের ডিমগুলি ফুটফুটে সাদা, কিন্তু সংখ্যায় কখনই বেশি হয় না। তোমরা থোঁজ করিলে পেঁচাদের এক-একটা বাসায় কখনই হুইটির বেশি ডিম দেখিতে পাইবে না। অস্ত পাখীরা ভয়ে পেঁচাদের ডিম নষ্ট করিতে পারে না, ভাই উহারা যে হুই-একটি ডিম পাড়ে ভাহা হইডে বাচচা বাহির হয়।

কুলেচর

বক

যে সব পাখী নদী খাল বা পুছরিণীর ধারে চরিয়া বেড়ায় তাহাদের মধ্যে বোধ করি বকই প্রধান। তাই বকদের বিষয়ই তোমাদিগকে আগে বলিতেছি।

তোমরা কত রকম বক দেখিয়াছ, জানি না। বাংলাদেশের নানা জায়গায় সাত-আট রকমের বক দেখা যায়।
সাদা কাঁক, লাল কাঁক, কোঁচ বক, গাই বগ্লা, কানা বগ্লা,
নীল বগ্লা, কাঠ বগ্লা, এই রকম নানা নামের নানা বক
আছে। আমরা ইহাদের স্বগুলির কথা বলিতে পারিব না।
যে-সব বক সর্বনা আমাদের চোখে পড়ে, কেবল তাহাদেরি
কথা একট্-একট্ বলিব। বক্মাত্রেই গলা এবং পা
শরীরের তুলনায় বেজায় লম্বা। এই লম্বা গলা ঘাড়ের কাছে
টানিয়া রাখিয়া খুব ভালো মায়ুবের মতো ইহারা জলের ধারে
দাড়াইয়া থাকে। তার পরে কাছে ছোটো পোকামাকড় বা

মাছ দেখিতে পাইলেই আল্কে আল্কে পা ফেলিয়া শিকারের কাছে যায় এবং লস্বা গলাটাকে বাড়াইয়া শিকার ধরে। বকেরা যথন গলা লম্বা করিয়া শিকার ধরিতে যায়, তথন তাহা দেখিতে বড় মজা লাগে। দে-সময়ে অন্ত কোনো দিকেই তাহাদের নজর থাকে না বকের দল যথন বাক বাঁধিয়া মাথার উপর দিয়া উড়িয়া যায়, তথন তাহাদের লক্ষ্য করিয়ো; দেখিবে, তাহাদের পা পিছনে ছড়াইয়া আছে এবং লস্বা গলা ঘাড়ে গুটানো রহিয়ছে। গলা লম্বা রাখিয়া এবং পা ব্লাইয়া ইহারা কথনই উড়ে না। বুনো হাঁস, পানকৌড়িও সারসেরা কিন্তু গলা লম্বা রাখিয়া উড়িয়া বেড়ায়। তাই কোনো পাখার বাঁক মাথার উপর দিয়া উড়িয়া গেলে, তাহা বকের বাঁক কি না, দেখিলেই বলা যায়। তোমরা ইহা এইবারে লক্ষ্য করিয়ো।

আমর প্রথমেই কোঁচ বকের কথা বলিব। তোমাদের প্রামের বিল বা খালে ইহাদের দেখিতে পাইবে। এই বক-দের গায়ের পালকের রঙ্ বাদামি হইলেও তাহার উপরে একট সব্জের আভা থাকে। তাই যখন জলের ধারের লম্বা ঘাসের মধ্যে চূপ করিয়া বসিয়া থাকে, তখন ইহাদিগকে চেনাই যায় না। কিন্তু তাড়া পাইয়া যখন উড়িতে আরম্ভ করে, তখন তাহাদের ডানার ভিতরকার ফুট্ফুটে সাদা পালক-গুলি স্পষ্ট দেখা যায়। তাহাদের গায়ে যে বাদামি ও সব্জ্ব পালক আছে, তখন তাহা জানাই যায় না। বৈশাখ মাসের

বিকালে পশ্চিমে গাঢ় কালে। মেঘ করিয়াছে,—বকেরা সাবি বাঁধিয়া বাসায় ফিরিতে আরস্ত করিয়াছে। এই সময়ে কালো মেঘের গায়ে সাদা বকগুলিকে বড়ই স্থুনর দেখায়। তোমরা ইহা হয় ত দেখিয়াছ। তখন বকদের গায়ে যে সবুজ পালক আছে, তাহা মনেই হয়না।

বকেরা রাত্রিতে কোথায় থাকে, ভাষা বোধ করি ভোমরা সকলে জানো না। কাক ও শালিকেরা যেমন গ্রামের বাহিরে কোনো একটা গাছে জমা হইয়া রাভ কাটায় ইহারাও ভাষাই করে। আমাদের গ্রামের পুকুরের ধারে একটা

অশথ গাছে বকদের এই রকম এক আড্ডা ছিল। সন্ধা। হইলেই দলে দলে সেই গাছে আসিয়া বসিত, কিন্তু শালিকদের মতো তাহারা কথনই চীৎকার করিয়া ঝগড়া-ঝাঁটি করিত না।

কোচ বক চাংকার কাররা বন্ধান বাচ কারত না।
পরস্পর ব্যাপ্তাকরা বকদের স্বভাব নয়। আমাদের মধ্যে
এক-একজন লোক আছে, যাহারা কোনক্রমেই ভোরে
উঠিতে পারে না। যখন রোদ উঠে তখনও বিছানায় পড়িয়া
থাকে, ভার পরে অনেক বেলা হইলে উঠিয়া হাত-মুখ ধোয়।
ভোরের আলো প্ব-আকাশে দেখা দিবা মাত্র,কাক,কোকিল
ও শালিকেরা বাদায় বদিয়াই ডাকিতে স্বক্ষ করে এবং ভার
পরে অক্ষকার থাকিতে থাকিতেই ছুটিয়া চরিতে বাহির হয়।
কিস্তু বকেরা কথনই ভাহা করে না। ভোর বেলায় যখন

চারিদিক রোদে ছাইয়া বায়, তথন উহারা জোড়ায়-জোড়ায় বা একে-একে গাছ ছাডিয়া চরিতে বাহির হয়।

কাক, চিল ও শালিকের। বাসা বাঁধিবার জ্ঞা মাটি ইইতে শুকুনা ভাল-পাতা ও খড় লইয়া গাছে জ্বমা করে। বকেরা কিন্তু তাহা করে না,—নিকটের গাছ হইতেই শুকুনা ভাল ঠোঁট দিয়া ভাঙ্গিয়া তাহারা বাসায় লইয়া যায়। বর্ধার প্রথমে এক-একটা গাছে বকেরা এই রকমে অনেক বাসা বাঁধে। এক গাছে কেবল এক জোড়া বকে বাসা বাঁধিয়াছে ইহা প্রায়ই দেখা যায় না। আমরা এক সময়ে একটা আম-গাছে পনেরোটা বকের বাসা দেখিয়াছিলাম। গাছের ভলা



ভাহাদের বিষ্ঠা এবং শাম্ক-গুগ্ লির খোলায় ছাইয়া থাকিড; তুর্গন্ধে সেথানে দাঁড়ানো যাইত না। বোধ করি, শাম্কগুগ্ লি ঠোঁটে করিয়া আনিয়া বকেরা ছানাদের খাওয়াইড। মাছের কাঁটাও সেই গাছের ভলায় অনেক ছডানো দেখিয়াছি।

গাই বগ্লা

গাই বগ্লা বেধি করি ভোমরা সকলেই দেখিয়াছ। কোঁচ বকদের মতো ইহারা জলের ধারে একা-একা থাকে না; গরুর পালের পিছনে ইহারা দল বাঁধিয়া চরিয়া বেড়ার। আমরা গ্রামের বাহিরে এক-একটা মাঠে এই রকম বকদের শঞ্চাশ-ঘাটটাকে এক সঙ্গে থাকিতে দেখিয়াছি। দূর ইইতে

দেখিলে মনে হয়, যেন কতকগুলো সাদা জিনিস মাঠে পড়িয়া আছে:-কাছে গেলে বক বলিয়া চিনিতে পারা যায়। গরুর পিছনে পিছনে চরিয়া বেড়ায় বলিয়াই বোধ হয় এই বকদের "গাই বগ্লা বলা হয়। গরুর সঙ্গে ইহারা চরিয়া বেড়ায় কেন, তোমরা বোধ করি তাহা জানো মা। काकिनापत ७ मानिकापत माछ। वाकता कन-मून यात्र मा, ছোটো পোকা-মাকড়ই ইহাদের প্রধান খাছ। কিন্তু গাই-বগলারা পুকুরের ধারে গিয়া খাবার সন্ধান করে না। মাঠে ঘাসের মধ্যে যে-সব ফডিং ও অন্ত পোকা লকাইয়া থাকে ভাছাই ধরিয়া খাইবার জন্ম ভাহার। মাঠে যায়। ভার পরে গরুর পাল মাঠে চলিয়া-ফিরিয়া বেডাইলে ঘাসের মধ্যেকার ফডিং ও অন্ত পোকামাকড যখন ভয়ে লাফাইয়া পালাইতে চাহ, তখন ঐ বকের। দেগুলিকে ধরিয়া খায়। এই জন্মই ইহাদিগকে প্রায়ই গরুর পালের পিছনে থাকিতে দেখা যায় তাহা হইলে দেখ, গাই বগুলা বোকা পাখী নয়,—গুরুর পালের পায়ের শব্দে যে ঘাসের ভিতরকার পোকামাকড লাফাইয়া উঠিবে. তাহা উহারা জানে, তাই সেই সব পোকা খাইবার লোভে গরুর পিছন ছাড়ে না। শিকারীরা কি-রকমে বাঘ ও শুয়োর শিকার করে, তাহার গল্প বোধ করি তোমরা শুনিয়াছ। যে-জঙ্গলে বাঘ আছে অনেক লোক মিলিয়া তাহা ঘেরিয়া দাঁড়ায় এবং তার পরে লাঠি দিয়া জঙ্গল পিটাইয়া হৈ-চৈ করিতে করিতে জঙ্গলের ভিতর

নিকে, আসিতে থাকে। ইহাতে বাঘ ভয় পাইয়া বাছির

হইয়া পড়ে। তথন শিকারীরা গুলি করিয়া বাঘ মারিয়া

কলে। বকদের পোকা ধরাও কতকটা দেই রকম নয়

কি ? গরুদের পায়ে চিপ্টাইয়া ঘাইবার ভয়ে যথন
পোকারা লাফালাফি স্কুক করিয়া দেয়, তথন স্বধা বৃঝিয়া
বকেরা তাহাদিগকে লখা ঠোটে ধরিয়া খাইয়া ফেলে।

গাই বগুলাদের চেহারা কি-রকম, তাহা তোমরা লক্ষ্য করিয়াছ কি! কোঁচ-বকদের গায়ে যেমন সব্জ ও খয়েরি রঙ্খাকে, ইহাদের পালকে তাহার নাম-গদ্ধ দেখা যায় না। ইহাদের গায়ের সব পালকই সাদা। এমন ফুটফুটে সাদা পাখী বোধ করি আর নাই। সর্বাঙ্গের পালক সাদা হইলেও ইহাদের ঠোঁটগুলি কিন্তু লাল এবং পায়ের রঙ্ কালো। কেবল ভিম পাড়ার সময় আসিলে ইহাদের মাথার পিছন হইতে এক রকম হল্দেটে রঙের পালক বাহির হয়।

সদ্ধার সময় যথন মাঠে বেড়াইতে বাহির হওয়া গিয়াছে তথন মাথার উপর দিয়া এক দল বক হঠাৎ "ওয়াক্" "ওয়াক্" শব্দ করিতে করিতে উড়িয়া গেল,—ইহা আমরা অনেক দেখিয়াছি। ভোমরাও হয় ত ইহা দেখিয়াছ। দেখিলে মনে হয় বৃঝি সদ্ধাা হইয়া আসিয়াছে বলিয়া বকের দল সমস্ত দিন চরিয়া বাসায় ঘুমাইবার জন্ম ভাহাদের গাছে ফিরিভেছে। কিস্তু ভাহানয়। এই বকদের নাম "নীল-বগ্লা"। ইহারা পৌচাদের মতো গাছের পাতার আড়ালে থাকিয়া সমস্ত্র দিন 10

দিন.কাটায়। তার পরে সন্ধ্যার সময়ে চরিতে বাছির•হয়। ইছারা পেঁচাদের মতোই রাত্রিচর পাথী; কিন্ত পেঁচাদের মতো পৃথক পৃথক থাকিতে চায় না;—এক এক জায়গায় ইহাদিগকে ব'াকে ব'াকে থাকিতে দেখা যায়।

নীল-বগ্লার গায়ের রঙ্ও চেহারা বোধ করি ভোমধা ভালো করিয়া দেখ নাই। ইহাদের মাথা, ঘাড়, পিঠ ও গলার উপরটা কালো। কিন্তু কপাল, গাল এবং বুক সাদা। ভা' ছাড়া শরীরের বাকি সকল অংশই খোয়াটে রঙের পালকে ঢাকা থাকে। নীল-বগ্লাদের চোখ্ছাটি টক্টকে লাল; দেখিতে অভি ফুনর।

কানা-বগ্লা ও কাঠ-বগ্লাদের তোমরা দেখিয়াছ কিনা জানি না। কানা-বগ্লারা বেশ বড় পাখী। ইহাদিগকে



লম্বায় এক হাত পর্যান্ত হইতে দেখা যায়। কিন্তু পা খুব লম্বা হয় না। নাথার পালকের রঙ ছেয়েটে। মাথায় বুঁটির মতো পালক আছে, তাহার রঙ্ কিন্তু কতকটা স্বুজ। ইহারাও প্রায়ই

কুঁটি বক

রাত্রিতে জলের ধারে ও মাঠে চরিয়া বেড়ায়। গ্রামের কাছে ইহাদের প্রায়ই দেখা যায় না। কঠি-বগ্লাদের গায়ের পালকের রঙ্ঘন কভকটা লাল। কখনো কখনো ভোমরা ইহাদের ছই-একটাকে গ্রামের পুকুরের ধারে দেখিতে পাইবে। বকেরা জলের ধারে চরিতে বাহির হইটা প্রায়ই চীৎকার করে না। কিন্তু ছুইটা কাঠ-বগ্লা আসিয়া জুটিলেই তাহারা থ্ব জোর গলায় পরস্পরকে ডাকাডাকি হুরু করিয়া

বকদের মধ্যে যে-উপজাতি সব চেয়ে বড়, তাহাদের নাম সাদা কাঁক। ইহারা কখনো কখনো লখায় ছই হাড পর্যান্ত হয়। রঙ সাদাটে,—ফুটফুটে সাদা নয়। ঠোটের রঙ্ হলদে, পা কভকটা যেন সবৃদ্ধ,—মাধায় আবার কালো রডের চূড়া আছে। "কাঁক, কাঁক" শব্দ করিয়া উড়িয়া বেড়ায় বলিয়াই বোধ করি ইহাদিগকে "কাঁক" নাম দেওয়া হইয়াছে। সাধারণ বকদের মতো ইহাদিগকে কখনই দলে চরিয়া বেড়াইতে দেখা যায় না। নজর রাখিলে তোমরা হয় ড গ্রামের পুকুরেই ইহাদের ছই-একটিকে দেখিডে পাইবে।

ডাহুক

ডাত্তক হয় ত তোমরা দেখিয়াছ। ইহারা নিতান্ত ছোটো পাখী নয়; আকারে একটা ছোটো মুরগীর মতো! বকদের মতোইহারাও পুকুর খাল বা বিলের ধার ছাড়া থাকে না। ইহাদের বুক গলা ও মাধা সাদা। কিন্তু ঠোঁট কতকটা সবুজ। তা' ছাড়া শরীরের আর সব অংশ ছেয়েও কালো রঙের পালকে ঢাকা থাকে। তাই দূর থেকে ইহাদিগকে কালো পাথী বলিয়াই মনে হয়। জলের ধারের ঝোপ-জঙ্গণের কাছে চরিতে চরিতে ডাহুকেরা "কক্ কক্ কোওয়া কোওয়া" এবং "কুক্" করিয়া ভয়ানক চীৎকার করে। অহ্য পাখীদের লেজ যেমন ঝুলিয়া থাকে, ইহারা লেজগুলিকে দে রকমে ঝুলাইয়া রাথে না,—প্রায় খঞ্জনদের মতো লেজ খাড়া রাথে। লেজের নীচেকার পালকের রঙ্লাল্চে। যথন **লেজ** উচু করিয়া ভাশুকেরা জলের ধারে চরিতে চরিতে পরস্পরকে ডাকাডাকি করে, তখন তাহাদিগকে মন্দ দেখায় না। কিন্তু গলার স্বর শুনিতে একটুও ভালো লাগে না.— সকালেও সন্ধ্যার সময়ে যথন ভাহারা সেই কর্কণ স্বরে চীৎকার জুড়িয়া দেয়, তখন বাস্তবিকই ভারি বিরক্ত লাগে।

অন্ত কুলেচর পাথারা চরিবার সময়ে জলের ধারে আসে,
—তারপরে সন্ধ্যার সময়ে আপন আপন গাছে ফিরিয়া
গিয়া রাত্রি কাটায়। কৈন্ত ভাত্কেরা তাহা করে না।

জলের ধারের ঝোপ-জঙ্গলেই তাহারা রাত্রি কাটায় এবং দেখানেই বাসা বাঁধে। ইহারা ভালো উড়িতে পারে না; তাই বাসা বাঁধিয়া বাস করিবার জন্ম দূরে যাইতে চাঁয় না। ডাহকেরা বড় সতর্ক পাথী,



চার না। ভাহকের। বড় সতক পাখা, ভাহক কোনো রকমে তাড়া পাইবামাত্র ছুটিয়া জঙ্গলের ভিতরে লুকাইয়া পড়ে। কিন্তু তাই বলিয়া ইহাদিগকে ভীতু পাখী মনে করিয়ো না। আমাদের পুক্রিণীর ধারের জঙ্গলে কয়েকটা ডাহুক থাকিত, আমরা যথন জলে সাঁতার কাটিতাম, তাহারা আপন মনে জলের ধারের কলমী লভার মধ্যে চরিয়া বেড়াইত এবং কখনো কখনো পরস্পরকে ডাকাডাকি করিত, —একটও ভয় পাইত না।

অক্স পাখীদের মতো ভান্তকের। বৈশাথ মাস হইতেই বাসা বাঁধিবার আয়োজন করে। তার পরে ভিম পাড়িয়া বাচা-দের পালন করিতে আঘাঢ় মাস পর্যন্ত কাটিয়া যায়। কিন্তু বাচ্চাদের পালন করিতে হয় বলিয়া ইহাদের চীৎকার থামে না। বরং বর্ঘা কালে ইহাদের গলা বেশি করিয়া শুনা যায়। বোধ করি তথন বাচ্চাদের জন্ম বেশি কাজ-কর্ম করিতে হয়

ডাহুক ়

ভাহুক হয় ত তোমরা দেখিয়াছ। ইহারা নিতান্ত ছোটো পাখী নয়; আকারে একটা ছোটো মুরগীর মতো। বকদের মতোইহারাও পুকুর খাল বা বিলের ধার ছাড়া থাকে না। ইহাদের বুক গলা ও মাথা সাদা। কিন্তু ঠোঁট কতকটা সবুজ। তা' ছাড়া শরীরের আর সব অংশ ছেয়েও কালো রঙের পালকে ঢাকা থাকে। তাই দূর থেকে ইহাদিগকে কালো পাখী বলিয়াই মনে হয়। জলের ধারের ঝোপ-জঙ্গলের কাছে চরিতে চরিতে ডাহুকেরা "কক কক কোওয়া কোওয়া" এবং "কুক্" করিয়া ভয়ানক চীৎকার করে। অগ্য পাখীদের লেজ যেমন ঝুলিয়া থাকে, ইহারা লেজগুলিকে সে রকমে ঝুলাইয়া রাথে না,—প্রায় খঞ্জনদের মতো লেজ খাড়া রাথে। লেজের নীচেকার পালকের রঙ্লাল্চে। যথন লেজ উচু করিয়া ভাহুকেরা জলের ধারে চরিতে চরিতে পরস্পরকে ডাকাডাকি করে, তখন তাহাদিগকে মন্দ দেখায় না। কিন্তু গলার স্বর শুনিতে একটুও ভালো লাগে না,— সকালেও সন্ধার সময়ে যথন তাহারা সেই কর্কণ স্বরে চীংকার জুড়িয়া দেয়, তথন বাস্তবিকই ভারি বিরক্ত লাগে।

অভ ক্লেচর পাথারা চরিবার সময়ে জলের ধারে আসে, —তারপরে সন্ধ্যার সময়ে আপন আপন গাছে ফিরিয়া গিয়াু বাত্রি কাটায়। ঁকিন্তু ডাহুকেরা তাহা করে না।

জলের ধারের ঝোপ-জঙ্গলেই তাহার।
রাত্রি কাটায় এক দেখানেই বাসা বাঁধে।
ইহারা ভালো উড়িতে পারে না; তাই
বাসা বাঁধিয়া বাস করিবার জহা দূরে যাইতে
চায় না। ডাহুকেরা বড় সতর্ক পাথী,



কোনো বৃহদ্ধের বৃত্ গৃতক গাবা, ভাছক কোনো বৃহদ্ধে ভাড়া পাইবামাত্র ছুটিয়া জঙ্গলের ভিতরে লুকাইয়াপড়ে। কিন্তু তাই বলিয়া ইহাদিগকে ভীতু পাখী মনে করিয়ো না। আমাদের পুছরিণীর ধারের জঙ্গলে কয়েকটা ভাহক থাকিত, আমরা যখন জলে সাতার কাটিতাম, ভাহারা আপন মনে জলের ধারের কলমী লভার মধ্যে চরিয়া বেড়াইত এবং কখনো কখনো প্রস্পরকে ডাকাডাকি করিত, —একটও ভয় পাইত না।

অন্ত পাখীদের মতো ডাছকেরা বৈশাখ মাস হইতেই বাসা বাঁধিবার আয়োজন করে। তার পরে ডিম পাড়িয়া বাচচা-দের পালন করিতে আষাঢ় মাস পর্যস্ত কাটিয়া যায়। কিন্তু বাচচাদের পালন করিতে হয় বলিয়া ইহাদের চীৎকার থামে না। বরং বর্ষা কালে ইহাদের গলা বেশি করিয়া শুনা য়য়। বোধ করি তখন বাচচাদের জন্ম বেশি কাজ-কর্ম করিতে হয় বলিয়া, আনন্দে চীংকার করিয়া আরাম করে। ভাত্তকদের ভিদ বোধ করি ভোমরা সকলে দেথ নাই। ভিদের রঙ্ পাঁশুটে কিন্তু ভাহার উপরে খয়েরি রঙের ছিটা-ফোঁটা থাকে। ভিদ হইতে যথন বাচ্চারা বাহির হয় তথন তাহাদিগুকে দেখিয়া কালো হাঁদের বাচ্চা বলিয়া ভুল হয়। ভিদ হইতে বাহির হইয়াই ভাহারা মুরগীর বাচ্চাদের মভো ভুটাভুটি স্কুফ্ করিয়া দেয়। কেবল তাহা নয়, এই বাচ্চা-অবস্থায় ভাহা-দিগকে ভুব দিতে ও সাঁতার দিভেও দেখা যায়। আবাঢ় মাদের শেষে খোঁজ করিলেই হয় ত ভোমরা গ্রামের পুক্রিণীর ধারেই ভাহকদের বাচ্চাদিগকে খেলা করিতে দেখিতে পাইবে।

. জলপিপি

• জলপিপি তোমরা হয় ত দেখিয়াছ। গ্রামের ভিতরকার

শুক্ষরিনীতে ইহাদের প্রায়ই দেখা যায় না। গ্রামের বাহিরের
পানা ও শ্যাওলায় ঢাকা নির্জন খালে ও বিলে ইহাদিগকে
তোমরা চরিতে দেখিতে পাইবে। বর্ষার শেষে আমাদের দেশের
কলাশয়গুলি যখন পল্ন শালুক ও টোপা পানায় ঢাকিয়া যায়,
তখন জলপিপিরা পানা ও পদ্ম-পাতার উপর দিয়া হাঁটিয়া
বেড়ায়। অত্য কোনো পাখী প্রায়ই ঐ রক্মে জলের উপরকার লভা-পাতার উপর দিয়া হাঁটিয়া যাইতে পারে না।

জ্লপিপির বৃক গলা ও মাথা চক্চকে কালো পালকে ঢাকা থাকে, কিন্তু পিছনের ও লেজের পালকের রঙ্ খরেরি। ডানার রঙ্ কাল্চে সবৃজ। ইহাদের লেজ লম্বা হয় না,— কিন্তু পা-গুলি বেজায় লম্বা এবং পায়ের আঙুলগুলি আবার আরো লম্বা। এই লম্বা আঙুল আছে বলিয়াই জলপিপিরা পদ্ম ও শাল্কের পাতার উপর দিয়া চলিয়া বেড়াইতে পারে। ইহাদের ডাক বড় মজার,—গলা হইতে ইহাদের এক "পি-পি-পি" শব্দ ছাড়া আর কোনো আওয়াক্ষই বাহির হয়

না। বোধ করি, এই জন্মই লোকে ইহাদিগকে "জ্ঞলাপিপি" নাম দিয়াছে। আমরা জলপিপিদের কথনই মাটির উপর দিয়া হাঁটিয়া যাইতে দেখি নাই। বোধ করি, লম্বা আঙু লুঞুলি মেলিয়া ডাঙার উপরে বেড়াইতে গেলে বিশেষ অফ্বিধা হয়, তাই ইহারা মাটিতে পা দিতে চায় না।

যে-সব পাখী জলের ধারে চরিয়া বেড়ায় তাহাদের আনেকেই গাছে বাদা বাঁধে এবং দেখানে ডিম পাড়ে। কিন্তু জলপিপিরা তাহা করে না। জলের উপরে যে খড়খুটা বা শুকুনা লতাপাতা একত্র হইয়া ভেলার মতো ভাসিয়া বেড়ায় উহারা তাহারি উপরে ডিম পাড়ে। তাই দূর হইতে দেখিলে মনে হয়, যেন ডিমগুলি জলের উপরে ভাসিয়া বেড়াইভেছে। জলপিপিদের ডিম দেখিতে নাকি বড় অন্তুত। ডিমের খোলায় খয়েরি রঙের উপরে কতকগুলি কালো আঁচড় কাটা থাকে। হঠাৎ দেখিলে মনে হয়, কে যেন ডিমগুলির উপরে পার্সি অক্ষর লিখিয়া রাখিয়াছে।

কাদাথোঁচা

ইংরাজীতে এই পাঁখীদের নাম স্নাইপ্। ইহাদের মাংস নাকি থাইতে থুব স্বস্বাত্য—তাই দেশের লোকে বন্দুক দিয়া ইহাদের গণ্ডায় গণ্ডায় মারিয়া ফেলে। এই জন্ম স্লাইপ্ প্রায় সহরের কাছে দেখা যায় না। যাহা হউক, ইংরেজদের স্নাইপই আমাদের কাদার্থোচা। ইহাদিগকে আবার কেহ কেহ "চাহা" পাখীও বলে। কাদার্থোচা বারো মাস আমা-দের দেশে থাকে না'--বর্ষার শেষে আসিয়া সমস্য শীতকাল-টাই বাংলাদেশে কাটাইয়া দেয়। তার পরে একট গরম পড়িলে ঠাণ্ডা দেশে পালাইয়া যায়। তোমরা গ্রামের বাহিরে জলাশয়ে থোঁজ করিলে শীতকালে ইহাদের চুই একটাকে হয় ত দেখিতে পাইবে। কাদাখোঁচারা জলাশয়ের কাদার মধ্য হইতে ঠোঁট দিয়া পোকা-মাকড় ধরিয়া খায়। এই জ্ফুই বোধ করি এই পাখীদের নাম কাদার্থোচা হইয়াছে ।

সাধারণ কাদাঝোঁচাদের মাথার ছুই পাশ সাদা, গলা ও পিঠে থয়েরি। কিন্তু পা ছ'থানি সবুজ এবং ঠোঁট বেশ লম্বা যথন থাল ও বিলের ধারে কাদার মধ্যে পোকা-মাকড়ের সন্ধান করিয়া বেড়ায়, তখন দূর হইতে ইহাদিগকে বেশ দেখায়।

হাড়গিলা

হাড়গিলারা শকুনদের মতো মরা গরু-বাছুরের মাংস খায়। আবার তাহাদেরি জাত-ভাই ছুই-তিন রকম পাগী জলের ধারে বসিয়া মাছ-ব্যাঙ্ধরিয়া খায়। কাজেই, হাড়-গিলাদের শিকারী পাথীর দলে ফেলা হইবে, কি কুলেচয়-দিগের দলে ফেলা হইবে, তাহা স্থির করাই মুস্কিল হয়। যাহা হউক, আমরা কুলেচরের মধ্যেই হাড়গিলাদের বিবরণ দিতেছি।

হাড়গিলারা প্রকাণ্ড পাখী। বোধ হয় সারস পাখী ছাড়া আমাদের দেশের অক্ত কোনো পাখী আকারে এত বড় হয় না। হাড়গিলা তোমরা দেখ নাই কি ? কি বিশ্রী চেহারা!

ইহাদের নেডা মাখায় প্রায় আধ হাত লঘা লালচে ঠোঁট থাকে। আবার গলা হইতে একটা প্রকাণ্ড লাল রঙের থলি ঝুলিতে থাকে। ডানার রঙ কালো। কিন্তু গলা ও শরীরের নীচেকার পালকের রঙ্কতকটা সাদা। আবার প্রকাণ্ড কমা কালো রঙ্কের

হাডগিলা ঠাং! এই সৰ মিলিয়াই হাড়গিলার আকৃতি এত বিশ্রী করিয়াছে।

যেমন চেহারা বিঞ্জী তেমনি ইহাদের খাবারও বিঞ্জী।
মরা জন্তু-জানোয়ারের মাংস ভিন্ন অন্থ কিছু যেন মুখে কচে
না। তাই গো-ভাগাড়ে তোমরা হাড়গিলার সন্ধান পাইবে।
কিন্তু ইহারা বারো মাস আমাদের দেশে থাকে না,—বর্ধার
আগে বাংলাদেশে আসে। যাহা হউক, হাড়গিলাদের মতো
রাক্সে পাখী আর দেখা যায় না। একটা গোটা বাছুরের
মাংস একটা হাড়গিলাতে অনায়াসে খাইয়া কেলিতে পারে।

অনেকে হাড়গিলাদের সারস জাতির পাথী বলিয়া মনে করেন। কিন্তু তাহা নয়। সারসরা গাছে বসে না এবং গাছে বাসাও তৈয়ারি করে না কিন্তু হাড়গিলারা গাছের উপরে শুক্না ডালপালা লইয়া গিয়া প্রকাণ্ড বাসা তৈয়ারি করে, এবং ভাগাড়ে ভাগাড়ে ঘুরিয়া মরা জন্তুর মাংস খাইয়া পেট ভরিলে গাছের উপরে বসিয়াই রাজি কাটায়।

হাড় গিলারা যথন উড়িয়া যায়, তখন তাদের উড়ার ভঙ্গী বড় মঙ্গার। সে-সময়ে তাহারা লম্বা গলা ও চোঁট সাম্নে যত দ্র পারে আগাইয়া দেয়, এবং পা ছ'খানি পিছনে ছড়াইয়া দেয়। এই রকম ভাবে ধারে ধারে ডানা দোলাইয়া উড়িয়া চলে। শক্নরা যেমন ডানা স্থির রাখিয়া উড়িয়া বেড়ায় হাড় গিলাদের প্রায়ই সে-রকম উড়িতে দেবা যায় না।

মাণিকজোড় ও রামশালিক

এই হুই রকম পাথীর নাম তোমরা শুনিয়াছ কি ৈইহার। হাড়রিলা জাতিরই পাথী, কিন্তু হাড়রিলাদের মতো রাক্স্সে ফভাব নয়।

মণিকজোড়েরা জলের ধারে বেড়াইয়া পোকা-মাকড় ও বাঙ্ধরিয়া থায়। ইহাদের চেহারা কিন্তু একট্ও ভালো নয়। শরীরের তুলনায় গলা গোঁট ও পা ভয়ানক লম্বা, সেই জন্মই বোধ করি ইহারা এত বিশ্রী। মাণিকজোড়ের বুকে ও পিঠে কাল্চে সব্জ পালক থাকে, কিন্তু পেটের তলার পালক সাদা। ইহাদের নাম মাণিকজোড় কেন হইল, জানিনা। লম্বা পা ছু'থানির রঙ্গাল টক্টকে,—তাই বোধ করিনাম মাণিকজোড় হইয়াছে।

রামশালিকেরা বেশ বড় পাখী। দেখিলেই বুঝা যায়, ইহারা হাড়গিলাদেরই জাত-ভাই। হাড়গিলার মডোই ইহাদের লম্বা পা ও লম্বা ঠোঁট্ আছে। দেহখানি আবার প্রায় তিন হাত লম্বা। কাজেই, রামশালিকদের ভোটো পাখী বলা যায়না। ইহাদের ঘাড মাথা গলা কালো পালকে ঢাকা থাকে। শরীরের অন্থ অংশে সাদাতে কালোতে মিশানো পালক ছাড়া অন্থ কিছুই দেখা যায় না। ঠোট জোড়াটার রঙ্কালো,— কিন্তু পা হু'খানি রাঙা।

এই ছই রকম ক্লেচর বড় পাখী ছাড়া, মদনটিকি নামে আর এক রকম বড় পাখী আমাদের দেশে সময়ে সময়ে দেখা যায়। ইহারা হাড়গিলারই জাত, কিন্তু মরা জন্ত-জানোয়ার কখনই খায় না। খাল বিল বা নদীর ধারে বসিয়া মাছ, কাঁকড়া প্রভৃতি ধরিয়া খায়। কখনো কখনো তাহারা ছোটো সাপ ধরিয়া খাইয়াছে, ইহাও দেখিয়াছি। ইহাদের গায়ে কালো এবং সবুজ রঙের পালক থাকে। আবার মাথার ছই পাশে লম্বা চুলের মতো পালক ঝুলিতে দেখা যায়।

অন্য কুলেচর পাখী

একে একে তোমাদিগকে অনেক ক্লেচর পাখীর কথা বলিলাম। কিন্তু সেগুলি ছাড়া আরো অনেক পাখীকে সময়ে সময়ে জলের ধারে চরিয়া বেড়াইতে দেখা বায়। গগনভেরী পাখী তোমরা দেখিয়াছ কি ? ইহাদের ঠোঁট্গুলা ভয়ানক লম্বা এবং তাহারি নীচে আবার একটা প্রকাণ্ড থলি লাগানো থাকে। গগনভেরীরা জলাশয়ের ধারে বসিয়া সেই লম্বা ঠোঁট্ দিয়া মাছ ধরে এবং ঠোঁটের তলাকার থলিতে সেগুলিকে জমা করিয়া রাখে। এই রকমে থলি পরিপূর্ণ হইলে, বাসায় গিয়া বোধ করি সেই মাছগুলি উগ্রাইয়া খায়। গগনভেরীরা খুব নিরিবিলি জায়গায় মাটির উপরেই ঘাস-পাতা দিয়া বাসা বাঁধে। শুনিয়াছি, যখন ত্রী-পাখী বাসায় বসিয়া ভিমে তা' দিতে থাকে তখন পুক্রম-পাখী মাছ ধরিয়া আনিয়া ব্রীকে থাওয়ায়।

গগনভেরীদের পায়ের আঙ্লগুলি হাঁসের আঙ্লের মতো জোড়া। গায়ের পালকের রঙ্ধৃসর এবং সাদা। ইহারা নিতান্ত ছোটো পাথী নয়। লঘায় ইহাদিগকে প্রায়ই তিন •হাত পর্যান্ত হইতে দেখা যায়। পশ্চিম-বঙ্গে এই
পাখীদের প্রায়ই দেখা যায় না। গুনিয়াছি, পূর্ববঙ্গের

• নদী ও থালের ধারে ইহারা মাছ শিকারের জ্বন্স প্রায়ই
বিদয়া থাকে।

•

• ভিন্তা-পাখী হয় ত তোমরা দেখ নাই। ইহাদের আরু
এক নাম "চামচ-বাজা"। এই পাখীরাও কৃলেচর কিন্তু
সর্বেদা আমাদের দেশৈ দেখা যায় না। ইহাদেরও ঠোঁট
বেশ লম্বা। এই লম্বা ঠোঁটের আগাগুলি ঠিক্ চামচের
মূতো। বোধ করি, ইহার জগুই এই পাখীদের নাম
"চামচ-বাজা" দেওয়া হইয়াছে। চামচ-বাজাদের গায়ের
পালকের রঙ্ সাদা।

সারস

আমাদের দেশে যত পাখী আছে, তাহাদের মধ্যে সারস পাখীরাই সকলের চেয়ে বড়। তাহাদের ঠ্যাংগুলাই বোধ করি তুই হাত লম্বা। মানুষের কাছে যদি একটা সারস দাড়াইয়া থাকে, তবে সারসকেই বেশি উচু দেখায়।

সারসদের গায়ের অধিকাংশ পালকের হঙ্ই ধুদর। মাধার উপরে পালক থাকে না। পা ছথানির রঙ্ যেনু কভকটা লাল্চে। আমাদের ভারতবর্ষই সারস পাখীদের দেশ। ভারতবর্ষ ছাড়া ইহাদের অক্ত কোনো দেশে দেখা যায় না। আবার ভারতবর্ষের মধ্যে উত্তর-ভারতেই ইহাদের দেখা যায়। দক্ষিণ-ভারতে সারস পাখীদের খুঁজিয়া মিলে না।

সারস পাখীরা খাল বিল প্রভৃতি জলাশরের ধারেই চরিয়া বেড়ায়। এই জন্মই ইহাদিগকে কৃলেচর পাখীদের দলে কেলা গেল। বিদ্ধ কখনো কখনো আমরা ইহাদিগকে জলাশয় হইতে দ্রে ধানের ক্ষেতে ও মাঠেও চরিতে দেখিয়াছি। পোকা-মাকড় শামুক-গুগ্লি এমন কি ব্যাঙ্ ও গিরগিটি পর্যান্ত ইহারা ধরিয়া খায়; আবার ধান যব প্রভৃতি শস্তও কাছে পাইলে খাইতে ছাড়ে না। হাড়গিলারা পায়েয় আঙ্ল দিয়া ডাল আঁক্ড়াইয়া গাছে বনিতে পারে। কিন্তু সারসেরা কখনই গাছে বনিতে পারে না। তাই

মাটিতেই ভাহাদিগকে চরিয়া বেড়াইতে হয় এবং ডিম-পাড়ার সমর হইলে জলের উপরে ডাল পালা খড়কুটা জমা করিয়া ভাহারি উপরে ডিম পাড়িতে হয়। পাছে শিয়াল কুকুর বা অন্ত জন্তরা ডিম নই করে, এই ভয়েই সারসেরা জলের উপরে ঘাস ও খড়ের ভেলা তৈয়ারি করিয়া ভাহার উপরে ডিম পাড়ে। হাঁদ ও মূরকীরা যেমন সারা বংসর ধরিয়া গণ্ডায় গণ্ডায় ডিম পাড়ে, ইহারা সে-রকম করে না। বর্ধাকালই সারস্পরে ডিম পাড়ার সময়। এই সময়ে ইহারা হাটার বেশি ডিম পাড়ে না। ডিমগুলির রঙ্গু হয় যেন ঘোলাটে সালা।

আমাদের প্রামের বাঁধের ধারে ছোটো ছাতের সারসদের চরিতে দেখিরাছি। বড় আশ্চর্য্যের বিষয়, ইহাদিগকে কথনই জোড়া ভিন্ন দেখা যায় না। একটা সারস একাকী চরিয়া বেড়াইডেছে ইহা কথনই দেখি নাই। শুনিয়াছি, স্ত্রীও পুরুষ সারসের মধ্যে ভাবও নাকি থুব বেশী। এক জোড়া সারসের মধ্যে যদি কোনো রক্মে একটি মারা পড়ে, ভাহা হইলে অভাটি শোকে অধীর হয় এবং কখনো কখনো আহার-নিস্তা ভাগে করিয়া আত্মহতা। করে।

সারস পাখীরা কাছারো কোনো অনিষ্ট করে না, কিন্তু ভথাপি শিকারীরা গুলি করিয়া ও কাঁদ পাতিয়া ইথাদের ধরে এবং ধরিয়া বাজারে বিক্রয় করে। সারসের মাংস নাকি স্রখাত, তাই ইহাদের উপরেই শিকারীরা বেশী গুলি চালায়।

সন্তরণকারী পানকোডি

"পানকৌড়ি পানকৌড়ি ডাঙায় ওঠ না। তোমার শাশুড়ি বলেছে বেগুন কোটো না।"

ছেলেবেলায় থালের ধারে দাঁড়াইয়া পানকৌড়িদের কড ডাকিয়াছি, কিন্তু একটাও কাছে আসিয়া দাঁড়ায় নাই। জলে আসিলে তাহারা ডাঙার কথা একেবারে ভুলিয়া যায়।

ভোমাদের মধ্যে যাহার। গ্রামে বাস কর, ভাহাদের কাছে পানগৌডির বিশেষ পরিচয় দিবার দরকার নাই।



যাগরা সহরে বাস করে, তাহার।
বাধ করি এই পাখীদের কখনো দেখে
নাই। পানকোভিরা বড় মজার পাখী,
—রাতিট্কু ছাড়া সমস্ত দিনই তাহারা
বিলের বা খালের ধারে কাটাইয়া
দেয়। সাঁতার দিতে ও ডুব দিতে

পানকোড়ি দেয়। সাঁতার দিতে ও ডুব দিতে ইহাদের একট্ও কট হয় না। এমন রাক্ষ্সে পাখীও বোধ করি চুনিয়ায় আর দেখা যায় না; খাই-খাই করিয়াই তাহাদের জীবনটা কাটিয়া যায়। উড়িয়া উড়িয়া শাঁরীর ক্লান্ত হইলে প্রায় সকল পাখীই গাছের ডালে বা মাটিতে বিদ্যা বিশ্রাম করে। পানকৌড়িদের বিশ্রাম করা তোমরা দেখিয়াছ কি ? জলে তুব দিতে দিতে হাঁফ লাগিলে জলে পোঁতা খোঁটা বা বাঁশের উপরে বিদ্যা ছইখানা ডানা খুলিয়াদের এবং তাহাদের সেই লম্বা সক্ষ গলাটা বাঁকাইয়া চারিদিকে তাকাইতে থাকে। পানকৌড়িদের এই চেহারা দেখিলে হাসি পায়। ইছাই পানকৌডিদের বিশ্রাম করা।

যথন থাল বা বিশের জলে ডুব দিয়া মাছ শিকার করে, তথন পানকৌড়িদের দাঁড়কাকের মতো কালো বলিয়াই মনে হয়। কিন্তু সভাই ইয়ারা সম্পূর্ণ কালো পাখী নয়। ইয়াদের পিঠ ও ডানা ধুসর এবং লেজ ময়লা রক্মের সাদা। আবার পা ছ্থানিও ধুসর। পানকৌড়িদের ঠোঁট্গুলি বড় ময়ার। তায়ার আগা বাঁকা, কিন্তু সমস্ত ঠোঁট্গুলি বড় ময়ার। তায়ার আগা বাঁকা, কিন্তু সমস্ত ঠোঁট্গুলি বড় ময়ার। তায়ার আগা বাঁকা, কিন্তু সমস্ত ঠোঁট্গুলি বড় ময়ার ধরে, তীন দেশের লোকে নাকি পোষা পানকৌড়ি দিয়া মাছ ধরে, তীন দেশের লোকে নাকি পোষা পানকৌড়ি দিয়া মাছ মারে। তায়ার। পোষা পানকৌড়ি লইয়া নৌকার করিয়া নদাতে বা সমুল্রে যায়। তায় পরে মাছ দেখিলেই ঐ সব পোষা পাখী ছাড়িয়া দেয়,—পাখীরা মাছ ধরিয়া নৌকায় আনে। মাছ বড় হইলে একটা পাখীতে শিকার করিতে পারে না। তথন তুই তিনটা পাখী একত্র মিলিয়া মাছ মারিয়া নৌকায় আনে।

পানকোভিদের উভিবার ভঙ্গী তোমরা দেথ নাই কি ?
লক্ষা গলাটা সামনে আগাইয়া এবং পা তথানি পিছনে
ছড়াইয়া ইহারা উভিয়া চলে। সন্ধার আগে একটু নজর
রাখিলে তোমাদের প্রামের বিল হইতে ইহাদিগকে চারি
পাঁচটায় ঝাক বাঁধিয়া উভিয়া যাইতে দেখিবে। চরিবার
সময়ে ইহারা একা-একাই চরে, কিন্তু, বাসায় ফিরিবার
সময়ে এবং বাসা হইতে চরিতে বাহির হইবার সময়ে ঝাঁক .
বাঁধে। একটা পানকোভি, সন্ধার সময়ে মাধার উপর দিয়া
উভিয়া যাইতেছে, ইহা আমরা প্রায়ই দেখি নাই।

কাক ও শানিকদের মতো পানকৌড়িরা প্রায় বারো
মাসই গাছের ভালে বসিয়া রাত কাটায়। ভার পরে ডিম
পাড়ার সময় আসিলে তাহাদের বাসা বাঁধার ধুম লাগিয়া
য়ায়। বকদের মতো পানকৌড়িরা বর্ষাকালেই ডিম পাড়ে।
তোমরা বোধ হয় পানকৌড়ির বাসা দেখ নাই। কাক ও
বকের বাসার মতই ভাহা খড়কুটা ও শুক্না ভালপালার
ত প বলিলেই চলে। বাসার প্রীভাঁদ একটুও দেখা য়য়
না। যাহা হউক, এই রকম বাসায় তা দিবার মতো একটু
জায়না করিয়া ভাহারা পাঁচ-ছয়ট করিয়া ডিম পাড়ে।

হাস

্ সমস্ত পৃথিবীতে হুই শত দশ উপজাতির হাঁস আছে। ইহাদের মধ্যে প্রায় সকলেই বনে-জনলে বাসা করিয়া থাকে;



হাঁস

নদী থাল বিল প্রভৃতি জলাশয়ে চরিয়া বেড়ায়; মানুষের কাছে বা প্রামে আসে না। তাই আমরা নব হাঁদের পরিচয় তোমাদের দিব না। পরিচয় দিলে ভোমরা তাহাদিগকে দেখিতে পাইবে না। কারণ, তাহাদের মধ্যে কেহথাকে আমেরিকার ও গাফ্রিকার জঙ্গলে, কেহথাকে তিব্বতের ও মধ্য-এশিয়ার জলাশয়ে।

হাঁদের চেহারাগুলি কি রকম, তাহা পাতিহাঁদ ও রাজ-

হাসের চেলারা দেখিলেই ভোমরা জানিতে পারিবে। ইহাদের পা-গুলি ছোটো এবং পায়ের আঙুল পাত্লা চামড়া দিয়া পরক্পর জোড়া। তাই ইহারা জলে সাঁতার দিতে পারে। ইাসেরা কি-রকমে জলের তলায় মাথা গুঁজিয়া খাবারের সন্ধান করে, তাহা বোধ হয় তোমরা দেখিয়াছ়। পানকৌড়িদের মতো ইহারা সম্পূর্ণ ভূব দেয় না। জলের তলায় খাবার সন্ধানের সময়ে তাহাদের শরীরের সম্মূখ ভাগ ও মাথা জলের তলায় যায় এবং পিছনটা থাকে জলের উপরে। এই রকমে খাবার সংগ্রহের স্থবিধার জন্ম হাঁসেদের পা থাকে শরীরের পিছন দিকে। তাই ইহারা মাটিতে হাঁটিয়া বেড়াইবার সময়ে অন্ম পাখীদের মতো তাড়াতাড়ি চলিতে পারে না। যাহা হউক, হাঁসেরা যখন হেলিয়া-তৃলিয়া চলিয়া বেড়ায় তথন তাহা দেখিতে মন্দ্র লাগে না। কিন্তু পাতিহাঁসদের সেই শ্পাক্ পাঁাক্" শব্দ একট্ও ভাল নয়।

হাঁসদের ঠোঁটের আকৃতি ভোমণা বোধ করি স্কলেই দেখিয়াছ। চড়াই বা চিলের ঠোঁটের সহিত হাঁসের ঠোঁটের একট্ও মিল নাই। জলের তলায় পাঁক হইতে পোকামাকড় ও গাছ-গাছড়া তুলিয়া খাইবার জন্ম ইছাদের ঠোঁট চেপ্টাও চওড়া। হাঁসদের জিভগুলিও খুব পুরু এবং ভাহার ছই পাশে আবার ছইটা মাংসের পিও খাকে। জলের তলার পাঁক ও কালা মুখে লইয়া ঐ মাংসপিও দিয়া যেই চাপ দেয়, অমনি কালা ঠোঁটের কাঁক দিয়া বাহির হইয়া যায়,—তখন

মুখে থাকে কেবল কাদার ভিতরকার ছোটো পোকামাকড়।

বৃষ্টির পরে পাতিহাঁদেরা যখন তোমাদের বাড়ীর উঠানের
কাদা ও জল চপ্ চপ্ করিয়া মুখে পৃরিতে থাকিবে, তখন
ভৌমুরা ইহা লক্ষ্য ক্রিয়ো। জিভের চাপে যাহাতে মুখের
কাদা ও জল বাহির হইয়া যাইতে পারে, ভাহার জন্ম হাঁদদের
ঠোটের পাশগুলি যেন করাতের মতো কাটা-কাটা থাকে।

^{*} আমরা পাতিহাঁসদের সম্বন্ধে আর বেশি কিছু বলিব না৷ গৰু, মহিৰ, ঘোড়া, উট প্রভৃতি জন্তুরা যেমন আমা-দের ঘরতে প্রাণী হইয়া দাঁড়াইয়াছে, পাতিহাঁসেরা ঠিক সেই রকম ঘরাও পাখা হইয়া পডিয়াছে। মামুষ, ডিম এবং মাংস থাইবার লোভে হাজার-হাজার বৎসর ধরিয়া পুষিয়া ও যত্ন করিয়া খাবার দিয়া, ইহাদের অবস্থা এমন করিয়া দিয়াছে যে. এখন তাহারা মান্তবের আশ্রয় ভিন্ন বাঁচিয়া থাকিতে পারে না। তোমরা বোধ হয় মনে কর, যেদিন গরু ছাগল মহিষ প্রভৃতি প্রাণীর সৃষ্টি হইয়াছিল, সেদিন হইতে তাহারা গোয়ালঘরে আসিয়া আমাদের হুধ জোগাইতেছে। কিন্তু তাহা ঠিক্ নয়। অতি-প্রাচীন কালে এই প্রাণীদের পূর্ব-পুরুষেরা বাঘ ভালুক হরিণ শিয়াল প্রভৃতির মতো বন-জঙ্গলেই চ্বিয়া বেডাইত, এবং সেখানেই তাহাদের বাচ্চাদের পালন করিত। বৃদ্ধিমান্ মাতুষ পৃথিবীতে জ্মিয়া তাহাদের ধরিয়া গোয়ালঘরে পুরিয়াছে এবং তাহাদের বাঁটের চুধটুকু কাড়িয়া খাইতেছে। কেবল ইহাই নয়, ভাহাদের দিয়া কেহ জমি

চাষ করিতেছে, কেহ গাডি টানাইতেছে, কেহ বাঁটের 'চুধ বাডাইতেছে, কেহ বা তাহাদের মাথার লম্বা শিংগুলাকে খাটো করিবার চেষ্টা করিতেছে। 'মানুষের কাছে থাকিয়া এখন ভাহাদের অবস্থা এমন হইয়াছে যে, মামুষ ছাড়া ভাহারা থাকিতে পারে না। বাঘ-ভালুকে তাড়া করিলে ভাহার। এখন দৌডাইয়া আত্মরক্ষা করিতে পারে না এবং শিং দিয়া গুতাইয়াশক্রকে মারিতে পারে না। কেবল গরুও মঁহিষ নয়, মানুষেরা এই রকমে ঘোড়া উট প্রভৃতি অনেক জন্তুর জাত নষ্ট করিয়াছে। এখন তাহাদের অনেকেরই পূর্ব্ব-পুরুষদের আর বনে-জঙ্গলে খোজ করিয়া পাওয়া যায় না। যাহাদের পাওয়া যায়' তাহাদের সংখ্যা বংসরে-বংসরে কমিয়া আসিতেছে। পাতিহাঁসদের সম্বন্ধে ঠিক এই কথাই বলা যাইতে তাহারা হাজার-হাজার বংসর মাসুষের কাছে থাকিয়া সবই হারাইয়াছে: এমন কি. উড়িবার শক্তিটুকু পর্যান্ত এখন ভাহাদের নাই। পৃথিবীর লোকে মিলিয়া দেশের সমস্ত পাতিহাসদের যদি আজ বনবাসে পাঠায়, তাহা হইলে বোধ হয় শিয়াল-কুকুরের হাতে পড়িয়া ছুই দিনেই তাহাদের বংশ লোপ হয়। কিন্তু ইহাদের পূর্ব্ব-পুরুষের সন্তান সন্ততিরা আজও বনে জঙ্গলে আছে। তাহারা উডিতে জানে: তাহারা বাসা বাঁধিয়া সন্তান পালন করিতে পারে: শক্ররা আক্রমন করিলে লুকাইয়া আত্মরক্ষা করিতে পারে। দেখ, মারুষদের হাতে পড়িয়া পাতিহাঁসদের কি

হর্দশা হইয়াছে। আনরা এই জগুই ইহাদের সহস্কে বৈশি কিছু বলিলান না। ইহারা মামুষের গড়া প্রাণী,—মামুষ নিজের দরকার ব্ঝিয়া.যেমন করিয়া গড়িয়াছে, ইহারা ক্রমে ঠিক্-সেই রকমটিই হইয়া লাড়াইয়াছে।

. চকাচকি .

চকাচকি হাঁদ জাতিরই পাথী। পূর্ববঙ্গের লোক ইহাদের বৃগ্ধি বলে। সংস্কৃতে ইহাদের নাম চক্রবাকু। হাঁদের জাতি হইলেও পাতিহাঁদের সঙ্গে ইহাদের চাল-চলনের একটও মিল নাই। তোমরা চকাচকি পাথী দেখ নাই কি ? ইহারা বারো মাস আমাদের দেশে থাকে না। অগ্রহায়ণ মাসে একটু ঠাণ্ডা পড়িলে ইহারা দল বাঁধিয়া আমাদের দেশে চরিতে আসে; তার পরে একট্ গরম পড়িলেই ভারতবর্ষ ছাডিয়া ঠাণ্ডা দেশে পালাইয়া যায়। চৈত্র মাসে ইহাদের আর আমাদের দেশে দেখা যায় না। দে-সময়ে তাহারা দল বাঁধিয়া তিব্বত ও মধ্য এশিয়ার ঠাণ্ডা জায়গায় উডিয়া যায়। পদার চরে শীতকালে আমরা অনেক চকাচকি দেখিয়াছি। খাল বা বিলে ইহারা চরিতে আসে না ৷ তোমাদের গ্রামের নদীতে চেষ্টা করিলে হয়ত শীত-কালে ইহাদের দেখিতে পাইবে। ইহারা প্রায়ই চুইটায় মিলিয়া এক দঙ্গে চরিয়া বেড়ায় ; মানুষের পায়ের একটু শব্দ পাইলেই ফস্ করিয়া উড়িতে আরম্ভ করে।

চকাচকিদের চেহারা নিতান্ত মন্দ নয়। ইহাদের মাধার পালকের রঙ্ সাদাটে; ডানা লেজ ঠোঁট্ এবং পা কালো। ইহা ছাড়া শরীরের অ্যু অংশ খয়েরি রঙের পালকে ঢাকা থাকে। তাই দূর হইতে চকাচকিদের খয়েরি রঙের পাথী বলিয়াই মনে হয়। ইহারা নিতান্ত ছোটো পাখী নয়,— লম্বায় ইহাদিগকে দেড় হাত প্রয়ন্ত হইতে দেখিয়াছি।

• হাঁদের মাংস স্থান্ত। তাই বন্দুক হাতে লইয়া শিকারীরা দুলে দলে হাঁস শিকার করিবার জক্ত শীতকালে বাহির হয়। প্রতি বৎসরে যে কত হাঁস শিকারীদের বন্দুকের গুলিতে মারা যায়, তাহা বোধ হয় গুলিয়াই শেষ করা যায় না। কিস্তু চকাচকিদের কাছে শিকারীরা প্রায়ই হার মানে। অনেক দূর হইতে মানুষ আসিতেছে দেখিলেই, ইহারা উড়িয়া পালায়। তাই শিকারীরা বনে-জন্সলে লুকাইয়া থাকিয়া চকাচকি শিকার করে।

ডুবুরি ও নকি-হাস

ভূব্রি হাঁসদের বোধ করি তোমরা দেখিয়াছ। আমালের দেশের ছোটো পুকুর ও খালেও ইহাদের তুই-চারিটাকে প্রায়ই দেখা যায়। আকারে ইহারা দশ-বারো আঙুলের বেশি হয় না। হাঁসমাত্রেরই লেজ ছোটো। আবার ভূব্রিদের লেজগুলি এত ছোটো যে, তাহাদের লেজহীন বলাও চলে। তাই ইহারা ভালো করিয়া উড়িতে পারে না। তাড়া করিলে জলে ভূব দেয় এবং ডুব সাঁতার কাটিয়া অনেক দ্রে পালাইয়া যায়। তোমরা এই হাঁসদের দেখ নাই কি ? যখন খাল বা বিলের জলে ইহারা সাঁতার কাটে, তখন মনে হয়, কতকগুলি খেলনার হাঁসকে যেন কে জলে ছাভিয়া দিয়াছে।

ভুব্রি হাঁদদের মাধা কালো পালকে ঢাকা থাকে। কিন্তু ব্কের পালক খয়েরি এবং পেট সাদা। তাই দুর হইতে ইহাদিগকে খয়োর রঙের পাখী বলিয়াই মনে হয়। ইহাদের ভানা অভান্ত ছোটো। শুনিয়াছি, সাঁভার দিবার সময় ইহারা পাও ভানা দিয়া জল কাটে। আমরা ভুবুরিদের কথনই * ডাণ্ডায় উঠিয়া বেড়াইতে দেখি নাই। বোধ করি ভানা ছোঁটো এবং লেজ নাই ৰলিয়া ইহারা ডাণ্ডায় উঠিতে ভয় পায়।

অধিকাংশ বুনো হাঁসেই শীতকালে আমাদের দেশে চরিতে আ<u>দে</u> এবং গ্রীম পড়িলে ঠাণ্ডার দেশে চলিয়া যায়। কিস্তু ভূবুরির। তাহা फैरের না। ইহারা বারো মাসই আমাদের দেশে থাকে এবং এখানেই ডিম পাড়ে ও সন্থান পালুন করে। ্তোমরা হয় ত ভাবিতেছ ইহারা অস্ত পাখীদের মতো গাছের ভালে খড়কুটা জমা করিয়া বাসা বাঁধে। কিন্তু ভূবুরিদের •-বাসা তৈয়ারি করার রীতি সে-রকম নয়। ইহারাব্যাকালে ডিম পাডে। ঐ সময়ে খাল ও বিলের মধ্যে কভ ঝোপ-জঙ্গল থাকে, তাহা বোধ করি তোমরা দেখিয়াছ। ভ বুরিরা এসব *জল*লের মাথায় গুক্না শেওলা ও খড়কুটা জড করিয়া দেখানে ডিম পাডে। তা ছাডা জলে যে ডালপালা ভাসিয়া বেড়াইভেছে, ভাঙার উপরে খড়কুটা পাতিয়া ডুব্রিরা ডিম পাড়িয়াছে, ইহাও অনেক দেখা গিয়াছে। ডিম পাড়া হইলে ডিমে তা দিবার জন্ম পাখীরা কি-রকম বাস্ত থাকে. তাহা তোমরা আগে শুনিয়াছ। কিন্তু ডিমে তা দিবার জন্ম ড বুরিদের সে-রকম বাস্ত দেখা যায় না। দিনের বেলায় ইহারা ভিজে শেওলা দিয়া ডিমগুলিকে ঢাকিয়া রাখে। তার পরে রাত্রি হইলে বাসায় গিয়া ভায়ে বসে।

নকি-হাঁস বোধ করি ভোমরা সকলে দেখ নাই। ইহাদের কেহ কেহ নক্তা-হাঁসও বলে। ইহারা বারো মাসই আমাদের দেশে বাস করে এবং আমাদের দেশেই ডিম পাঁড়িয়া সস্তান পালন করে। নকি-হাঁসদের চেহারা ভারি অভুত।
ইহাদের মাথার পালকের রঙ্ সাদা। কিন্তু সেই সাদার
উপরে অনেক কালো ছি টা-ফোঁটা দেখা যায়। পুরুষ নকিহাঁসদের চোঁটের উপরে আবার চাম্ড্রে চ্টার মতো একটা
অংশ থাকে। বর্ষার শেষে যখন ডিম পাড়ার সময় আদে,
তথন সেই চ্ড়াটি বড় হয়। তাই ঐ সময়ে নকি-হাঁসদের
পুরুষগুলিকে দেখিতে অভুত লাগে।

এই হাঁদের। জলের ধারে, গাছের কোটরে খড়কুটা পাতিয়া ডিম পাড়ে। এক-একটা বাদায় কগনো কখনো দশ বারোটা করিয়া ডিম দেখা যায়।

চকাচকি ও ডুব্রিরা চরিবার সময়ে প্রায় ছই-ভিনটির বেশি একত্র থাকে না। কিন্তু নকি-হাসদের আমরা দশ-বারোটাকে এক সঙ্গে থাকিয়া চরিতে দেখিয়াছি।

আমরা যে-সব হাঁসের কথা বলিলাম, সে-গুলি ছাড়া অনেক বুনো হাঁস শীতকালে আমাদের দেশে চরিতে আসে। তুলসিয়া বিগ্রির নামে হাঁস তোমরা দেখিয়াছ কি ? এগুলি খয়েরি রজের বেশ বড় পাখী। ইহারা শীতকালে বাংলা দেশে চরিয়া বেড়ায়, এবং গরম পড়িলেই উত্তরের ঠাঙা দেশে চলিয়া যায়। কাজেই, ইহারা কি-রকম বাদা বাঁধে এবং কিরকমে সন্তান পালন করে, তাহা আমরা আনাতে পারি না। ইহা ছাড়া শাকনল, নাল বিগ্রি প্রভৃতি আরো কয়েক জাতি

বুনো হাঁস ভোমরা প্রামের খালে বিলে ও বড় পুদ্ধরিণীতে থোঁজ করিলে শীতকালে দেখিতে পাইবে। শাঁকনগদের মাথার রঙ গোলাবি এবং গা বাদামি। এই রকম হাঁসদের জানেকেই কেবল কয়েক মাগের জন্ম আমাদের দেশের অভিথি হয়, ভাই ভাহাদের খুঁটিনাটি সব বাগের লক্ষ্য কয়ি হইয়া পড়ে

শরাল ও বালি-ইাস

শরাল ও হাঁসদের ভোমরা দেখিয়াছ কিনা জানি না।
ইহারা ঠিক্ হাঁস-জাতির পথী নয়। কিন্তু চাল-চলন এবং
নাত্রাইবার ভঙ্গী হাঁসদেরই মতো। শরালেরা বেশ বড়ু
পাখী। লখায় ইহারা এক হাত প্রান্ত হয়। ইহাদের মাথা
ও লেজের রঙ্ যেন কতকটা খয়েরি। ডানা বেশ লখা-চৌড়া
কিন্তু লেজ ছোটো। বোধ করি লেজ ছোটো বলিয়াই ইহারা
ভালো করিয়া উড়িতে পারে না। কিন্তু ডুব দেওয়াতে
ও নাঁতারে ইহারা খুব পটু।

শরাল পাখীরা গাছের কোটরে বাসা করে। আবার কখনো কখনো নদীর ধারের উচু জায়গায় গর্ভ করিয়াও,ইহাদিগকে ভিন পাভিতে দেখা যায়। ইহাদের ভিনের সংখ্যা
প্রায়ই আট-দশটা পর্যান্ত হয়। কোনো পাখী বাসা ছাভিয়া
পালাইয়া গিয়াছে, এবং সেই বাসায় অন্ত পাখী আসিয়া ভিম
পাড়িতেছে, ইহা প্রায়ই দেখা যায় না। কিন্তু শরাল পাখীরা
কখনো কখনো অন্ত পাখীর ভাঙা বাসা মেরামভ করিয়া
ভাহাতে ভিম পাড়িয়াছে, ইহাও দেখা গিয়াছে।

্শরাল হাঁসেরা কখনই একা একা চরিয়া বেড়ায় না।
কাঁকে কাঁকে আসিয়া ইহাদিগকে এক-একটা বড় জলাশয়ে
কিছু দিন ধরিয়া বেড়াইতে দেখা যায়। সেখানকার খাবার
ফুরাইলে তাহারা অন্ত জলাশয়ে যায়। কাঁকে ঝাকে থাকে
বলিয়া শিকারীদেম করিতে এই পাখীরা যত মারা
পড়ে অন্তরা বোধ করি তত মরে না।

় বালি-হাঁদের। বারো মাদেই আমাদের দেশে থাকে।
ইহারাও শরাল হাঁদদের মতো জলাশয়ের ধারে গাছের
কৌঁটরে বালা করিয়া ডিম পাড়ে। কিন্ত ইহাদের ডিমের
সংখ্যা হয় অনেক। কখনো কখনো এক-একটা বালায় তেরোচৌদ্দটা পর্যান্ত ডিম দেখা গিয়াছে। বালি-হাঁদের বাচ্চারা
ডিম হইতে বাহির হইয়াই জলে নামিয়া গাঁভার দেয় কিন্ত
ভখন উড়িতে পারে না। তাই ধাড়ী পাখী বাচ্চাদের ঘাড়ে
করিয়া নাকি জলে নামাইয়া দেয়। তার পরে উহারা
আনন্দে গাঁভার কাটিয়া বেড়ায়। আমাদের দেশের বড় বড়
জলাশয়ে বালি-হাঁদের এই রকম ছানা অনেক সময়ে দেখা
য়ায়।

কড়-হাঁস

কড়-হাঁসদের কেহ কেহ কলহংস বলেন। সংস্কৃতে
ইহাদের নাম কাদন্ত। কড়-হাঁসেরা বারো মাদ আমাদের
দেশে থাকে না। কাজেই ইহারা কি-রকমে বাসা তৈয়ীদ্ধি
করে এবং কতগুলি করিয়া ডিম পাড়ে, এ সব খবর ভোমাদিগকে দিতে পারিব না। বংসরের অধিকাংশ সময়ই এই
হাঁসেরা সাইবেরিয়া ভিরবত প্রভৃতি শীতপ্রধান দেশে থাকিয়া
কবল শীতকালের কয়েকটা দিন আমাদের দেশে থাকিয়া
মাঘ মাসের শেষেই আবার নিজেদের দেশে চলিয়া যায়।
ইহারা একট্ও গরম সহা করিতে পারে না।

কড়-হাঁস তোমরা দেখ নাই কি । শীতকালে এামের খালে বা বিলে ইহাদের অনেককে চরিতে দেখা যায়। যথন ইহারা উড়িয়া এক জলাশয় হইতে অহ্য জলাশয়ে যাওয়া । আসা করে' তখন কাক ও শালিকদের মতো এলো মেলো ভাবে ব'কি বাঁধে না। তোমরা ডিল করিবার সময়ে সারি দিয়া দাঁড়াইয়া যেমন কাওয়াজ কর, কড়-হাঁসেরা সেই রকম সারি দিয়া ক্রিকোণাকারে উড়িয়া চলে। তোমরা হাঁসদের

এই রকম ত্রিকোণ হইয়া উড়িতে দেখ নাই কি ? তোমাদের বাড়ীর কাছে যদি বড জলাশয় থাকে, তবে লক্ষা করিলে সন্ধার সময়ে কড হাঁসদের ঐ রকমে উড়িয়া যাইতে দেখিবে। যথন সাইবেরিয়া ও তিবত হইতে আমাদের দেশে চরিতে আরে: তখনো ইহার+ ঐ রকম ত্রিকোন হইয়া উড়িয়া চলে। সে-সময়ে রাত্রিদিন, তাহাদের চলার বিরাম থাকে না। ্সাইবেরিয়ার মাঠ হইতে বাহির হইয়া তাহারা কি-রক্মে প্র চিনিয়া বাংলা দেশের খাল বিল ও নদীতে আদে, তাহা অভীজিও ঠিক্জানা যায় নাই। মরুজ্মির ভিতর দিয়া বা সমুদ্রের উপর দিয়া দূরদেশে যাইবার সময়ে পাছে পথ ভুল হয়, এইজন্ম আমরা কম্পাদ, ম্যাপ এবং আরো কভ যন্ত্র ব্যবহার করি। তথাপি পথ ভুল হওয়ায় সময়ে সময়ে আমাদের বিপদে পড়িতে হয়। কিন্তু এই ছোটো পাখীরা কখনো কখনো মাটি হইতে এক মাইল উপর দিয়া উড়িয়া চলিয়াও পথ ভুলে না,—ইহা দেখিয়া সতাই অবাক হইতে **5**हा .

কড়-হাঁদেরা আকারে কথনো কখনো দেড় হাত পর্যাস্ত লম্বা হয়। ইহাদের াপঠ, ঘাড় ও মাধার পালকের রঙ্ কতকটা খয়েরি এবং বৃক ও পেটের রঙ্ ধূদর। ঠোঁট ও পায়ের রঙ্ হল্দে।

ঘরাও পাখী

. পাতিহাঁসেরা আমাদের ঘরাও পাখী। ইহাদের পূর্বপূরুষ ছিল বুনো হাঁস। মামুষ শত শত বংসর ধরিয়া, ঘরেরাখিয়া পূষিয়া তাহাদের কি-রকম চুর্গতি করিয়াছে, তাহা
তোমাদিগকে আগেই বলিয়াছি। এখন বুনো পূর্বীপূরুষদের মতো ইহারা উড়িতে পারে না এবং শক্রের হাত
হইতে নিজেদের রক্ষাও করিতে পারে না। কেবল পাতিহাঁদেরাই যে আমাদের ঘরাও পাখী, তাহা নয়। মুরয়ী,
পায়রা, টর্কি, গিনি-ফাউল, রাজহাঁস— ইহারাও আমাদের
ঘরাও পাখী।

মানুষের ঘরে শত শত বংসর যত্নে পালিত হইরা এখন
মুবনীরা কেবল গণ্ডার গণ্ডার ডিম পাড়িতেই পারে। কিরকমে উড়িতে হয়, কি-রকমে বাসা তৈয়ারি করিতে হয়, এ
সব ব্যাপার সকলি তাহারা ভুলিয়া গিয়াছে। মুবনীদের
পূর্ব-পুরুষ ছিল, আজ-কালকার বস্ত-কুরুটেরা। মধ্য
ভারতের বনে-জঙ্গলে এখনো ইহাদের দেখা যায়। সেখানে
ভাহারা আজও ফুন্দর উড়িয়া বেড়ায় এবং বাসা তৈয়ারি
করিয়া ডিম পাড়ে।

্মৃকি, লোটন, লকা' গেরোবাজ, পরপাও,—এই রকম কত নামের কত পায়রা আমরা বাজারে বিক্রেয় হইতে দেখিতে পাই। এগুলি সবই ঘরাও পাখী। মধ্য-এশিয়া ও চুীন দেশের এক রকম গোলা পায়রাই ইহাদের পূর্ব্ব-পূরুষ' মামুষ শৃত কংসর চেষ্টা করিয়া ঐ বৃনো পায়রা ইইতে কৃড়ি-পাঁচিশ উপ-জাতির ঘরাও পায়রা উৎপন্ন করিয়াছে। এখন যদি তোমাদের পোষা গেধোবাজ বা লকাকে জঙ্গলে ছাড়িয়া দিয়া আইস, তাহা হইলে বোধ করি তাহারা মু'-দিনের জন্মও আত্মরকা করিয়া সেখানে বাঁচিয়া থাকিতে পারিবে না। পূর্ব্ব-পূরুষ গোলা পায়য়াদের উড়িয়ার প্রণালী, বাসা তৈয়ারির কৌশল, সকলি তাহারা মামুষের ঘরে থাকিয়া ভূলিয়া গিয়াছে।

আজকাল অনেকে যে টার্কি পাখী পুষিয়া থাকে, চারিশত বংসর পূর্বেব পৃথিবীর লোকে তাহাদের অন্তিও জানিত না।

-আমেরিকার মেজিকো প্রদেশের এক ব্নো পাখীকে ঘরাও করিয়া মানুষ এই কিন্তুত্কিমাকার টার্কি পাখীদের উৎপন্ন করিয়াছে। ইহাদের ব্নো পূর্ব্বপুরুষদের এখন আর দেখাই যায় না। মাংসের লোভে মানুষগুলি মারিয়া তাহাদিগকে নিংশেষ করিয়া দিয়াছে।